কুলশাস্ত্রদীপিকা

(অর্থাৎ রাজা আদিশূর কর্ত্তৃক আনীত পঞ্চ
ব্রাহ্মণ হইতে বারেন্দ্রদিগের উৎপত্তি
ও তাহাদিগের বংশাবলী)

কুচবিহারের ভূতপূর্ব্ব সিভিল ও সেসনস্ জজ্ ও কুচবিহার ষ্টেট
কৌন্সিলের অন্যতম সদস্য

রায় বাহাদুর

শ্রীযাদবচন্দ্র চক্রবর্ত্তী প্রণীত

দ্বিতীয় সংস্করণ

(সংশোধিত ও পরিবর্দ্ধিত)

কলিকাতা :

হরিমোহন লাইব্রেরী,

২৯, কর্ণওয়ালিস্ ষ্ট্রীট।

১৩১৪

মূল্য দুই টাকা মাত্র।

প্রথমবারের বিজ্ঞাপন।

নানা কারণে বঙ্গসমাজে কৌলীন্য মর্য্যাদার হতাদর, ও তৎসঙ্গে কুলশাস্ত্রের আলোচনা বিলুপ্তপ্রায় হইয়া আসিতেছে। অর্থহীন হউক, মূর্খ হউক, বৃদ্ধ বা জরাগ্রস্ত হউক, কুলীন সন্তানে অষ্টম বর্ষীয়া কন্যাদান করিয়া গৌরীদানের ফল লাভ করিব, এবং কুলগৌরব বৃদ্ধি করিব, এরূপ ভাব সুশিক্ষিত বঙ্গ সমাজে আর বর্ত্তমান নাই। অর্থশালী, সদ্বিদ্বান, সদাচার ও শ্রীমন্ত বর অকুলীন হইলেও সমাজস্থ সকলেই সাদরে তাঁহাকে কন্যা দান করিতে যত্নবান হইতেছেন। বল্লাল সেন যে মূল সূত্র, অর্থাৎ "আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠা তীর্থ দর্শনং, নিষ্ঠা শান্তিস্তপোদানং নবধা কুললক্ষণং," অবলম্বন করিয়া কৌলীন্য প্রথা প্রবর্ত্তন করিয়াছিলেন, সেই সূত্রানুসারে বঙ্গসমাজের আধুনিক সুশিক্ষিত সম্প্রদায়কে কোন অংশেই দোষী করা যাইতে পারে না। কৌলীন্য নিয়ম চিরস্থায়ী ও পুরুষানুক্রমিক না হইয়া, যদি সময়ে সময়ে সামাজিকবর্গের দোষগুণ পরীক্ষান্তর নূতন নূতন সিদ্ধান্ত হইবার নিয়ম থাকিত, তাহা হইলে কৌলীন্য প্রথার এরূপ দুরবস্থা না হইয়া, বল্লালসেনের অভিলষিত সুফলই এই প্রথা হইতে উদ্ভব হইত। বঙ্গদেশে হিন্দুরাজগণ অধিকারচ্যুত হইয়া যদি ভিন্ন ধর্ম্মাবলম্বী ও হিন্দু-বিদ্বেষী যবন ও ইংরাজরাজগণের দাসত্বশৃঙ্খলে নিবদ্ধ না হইতেন, তাহা হইলে নিশ্চয়ই কৌলীন্য প্রথা রাজ নিয়মের অধীন হইয়া সমাজের উন্নতি সাধন করিত। কিন্তু হায়! সে সুখ স্বপ্ন আর সফল হইবার নয়। বঙ্গাধিপ লক্ষণ সেনের সহিত বঙ্গের যে স্বাধীনতাসূর্য্য অস্তমিত হইয়াছে, তাহা আর বঙ্গীয় গগনে পুনরুদিত হইল না। তবে আজ কাল ইংরাজ ভূপতিগণের যত্নে ও পাশ্চাত্য বিদ্যার আলোচনার প্রভাবে জাতীয় গৌরব ও স্বাধীনতার স্বর্গীয় ভাব সুশিক্ষিত দলের মনোমধ্যে দিন দিন আবির্ভূত হইতেছে, দৃষ্টি করিয়া আমরা কথঞ্চিৎ উৎসাহিত ও পূর্ণ মনোরথ হইতে পারি। কৌলীন্য প্রথা সামাজিক নিয়ম মাত্র। আমাদিগের দেশের ক্ষমতাশালী, ধনবান, সম্মানিত ও সদ্বিদ্বান মহোদয়েরা পরস্পর সম্মিলিত হইয়া এক বাক্যে নূতন নূতন সামাজিক নিয়ম সংস্থাপন করিলে, সময়ে পরিবর্ত্তিত নিয়মে কৌলীন্য প্রথার পুনরুত্থান হইতে পারে; কিন্তু সে বহু দূরের কথা।

আপাততঃ কৌলীন্য মর্য্যাদার হতাদর ও দুর্দ্দশার সঙ্গে সঙ্গে কুলশাস্ত্রের আলোচনাও বিলুপ্ত প্রায় হইয়াছে। এক্ষণে যেরূপ দৃষ্ট হইতেছে, তাহাতে নিশ্চয় বলা যাইতে পারে যে, কুলশাস্ত্রের আলোচনা ও কুলজ্ঞের ব্যবসায় অল্পদিনের মধ্যেই একেবারে বিলুপ্ত হইয়া যাইবে।

জেলা রাজসাহীর অন্তর্গত মাঝগাঁ নামক গ্রামে, ও জেলা পাবনার অন্তর্গত ভারেঙ্গা গ্রামে বহুসংখ্যক কুলজ্ঞ পরিবারের বসতি আছে। আমি ঘটনাধীন ভারেঙ্গা নিবাসী হওয়ায়, বিশেষ অনুসন্ধানে জানিতে পারিয়াছি যে, অতি অল্প সংখ্যক কুলশাস্ত্রের ব্যবসায়ী এক্ষণে বর্ত্তমান আছে। সমাজে কৌলীন্য প্রথার অনাদর হওয়াতে, ও বিবাহ ঘটনাদি প্রাচীন কৌলীন্য প্রথার বিপরীতে কুলজ্ঞেতর অন্যান্য ব্যক্তি দ্বারা সম্পাদিত হওয়াতে, কুলজ্ঞগণের ব্যবসায়ে আর পূর্ব্বের মত সম্মান বা লাভালাভ নাই; সুতরাং কুলজ্ঞ অর্থাৎ ঘটকগণের সন্তান সন্ততিগণ সকলেই পুরুষানুক্রমিক কুলজ্ঞের ব্যবসায় পরিত্যাগ করিয়া অর্থ ও সম্মানপ্রদ রাজসেবা বা অন্যান্য ব্যবসায় অবলম্বন করিয়াছেন; কুলশাস্ত্রের আর সেরূপ আদর নাই। কুলজ্ঞগণের গ্রন্থাদির প্রতি আর সেরূপ যত্ন নাই। আমার দৃঢ় বিশ্বাস এই যে, এই সকল বহু মূল্যবান হস্ত লিখিত গ্রন্থ, অতি অল্প দিন মধ্যেই আর প্রাপ্ত হওয়া যাইবে না। ইহা অবোধ বালকগণের ক্রীড়ার সামগ্রী হইয়া চিরবিনাশ প্রাপ্ত হইবে। অতঃপর লক্ষ লক্ষ মুদ্রা ব্যয় করিলেও উহার একটী কীট-ক্ষত পত্রের শেষাংশও প্রাপ্ত হওয়া যাইবে না। উপর্য্যুক্ত গ্রন্থ গুলি কি, ও তাহাতে কোন্ কোন্ বিষয় লিখিত আছে, তাহা এস্থলে ব্যক্ত করা উচিত।

১। কুলশাস্ত্র:—আদিশূর রাজা কি কারণে ও কি প্রকারে কান্যকুব্জ হইতে পঞ্চগোত্রের পঞ্চ ব্রাহ্মণ আনয়ন করিয়াছিলেন; তাঁহাদের সন্তান সন্ততির মধ্যে কোন্ কোন্ ব্যক্তি রাঢ় ও বারেন্দ্র ভূমিতে বাস করিয়াছিলেন; কে কে কোন্ গ্রামে বসতি করিয়াছিলেন; গ্রামীন্ অর্থাৎ গাঁই শব্দের উৎপত্তি কিরূপে হইল; বল্লাল সেন কি কি কারণে ও কি প্রকারে কুলীন ও শ্রোত্রীয়ের শ্রেণী বিভাগ করিলেন; কাপ কিরূপে সৃষ্ট হইল; পঠী, মেল, ধারা কিরূপে হইল, এই সমুদয় বিষয় উক্ত শাস্ত্রে বর্ণিত আছে। পাঠকগণ মনে করিবেন না যে এক খানি মাত্র পুস্তকে সুপ্রণালীতে উপরি উক্ত বিষয়গুলি লিখিত আছে।

৮১০ খানি পুস্তক একত্র করিয়া তাহার সার সঙ্কলন করিলে, ঐ সকল বিষয়ের তত্ত্ব প্রাপ্ত হওয়া যাইতে পারে।

২। বংশাবলীঃ—এ গ্রন্থের সংখ্যাও ৭১৮ খানি। ইহাতে যাবতীয় বিশিষ্ট বারেন্দ্র শ্রেণী ব্রাহ্মণের বংশাবলী লিখিত আছে। কিঞ্চিৎ বিশেষ যত্ন ও কষ্ট স্বীকার করিলেই, আদিশূরের আনীত ভট্ট নারায়ণ প্রভৃতি পঞ্চ গোত্রের পঞ্চ ব্রাহ্মণ হইতে বর্ত্তমান সময় পর্য্যন্ত, বিশিষ্ট বারেন্দ্র শ্রেণী ব্রাহ্মণ মাত্রেরই বংশাবলী প্রাপ্ত হওয়া যাইতে পারে। পূর্ব্বে লিখিত গ্রন্থের সাহায্যে আমি যত্ন করিয়া আমাদিগের পরিবারের যে বংশাবলী* প্রস্তুত করিয়াছি, তাহা দৃষ্টি করিলেই, এই সকল গ্রন্থ যে কত মূল্যবান ও বারেন্দ্র শ্রেণী মাত্রেরই ঐ গ্রন্থগুলিকে চিরবিনাশ হইতে রক্ষা করা যে কতদূর কর্ত্তব্য, তাহা প্রতীয়মান হইবে। বংশাবলীর গ্রন্থগুলি সর্ব্বাপেক্ষা অধিক মূল্যবান। ইহা দুষ্প্রাপ্য হইলে বঙ্গীয় যুবকগণ আপনাপন প্রপিতামহ, কি প্রমাতামহাদির নাম কয়েক বৎসর পরে আর বলিতে পারিবেন না। প্রাচীন কালে প্রতি পরিবারেই নাম শ্লোক পাঠের একটী সুনিয়ম ছিল। প্রতিদিন সন্ধ্যার পর পরিবারস্থ প্রাচীনবর্গের মধ্যে কোন ব্যক্তি আপন বাটীর বালকগণকে একত্র করিয়া, প্রত্যেককে "তোমার নাম কি, কাহার পুত্র, কাহার পৌত্র, কাহার প্রপৌত্র, কাহার বৃদ্ধ প্রপৌত্র, কাহার দৌহিত্র, কাহার প্রদৌহিত্র, কাহার বৃদ্ধপ্রদৌহিত্র ইত্যাদি; ও কোন্ গাঁই কোন্ ধারা, কাহার সন্তান, কোন্ বেদ, কোন্ গোত্র, কয় প্রবর" ইত্যাদি প্রশ্ন সকল জিজ্ঞাসা করিতেন, এবং তাহার উত্তর মুখস্থ করাইয়া দিতেন। পাশ্চাত্য সভ্যতার প্রভাবে এক্ষণে এ নিয়ম দূরীভূত হইয়াছে। বংশাবলীর গ্রন্থগুলি যত্নের সহিত সুরক্ষিত না হইলে, বোধ হয় অতঃপর পার্ব্বণ শ্রাদ্ধাদি ক্রিয়া দুষ্কর হইয়া পড়িবে। ইউরোপীয় যে সকল সভ্য জাতির অনুকরণ করিয়া আমরা নাম শ্লোকাদি পাঠের সুনিয়ম পরিত্যাগ করিয়াছি, পাঠকেরা অনেকেই অবগত আছেন যে, সেই সকল সভ্যজাতির মধ্যে বংশাবলী ও করণাদি গ্রন্থের বিশেষ সমাদর, ও এই ব্যবসায়ের অত্যন্ত গৌরব ও সম্মান আছে। ইংরাজী হেরাল্‌ড্রী গ্রন্থ অত্যন্ত মূল্যবান। তাহাতে বিশিষ্ট ব্যক্তি মাত্রেরই বংশাবলী ও করণাদির বিষয় লিখিত আছে। ইংলণ্ডাদি সভ্য দেশে

* পরিশিষ্ট দ্রষ্টব্য।

হেরাল্‌ড্রীর রীতিমত আফিস আছে। পরিবারের বংশাবলীতে নিয়ত নূতন নূতন নাম যোগ হইতেছে। বিবাহাদি যথাসময়ে লিখিত হইতেছে। যাঁহারা এই ব্যবসায়ে নিযুক্ত আছেন, সমাজ মধ্যে তাঁহাদিগের বিশেষ সম্মান আছে। নিয়মমত ফিস প্রদান করিলে, বংশাবলী ইত্যাদি সম্বন্ধে যাহা জানিতে চান অনায়াসে ও অবিলম্বে তাহা জানিতে পারেন। যে সকল জাতি সহস্র বৎসর পূর্ব্বে বনচারী পশুবৎ অসভ্যাবস্থায় ছিল, তাহারাই যদি আপনাপন বংশাবলী, বংশ গৌরব ও আভিজাত্য সম্বন্ধে এত দূর যত্নশীল, তবে পৃথিবী মধ্যে বিদ্যা, বুদ্ধি, ধর্ম্মজ্ঞান ও বলবীর্য্যে যে আর্য্যজাতি সর্ব্বশ্রেষ্ঠ ও যে আর্য্যজাতির মধ্যে আবার ব্রাহ্মণ জাতি প্রথম স্থানীয়, আমরা সেই ব্রাহ্মণ বংশোদ্ভব হইয়া কি আমাদের গৌরবান্বিত বংশাবলীর রক্ষণাবেক্ষণ জন্য উপায় বিধান করিব না? না করিলে আমরা আর্য্য নামের উপযুক্ত নই—আমরা জগদ্বিখ্যাত ব্রাহ্মণ জাতির জীবন্ত কলঙ্ক স্বরূপ।

৩। করণ :—কোন্ পরিবারের সহিত কোন্ পরিবারের করণ অর্থাৎ বিবাহ সম্বন্ধ নিবদ্ধ হইয়াছে, তাহা এই গ্রন্থে বর্ণিত আছে। এতদ্ব্যতীত বালিয়াটী সমাজের উদয়নাচার্য্য ভাদুড়ী কিরূপে কুলীন ও কাপের করণ ও শ্রোত্রীয়ের ফোঁটার ব্যবস্থা করিলেন, তদ্বিবরণ ইহাতে প্রাপ্ত হওয়া যাইবে। এ গ্রন্থের সংখ্যাও অনেক।

বহুদিন হইতে আমি উপর্য্যুক্ত বঙ্গদেশীয় বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ মাত্রেরই স্ব স্ব পরিবারের গৌরবার্হ মূল্যবান পুস্তকগুলি মুদ্রাঙ্কণ করিয়া চির বিনাশের হস্ত হইতে রক্ষা করার উপায় চিন্তা করিতেছি। অনেক বিবেচনা করিয়া এইরূপ স্থির করিয়াছি যে, আগামী বৈশাখ হইতে ৮ পেজি ফর্ম্মায় ৪৮ পৃষ্ঠার একখানি "কুলশাস্ত্র দীপিকা" নাম্নী মাসিক পত্রিকা বাহির করিব। উহার ন্যূনাধিক ৪০ পৃষ্ঠায় কুল শাস্ত্রোক্ত বংশাবলী ও করণাদি গ্রন্থ ঠিক যেরূপ আছে, কোন পরিবর্ত্তন না করিয়া আপাততঃ তাহা ছাপান হইবে। বংশাবলী ও করণাদি গ্রন্থ কেবল মৃত ব্যক্তিগণের নামে পরিপূর্ণ। অমুকের পুত্র অমুক, অমুকের সহিত অমুকের করণ, এই প্রকার কথা ব্যতীত উহাতে অন্য কিছুই নাই। সুতরাং কেবল ঐ সকল কথায় মাসিক পত্র পরিপূর্ণ করিলে, তাহা সাধারণের হৃদয়গ্রাহী হইবে না। তজ্জন্য ব্রাহ্মণ জাতির আদি বৃত্তান্ত, গোত্রপ্রবর্ত্তক

ঋষিগণের সহিত আদিশূরের আনীত ভট্টনারায়ণ প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণের সম্বন্ধ নির্ণয়, বঙ্গদেশস্থ বারেন্দ্র শ্রেণীভুক্ত প্রধান প্রধান রাজা জমীদারের পারিবারিক ইতিহাস ইত্যাদি এই মাসিক পত্রে থাকিবে। পত্রের বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা অবধারিত হইবে। ভরসা করি, স্বস্ব পরিবারের গৌরব রক্ষায় যত্নবান, সদ্বিদ্বান ও কথঞ্চিৎ ধনশালী বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ মাত্রেই এই পত্রিকা গ্রহণ করিবেন ও তাঁহাদিগের আত্মীয় স্বজন ও বন্ধু বান্ধব যে কেহ এই পত্রিকা লইবার উপযুক্ত হন, তাঁহাদিগকে এই পত্রিকা লওয়াইবেন। অন্যূন ৫০০ শত গ্রাহক হইলে বৈশাখ মাস হইতে পত্রিকা প্রকাশিত হইবে।

আমি এ পর্য্যন্ত সাধ্যমত নিজ ব্যয়ে কুলশাস্ত্র সম্বন্ধীয় কতক কতক গ্রন্থ সংগ্রহ করিয়া, তাহা নকল করাইতে প্রবৃত্ত হইয়াছি। তজ্জন্য মাসিক ৬০।৭০ টাকা ব্যয় হইতেছে। এতদ্ব্যতীত গ্রন্থস্বামীদিগকেও কিছু কিছু অর্থ প্রদান করিতে হইবে। প্রথমে কেবল বারেন্দ্র শ্রেণী ব্রাহ্মণগণের কুলশাস্ত্র সম্বন্ধীয় যে কোন গ্রন্থ প্রাপ্তব্য, তাহাই মুদ্রাঙ্কণ করা আমার উদ্দেশ্য। সেই উদ্দেশ্য সফল কামনায় আমি ভারেঙ্গা নিবাসী কুলজ্ঞগণের গ্রন্থ সকল সংগ্রহ করিয়াছি। কাগজটী কিরূপ চলে তাহা দেখিয়া অল্পকাল মধ্যে মাঝগ্রাম, বিক্রমপুর, ভারেঙ্গা ও কলিকাতা অঞ্চলের কুলশাস্ত্র ব্যবসায়ীগণের গ্রন্থনিচয়ও সংগ্রহ করিয়া তাহাও এই পত্রে প্রকাশ করিব, কল্পনা আছে। গ্রন্থ সকল মুদ্রাঙ্কিত হইলে, পরে পুস্তকাকারে উহা ছাপান যাইবে। তৎপরে বারেন্দ্র সমাজস্থ যাবতীয় রাজা, জমীদার, ও অর্থশালী মহোদয়গণের সাহায্যে যদি অন্ততঃ ত্রিশ চল্লিশ সহস্রমুদ্রা সংগ্রহ করা যায়, তবে তাহার মাসিক সুদ এক শত কি দেড় শত টাকা দ্বারা বারেন্দ্র সমাজের মধ্যপ্রদেশে নিম্নলিখিত রূপে একটী চতুষ্পাঠী সংস্থাপন করা হইবে। কিন্তু প্রথমে গ্রন্থগুলি মুদ্রাঙ্কণ করিয়া রক্ষা না করিলে, পরে প্রাণপণ যত্ন ও অসঙ্খ্য অর্থ ব্যয় করিলেও কোন ফল হইবে না। সংস্কৃতজ্ঞ পণ্ডিত ১ জনের মাসিক বেতন ২৫ টাকা, কুলজ্ঞ ১ জনের মাসিক বেতন ২৫ টাকা, ছাত্র ৪ জনের মাসিক ছাত্রবৃত্তি ২০ টাকা, দ্বিতীয় ও তৃতীয় বর্ষে ছাত্রবৃত্তি ৪০ টাকা। প্রতি বর্ষে ৪ জন করিয়া ছাত্র লওয়া যাইতে পারে। ছাত্রেরা কুলশাস্ত্র, বংশাবলী ও করণ, এবং সংস্কৃত সাহিত্য ৩ বৎসর পাঠ করিয়া পরীক্ষিত হইবেন। উত্তীর্ণ হইলে উপাধি প্রাপ্ত হইয়া, ব্যবসায় আরম্ভ করিবেন।

বারেন্দ্র সমাজের সুপ্রসিদ্ধ রাজা, জমীদার ও অন্যান্য বিদ্যানুরাগী, ব্যক্তিগণ, যথা বঙ্গদেশের মধ্য প্রদেশস্থ মহারাজ নাটোর, পুটীয়ার অধিপতি, বলিহারাধীপ, তাহেরপুরের ভূপতি, হরিপুর, লালোর, কাশীমপুর, আমহাটী, থাজুরিয়া, সীতলাই, পোরজনা, সলপ, তাঁতিবন্দ, খেতুপাড়া, বাগ, কাশীনাথপুর, ভারেঙ্গা, সাফল্লা, হাটুরিয়া প্রভৃতির ভূমাধিকারীগণ, উত্তর প্রদেশস্থ সেরপুর, নলডাঙ্গা প্রভৃতির ভূস্বামীগণ ; দক্ষিণ প্রদেশের সাঁতরাগাছী, শ্রীরামপুর প্রভৃতির জমীদারগণ ; ও পূর্ব্ব প্রদেশস্থ সুসঙ্গাধিপতি, মৈমনসিংহ, মুক্তাগাছা, গৌরীপুর, বিক্রমপুর, পূর্ব্বধলা, ঘাগরা, নারায়ণডহর, এলাঙ্গা, প্রভৃতির রাজা ও ভূমাধিকারী মহোদয়গণ এই চতুষ্পাঠীর অভিভাবক, তত্ত্বাবধারক ও কর্ত্তৃপক্ষ হইবেন। তাঁহাদিগের অভিপ্রায় মত পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণ বারেন্দ্র সমাজের স্থানে স্থানে কুলশাস্ত্রের ব্যবসায়ের পরিচালনা করিবেন। এইরূপ হইলে সুমার্জ্জিত নূতন প্রণালীতে পুনর্ব্বার বঙ্গদেশে কুলশাস্ত্রের উদ্দীপন হইতে পারিবে। উপর্য্যুক্ত আশা এক্ষণে কল্পনা দেবীর মনোহারিণী উজ্জ্বল চিত্রাবলী মাত্র। কার্য্যে কতদূর পরিণত হইবে, তাহা ঈশ্বরাধীন, ও বারেন্দ্র সমাজের শিরোভূষণ রাজা, জমীদার ও বিদ্যোৎসাহী মহোদয়গণের বদান্যতা ও সাহায্য সাপেক্ষ। আমি অধ্যবসায় সহকারে শারীরিক ও মানসিক পরিশ্রম করিতে ও যথাসাধ্য অর্থ ব্যয় করিতে ক্রটী করিব না। এক্ষণে স্বশ্রেণীস্থ মহোদয়গণ উৎসাহ সহকারে এক এক খানি মাসিক পত্র গ্রহণ করিলে, এই মহৎ উদ্দেশ্য সফল হইবে। আপাততঃ মাসিক ৬০।৭০ টাকা ব্যয়ের ব্যবস্থা হইয়াছে। অতঃপর মাসিক পত্র বাহির হইবার পূর্ব্বে, জনৈক পণ্ডিত ও কার্য্যসম্পাদকের প্রয়োজন হইবে। আমি রাজকার্য্যে নিয়ত বিব্রত, তথাপি প্রাণপণে চেষ্টা করিয়া যতটুকু সময় এই মহৎ কার্য্যে ব্যয় করিতে পারি, তাহা সন্তুষ্ট চিত্তে করিব। পত্র গ্রহণেচ্ছু মহোদয়গণ এক বৎসরের অগ্রিম মূল্য সহকারে পত্রোত্তর প্রদান করিলে একান্ত বাধিত হইব। পত্রের মূল্য ব্যতীত, যে কোন মহাত্মা এই উদ্দেশ্য সুসাধনের সাহায্যার্থে যাহা কিছু প্রেরণ করিবেন, তাহা সাদরে গৃহীত হইবে। যদি দুর্ভাগ্য ক্রমে ব্যয় সংকুলনোপযোগী গ্রাহক সংখ্যা ও অর্থ সংগ্রহ না হয়, তবে ২ মাস মধ্যে প্রেরিত অগ্রিম মূল্যের ও সাহায্যের টাকা প্রেরকদিগকে প্রত্যর্পণ করিব।

কুচবিহার। }
সন ১২৯১ সাল। }

শ্রীযাদব চন্দ্র চক্রবর্ত্তী।

সূচনা।

কুলশাস্ত্রদীপিকা প্রকাশের উদ্দেশ্য গত বর্ষের চৈত্র মাসের প্রকাশিত বিজ্ঞাপনে বিস্তারিত রূপে বিবৃত হইয়াছে। উক্ত বিজ্ঞাপন এ পত্রিকাতেও প্রচারিত হইল। বিজ্ঞাপনে লিখিত হইয়াছিল যে, ১লা বৈশাখ হইতে কুলশাস্ত্র দীপিকা প্রকাশিত হইবে; কি জন্য এত বিলম্ব হইল তৎসম্বন্ধে গুটিকতক কথা বলা আবশ্যক। বিষয়টী যেমন কষ্টসাধ্য, সেইরূপ আবার অর্থসাধ্যও বটে। আশা করিয়াছিলাম যে, অর্থশালী বারেন্দ্র শ্রেণী মাত্রেই উৎসাহের সহিত এই পত্রিকার গ্রাহক হইবেন ও অর্থসাহায্য করিবেন এবং অন্যূন পাঁচশত গ্রাহক হইলেই ভিন্ন ভিন্ন বারেন্দ্র সমাজের কুলজ্ঞগণের গ্রন্থাদি সংগ্রহ ও পত্রিকা মুদ্রাঙ্কণ করার যাবতীয় ব্যয় গ্রাহক গণের প্রদত্ত অর্থে সঙ্কুলন হইবে; কিন্তু দুঃখের বিষয় এই যে, সহস্রাধিক বিজ্ঞাপন বঙ্গদেশের সমস্ত প্রদেশে বিতরণ করিয়াও কেবল ১৩০ জন মাত্র গ্রাহক প্রাপ্ত হওয়া গিয়াছে। এই অল্প সংখ্যক গ্রাহকের প্রতিজ্ঞাত অগ্রিম মূল্য যদি নিয়ম মত হস্তগত হয়, তাহা হইলেও ইহার ব্যয় কোন ক্রমেই সঙ্কুলন হইবে না। আমি নিজ হইতে এ পর্য্যন্ত অনেক অর্থ ব্যয় করিয়াছি এবং যথাসাধ্য পরিশ্রম ও যত্ন করিতেও ত্রুটী করি নাই। অবস্থা বিবেচনায় এক বার মনে করিয়াছিলাম যে এই ব্যয় ও কষ্টসাধ্য ব্যাপারে হস্তক্ষেপ করিব না; কিন্তু আবার মনে করিলাম, পত্রিকা প্রচারিত হইলে এখনও অনেক সহৃদয় মহোদয়ের সাহায্য প্রাপ্ত হইতে পারিব,এই ভরসায় পত্রিকা মুদ্রাঙ্কনে প্রবৃত্ত হইলাম। বলা বাহুল্য যে পাঁচশত গ্রাহক হইলে ১লা বৈশাখ হইতেই পত্রিকা প্রচারিত হইত।

কুলশাস্ত্র দীপিকার প্রধান ও একমাত্র উদ্দেশ্য কুলশাস্ত্র, কুলজ্ঞগণের সংগৃহীত বিলুপ্ত-প্রায় বংশাবলী, ও করণাদি প্রকরণ মুদ্রাঙ্কণ করিয়া আসন্ন লোপাশঙ্কা হইতে উক্ত মূল্যবান পুস্তক গুলি রক্ষা করা। অন্যান্য উদ্দেশ্য বিজ্ঞাপনে যে বিবৃত হইয়াছে, তাহা সুসিদ্ধ হওয়া সুদূরপরাহত। এক্ষণে এই বহুমূল্যবান বংশাবলী প্রভৃতি পুস্তক গুলি মুদ্রাঙ্কিত হইলেই আপনাকে কৃতার্থ মনে করিব ইতি ১২৯২ সাল।

দ্বিতীয়বারের বিজ্ঞাপন।

ত্রয়োবিংশতি বৎসর অতীত হইল মাসিক পত্রিকাকারে বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ সম্প্রদায়ের কুলশাস্ত্র ও বংশাবলী ১২ খণ্ডে প্রকাশিত হইয়াছিল। যে সকল মহদুদ্দেশ্য সাধন করার কল্পনা করিয়া এই কার্য্যে প্রবৃত্ত হওয়া গিয়াছিল তদ্‌বৃত্তান্ত প্রথমবারের বিজ্ঞাপনে পাঠকগণের সুবিদিত হইবে। সঙ্কল্প যাহা যাহা ছিল, তাহা বারেন্দ্র শ্রেণীর শীর্ষস্থানীয় অর্থশালী রাজা, জমিদার প্রভৃতি মহোদয়গণের সহানুভূতি, উৎসাহ ও সাহায্যাভাবে সম্পন্ন হইতে পারে নাই। কেবল কুলশাস্ত্র ও বারেন্দ্র বংশাবলী পর্য্যন্ত প্রকাশ মাত্রই হইয়াছিল। কুলশাস্ত্রের আলোচনার জন্য অর্থ সংগ্রহ ও তদ্দ্বারা বিদ্যালয় সংস্থাপন ও করণাদি গ্রন্থ প্রকাশের কার্য্য হইয়া উঠে নাই। কতিপয় বৎসর হইল, বঙ্গদেশে সুতরাং তৎসঙ্গে সঙ্গে বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণগণের মধ্যেও লুপ্তপ্রায় আর্য্যভাব পুনরুদ্দীপিত হওয়ায় কুলশাস্ত্র বিশেষতঃ বারেন্দ্র ব্রাহ্মণকুলের বংশাবলীর অত্যন্ত অভাব অনুভূত হইতেছে। কুলশাস্ত্র দীপিকার জন্য আমি দিনদিনই বহুসংখ্যক পত্র প্রাপ্ত হইতেছি। অনেক বিশিষ্ট ভদ্রলোক ও বন্ধুবান্ধব আমাকে কুলশাস্ত্র দীপিকার দ্বিতীয় সংস্করণ প্রকাশের জন্য অনেক অনুরোধ করিয়াছেন ; দুঃখের বিষয় আমার বৃদ্ধাবস্থা ও শারীরিক অবস্থা তত ভাল না থাকায় এতদিন ইহা মুদ্রাঙ্কণের সুবিধা হইয়া উঠে নাই। জগদীশ্বরের কৃপায় ও কতিপয় আত্মীয়গণের চেষ্টায় এখন কুলশাস্ত্র দীপিকার দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল।

ইহাতে বারেন্দ্রশ্রেণীর ব্রাহ্মণ সম্প্রদায়ের উপকার সাধিত হইলেই আমি কৃতার্থ হইব।

কলিকাতা।
অগ্রহায়ণ, ১৩১৩।

শ্রীযাদব চন্দ্র চক্রবর্ত্তী।

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা

অশুদ্ধি সংশোধন।

২৪১ পৃষ্ঠায় ষষ্ঠ লাইনে হরপ্রসাদের পরে "কালীপ্রসাদ" হইবে।

কুলশাস্ত্র।

পুলোম দেব ভূপালের সুযশস্কর সাম্রাজ্যে সভাসদদিগের সম্মতিতে রামদেব অভিষিক্ত হইয়াছিলেন। তিনি বঙ্গ ভূপাল প্রবল পরাক্রান্ত শালবস্তুকে জয় করিয়া, ব্রহ্মপুত্র নদের তটে রামপাল নগরী স্থাপন করেন। বহুকাল পরে মহীপতি আদিশূর, সেন বংশকে জয় করিয়া, সেই স্থানে রাজধানী প্রতিষ্ঠিত করেন। তাঁহার রাজত্বকাল নিরূপণ সম্বন্ধে নানাবিধ মত প্রচারিত হইয়াছে। সে সকল তর্ক বিতর্ক এস্থানে করা নিষ্প্রয়োজন; এই মাত্র বলিলেই প্রচুর হইবে যে, ভিন্ন ভিন্ন মতাবলম্বিদিগের মধ্যে কেহই ১০।১৫ বৎসরের অধিক কম বেস বলেন না। আমরা যেরূপ গণনা করিয়াছি, তাহাতে ৮৩২ বৎসরের পূর্ব্বে, অর্থাৎ ৪৫৯ সালের অথবা ১০৫২ খ্রীঃ অব্দের কিঞ্চিৎ পূর্ব্বে বা পরে মহারাজা আদিশূর বঙ্গদেশে রাজত্ব করেন। জিলা ঢাকার অন্তঃপাতী সুবর্ণ গ্রামের অন্তর্গত রামপাল গ্রাম তাঁহার রাজধানী ছিল। তিনি বর্দ্ধমান প্রদেশ জয় করিয়া গৌড় ও উত্তর রাঢ়ের অধিকার প্রাপ্ত হন; এবং গৌড়ে অন্যতর রাজধানী সংস্থাপন করেন। কথিত আছে যে, তিনি তীর্থ পর্য্যটন কামনায় বহির্গত হইয়া, কান্যকুব্জে উপস্থিত হন, ও তত্রত্য রাজা চন্দ্রকেতুর দুহিতা চন্দ্রমুখীর পাণিগ্রহণ করেন। সহধর্ম্মিণীসহ রামপাল রাজধানীতে প্রত্যাগত হইলে, রাজ্ঞী চন্দ্রমুখী চান্দ্রায়ণ ব্রতের উদ্‌যাপন কামনায় পঞ্চ ব্রাহ্মণানয়নার্থ মহারাজাকে অনুরোধ করিলেন।*

---

* সা রাজ্ঞী রাজানং প্রতি কথয়তি। ময়া পিতৃ গৃহে চান্দ্রায়ণং কৃতং তস্যোদ্যাপনার্থং পঞ্চ ব্রাহ্মণমানয়। রাজা তদ্বচনমবধার্য্যং পঞ্চ কৌশিকান প্রেরয়ামাস। তত্রাদাবাগত কশ্চিৎ ব্রাহ্মণঃ স্বর্ণ কৌশিকঃ। ততঃ সমাগত স্তদ্বৎ বিপ্রো রজত কৌশিকঃ। কৌম্ভিণাঃ কৌশিকঃ পশ্চাৎ ঘৃত কৌশিক কৌশিকৌ এতে পঞ্চ সমায়াতা পঞ্চ গোত্রা ধরা মরা। প্রেসিতা ভূভৃতা তৎপুরী মধ্যত স্তৎ প্রিয়া সন্নিধৌ, তেগতা স্বত্বরং। আসনে শোভনে স্থাপয়িত্বার্চ্চিতা নাদরে না বদৎ সা নৃপঃ প্রেয়সী পায়ত যেদং পূরয় ত্তেদং মদ্বত মগ্নিং জ্বালয়ত্তাস্যত। বরুণা-

তৎকালে বঙ্গদেশে সপ্তশতী ব্রাহ্মণের বসতি ছিল। বঙ্গীয় রাজ্যে ইতি পূর্ব্বে বৌদ্ধ ধর্ম্মের সমধিক প্রাদুর্ভাব থাকাতে, বৈদিক ক্রিয়াকলাপাদি একেবারে লোপ হইয়াছিল। বঙ্গদেশস্থ তদানীন্তন ব্রাহ্মণগণ আচারভ্রষ্ট হইয়া পড়িয়াছিলেন। রাজ্ঞীর চান্দ্রায়ণ ব্রতোদ্যাপনার্থ, মহারাজ প্রথমে স্বর্ণ কৌশিক, রজত কৌশিক, কৌণ্ডীন্য কৌশিক, ঘৃতকৌশিক এবং কৌশিক প্রভৃতি পঞ্চ ব্রাহ্মণকে আহ্বান করিয়াছিলেন। ঐ সকল ব্রাহ্মণ বঙ্গদেশেই তৎকালে বসবাস করিতেছিলেন।

কিম্বদন্তী আছে যে পূর্ব্বকালে বেদজ্ঞ ব্রাহ্মণগণ সাগ্নিক ছিলেন। ইচ্ছানুসারে অগ্নি এবং জল উৎপাদন করিতে পারিতেন। কিন্তু এই ব্রাহ্মণগণ ব্রতানুষ্ঠান জন্য উপস্থিত হইয়া, অগ্নি এবং জল আনয়ন করিতে অনুমতি করিলেন। তৎশ্রবণে চন্দ্রমুখী ঐ সকল ব্রহ্মণদিগকে যাজন কার্য্যের অযোগ্য বিবেচনা করিয়া, তদীয় পিতা কান্যকুব্জাধিপতি চন্দ্রকেতুর নিকট হইতে বেদজ্ঞ পঞ্চ ব্রাহ্মণের জন্য প্রার্থনা করিয়াছিলেন। § তৎকালে কান্যকুব্জ দেশে বেদজ্ঞ ব্রাহ্মণগণের বসতি ছিল। প্রথম কালে বেদজ্ঞ আর্য্যজাতীয় ব্রাহ্মণগণ কেবল

বাহন পূর্ব্বক মন্ত্রো কুম্ভগতং কুরুতা বনি-দেবাঃ। বয়ং নৈবজানি মহেবেদবাণিমিদানং দ্বিজা স্যোস্তবো ন শ্রুতোগ্নি। নচাম্বোধিপাবাহনে নাম্বুপূর্ণ, কৃতঃ কেনচ শ্রূয়তে কাপি কুম্ভঃ। চন্দ্রমুখী কথয়তি কিমাশ্চর্য্যং। ভবদ্দেশাৎ ব্রহ্মণা বেদবর্জ্জিতা, মন্ত্রেণ ক্ষমতাহীনা বহ্নি সংস্থাপনা দিকং। তৎ কথং মৎ ব্রতং ভবিষ্যতি। ভো! মহারাজন্ ব্রতং তিষ্ঠসি; ইত্যুক্ত, ক্রোধাগারে প্রবিশ্যতি। রাজানং কথয়তি কথং ব্রতং ন ভবিষ্যতি তৎকারণং বদ। চন্দ্রমুখী কথয়তি। তাতদেশাৎ পঞ্চ গোত্রান্ পঞ্চ ব্রাহ্মণমানয়। শ্বশুর দেশাৎ লিপি দ্বারা সাণ্ডিল্য নারায়ণ, সুসেণ কাশ্যপস্তথা, বাৎস্য ধরাধর দেব, ভরদ্বাজস্ত গৌতমঃ পরাশরোপি সাবর্ণ পঙ্‌ক্তৌতে মুণয়স্মৃতঃ। (কুলজ্ঞ হইতে প্রাপ্ত।)

অথাদি শূরোনৃপ গৌড় দেশে, স্থিতশ্চন্দ্র কেতুনৃপঃ কাণ্যকুব্জে, নৃপশ্চন্দ্র কেতো গৃহীতাচ কন্যা, বরেনাদি—শূরেণ রাজ্ঞাঃ পৃথিব্যাং॥ দ্বিজবর মূঢ়ে নিবসতি গৌড়ে ব্রাহ্মণ বসতিং রচয়িতি গাঢ়। আদিশূর এক এস রাজর্তেহি ভূপতিঃ। সৎ কুলেন্দ্র আবরেন্দ্র রাঢ় দেশ মধ্যতঃ, ধিং নৃপেষু, ধিক তদন্ত কিং নিধিশ্চ কিং নিধিঃ। পঞ্চ গোত্র বিপ্র পঞ্চযস্য নামঃ সংস্থিতিঃ। (কুলজ্ঞ গণের নিকট প্রাপ্ত)।

§ আদিশূরেণ তৎপত্ন্যা ব্রতোদ্যাপন হেতবে। আহূতা বঙ্গদেশস্থা ব্রাহ্মণঃ পণ্ডিতা অপি॥ ব্রাহ্মণানাং কদাচারং নিরীক্ষ্য স মহীপতিঃ। যযাচে ব্রাহ্মণান্ পঞ্চ ব্রহ্মণ্য দিব চিহ্নিতান্॥

পঞ্জাব প্রদেশান্তর্গত সরস্বতী নদী তটে বসতি করিতেন। তথা হইতে ক্রমে ক্রমে পূর্ব্ব প্রদেশে বসতি করিয়াছিলেন। রাজা চন্দ্রকেতুর আদেশানুসারে পাঁচজন ব্রাহ্মণ বঙ্গদেশে আসিয়া ব্রত সমাপনান্তে পুনরায় স্বদেশে প্রত্যাগমন করেন। ঐ পাঁচজন ব্রাহ্মণের নাম কুলজ্ঞগ্রন্থে এইরূপ বর্ণিত হইয়াছে।

একদা বঙ্গ নগরে রামপাল মহীপতিঃ। অন্তঃপুরে উপবিষ্ট আসীদ্দন্য মনাইব॥ ইত্যেবং সময়ে পঞ্চ ব্রাহ্মণাঃ পঞ্চগোত্রজাঃ। বৃহদ্দোলা শকটা রূঢ়া রাজদ্বারে উপস্থিতাঃ॥ ত্রিবাণেন্দু বেদমিতে বৎসরে বিগতে কলেঃ। প্রথমা গম শালাব্দে খবটক বেদ সম্মিতে॥ দত্তঃ বসুঃ ঘোষ গুহৌচ-মিত্রং পঞ্চারণানাং সদৃশান্ বহুশ্রুতান। কুত্বাপুরঃ পঞ্চ ঋষি প্রস্থানে এতান্নদীযুর্ব্বিবঙ্গ মণ্ডলে॥ দৃষ্ট্বা পদাতিকা কারান্ ব্রাহ্মণান্ মল্লবেশিনঃ। তৎক্ষণাৎ জ্ঞাপয়ামাস দূতে ভূপাল সন্নিধৌ॥ রাজা সৌধো পরিস্থিত্বা গবাক্ষ দ্বারতস্তথা। ঈক্ষাঞ্চক্রেদ্বিজান্ পঞ্চ প্রবীণান্ মল্লবেশিনঃ। নতান শ্রদ্ধয়াবজ্ঞেনাদিদেশ স্বাসনং। উপবেশয়িতুং দূতমাজ্ঞে দ্বার সন্নিধৌ॥ দূতোহপি তৎক্ষণাদূচে দ্বারস্থান্ দ্বার পালকান। উপবেশয়ত ক্ষিপ্রমভ্যাগতান্ পদাতিকান্॥ তথাপি দ্বার পালাশ্চ স্বদেশীয়ান দ্বিজন্মনঃ। সমাদৃত্য বহির্দ্বারেদদুঃ সাধারণাসনং॥ কিন্তু তেজস্বিনো বিপ্রা বুদ্ধা রাজ্ঞো মনোগতিং। উচিরে দ্বার পালাংস্তে রুষ্টা বিকৃত চেতসঃ॥ রাজান মমরীকর্ত্তুমাগতা অর্ঘপাণয়ঃ। অবজ্ঞাতা বয়ংতেন নস্থাতুং শ্রদ্দধা মহে॥ অব্যর্থ মর্ঘপাত্রং নোরাজ্ঞাপি শুষ্ককাষ্ঠবৎ। তস্মাদেবাস্তিবিন্যাসঃ শুষ্ক কাষ্ঠং মলীমসং॥ ইত্যুক্ত্বা তৎক্ষণাদ্বিপ্রা ব্রহ্মধ্যান পরায়ণাঃ। স্থাপয়া মাসুরর্ঘ্যস্তৎ শুষ্ক কাষ্ঠস্য মস্তকে॥ অবজ্ঞায় নৃপং বিপ্রা আগতা নগরাদ্বহিঃ। তদ্বৃত্তান্তং নৃপঃশ্রুত্বা যযৌতৎ কাষ্ঠ সন্নিধৌ॥ দূর্ব্বাতণ্ডুল পুষ্পাদি নির্ম্মিতং জল সংযুতং। তদর্ঘং মস্তকে ধৃত্বা শুষ্ক কাষ্ঠঞ্চ জীবিতং॥ রাজা তদদ্ভুতং কর্ম্ম নিরীক্ষ্যোদ্বিগ্ন মানসঃ। আহ্বায়য়ন্মন্ত্রিভিস্তান্ সমাদর পুরঃসরং॥ ব্রাহ্মণা মন্ত্রিণাং বাক্যৈঃ সাদরৈ রাদৃতাঃ পুনঃ। উচিরে বৌদ্ধবিধ্বস্তং বঙ্গ নশ্রদ্দধামহে॥ বয়ং গৌড়ং গমিষ্যামো রাজাচেত্তত্রগচ্ছতি। তদারাজ্ঞা ব্রতোদযাপং করিষ্যামঃ শুভপ্রদং॥ গৌড়ঃপূত ইতিস্মৃত্বা রাজাপি সম্মতোহভবৎ। তথাপি ব্রাহ্মণাস্তত্র নৃপঃসাক্ষান্নচক্রিরে॥ তেষাং পদাতিকাবস্থাং নিরীক্ষ্য বঙ্গজাদ্বিজাঃ। বঙ্গরাজ সমাজস্থাঃ পরিহাসঞ্চ চক্রিরে॥ দেশাচারানুসারেণ রাজাপ্যশ্রদ্ধয়াদৃশা। নিরীক্ষ্যোপাদিশৎদ্বারে দ্বিপ্রাণা মুপবেশনং॥ অসারং নৃপতিং জ্ঞাত্বা পঞ্চতেজস্বিনোদ্বিজাঃ। শুষ্ক কাষ্ঠং বিরক্তাস্তেঽভ্যষিঞ্চন্ ব্রহ্মতেজসা॥ অদ্যাপি তস্তবোবৃক্ষোবর্ত্ততে বিক্রমালয়ে। সিন্দুরাদ্যৈঃ সদামোদৈর্ম্মানবাঃ পূজয়ন্তিতং॥ পঞ্চবিপ্র নিরীক্ষার্থ মভূজ্জন রবোমহান। অঙ্গনাঃ স্বস্বমারঙ্ক বদ্ধা অপি সমাগতাঃ॥ কিন্তু রাজ্ঞাশ্চ কাকুক্ত্যা বশীভূতা দ্বিজাস্তদা যযুঃ পূর্ব্বপথেনৈব পবিত্রং গৌড় মণ্ডলং॥ রাজা নৌকা পথে নৈব পরিবারৈঃ সহাগতঃ। আদিনায়মুপবিষ্টঃ সভায়াং মন্ত্রিভিঃ সহ॥ রামপালং পরিত্যজ্য গতবানাদিশাপুরে। সপুনর্নাগতোবঙ্গে ইত্যাদ্য-প্যুচ্যতে জনৈঃ॥ (লঘু ভারত হইতে)।

যথা—নারায়ণস্থ সাণ্ডিল্য, সুসেনঃ কাশ্যপ স্তথা, বাৎস্যো ধরাধরো দেব, ভরদ্বাজোস্থ গৌতমঃ, পরাশরোপি সাবর্ণিঃ, পঞ্চৈতে মুনয়ঃস্মৃতা। সাণ্ডিল্য গোত্রের ভট্টনারায়ণ, কাশ্যপ গোত্রের সুসেন, বাৎস্য গোত্রের ধরাধর দেব, ভরদ্বাজ গোত্রীয় গৌতমঃ, সাবর্ণী গোত্রের পরাশর, এই পাঁচজন ব্রাহ্মণের সঙ্গে পাঁচজন শূদ্র ভৃত্য আসিয়াছিল। ঐ শূদ্র ভৃত্যের বিস্তারিত বর্ণনা করা এই গ্রন্থের উদ্দেশ্য নয় ; পাঁচজন শূদ্রের নাম মাত্র এস্থলে সন্নিবেশিত হইল, যথা :— মকরন্দ ঘোষ, দশরথ বসু, বিরাট গুহ, কালিদাস মিত্র এবং পুরুষোত্তম দত্ত। উপর্যুক্ত ব্রাহ্মণগণ ব্রত সমাপনান্তে কান্যকুব্জে প্রত্যাগত হইলে, কান্যকুব্জবাসী ব্রাহ্মণগণ তাঁহাদিগের সহিত আহারাদি পরিত্যাগ এবং তাঁহাদিগকে সমাজচ্যুত করেন। কি কারণে এরূপ আত্ম-বিগ্রহ সমুত্থিত হইল এবং কি কারণে বঙ্গদেশ হইতে প্রত্যাগত ব্রাহ্মণগণ স্বদেশ হইতে বিতাড়িত হইলেন, তাহার মূল তত্ত্বানুসন্ধান করিলে স্পষ্টই জানা যায় যে, বৈদ্য জাতির যাজন ক্রিয়াই এরূপ আত্ম বিগ্রহের মূল কারণ। এই নিয়মে বঙ্গদেশ হইতে প্রত্যাগত ব্রাহ্মণগণের সহিত কান্যকুব্জবাসী অশূদ্র প্রতিগ্রাহী ব্রাহ্মণগণের অনৈক্য হওয়াতে, ভট্টনারায়ণ প্রভৃতি পাঁচজন ব্রাহ্মণ উক্তদেশ পরিত্যাগ করিয়া পুনরায় সপরিবারে বঙ্গদেশে আগমন পূর্ব্বক আদিশূর রাজার আদেশানুসারে এতদ্দেশে বসতি করিতে লাগিলেন †। ক্রমে তাঁহাদিগের বংশাবলী হইতে বহুসংখ্যক ব্রাহ্মণ উৎপন্ন হইয়া, বঙ্গদেশের নানাস্থানে বসতি করিলেন। কুলজ্ঞগণের মতে বল্লাল

---

† ততঃ পঞ্চবিপ্রাঃ সভৃত্যাঃ সতোষাগতাঃ কান্যকুব্জং স্ববৃত্তান্তমূচুঃ। তদাত্মীয়বর্গৈহত ব্রহ্মতর্ণা নবজ্ঞায় চৈতে সমাজং ননীতাঃ॥ তদা কান্যকুব্জস্থিতা বিপ্রবর্গা নহি শ্রদ্দধুর্বঙ্গ ভূমিং স বৌদ্ধাং। অতস্তে পুনঃ সঙ্গতান্ পঞ্চ বিপ্রান্ পুনঃ প্রেরয়াঞ্চক্রিরে গৌড় পুষ্টে॥ ততঃ কান্যকুব্জাধিপঃ কৃষ্ণচন্দ্রঃ প্রয়াণেচ তেষামনুজ্ঞাঞ্চকার। সহর্ষাঃ সভৃত্যাঃ স পুত্রা দ্বিজাস্তে পুনঃ কান্যকুব্জাদ্গতা গৌড় দেশং॥ ততঃ পঞ্চবিপ্রাঃ পরিবার যুক্তাঃ সমায়াতবন্তঃ পুনর্গৌড় রাজ্যং। তদা গৌড় ভূপঃ সমাকর্ণ্য সর্ব্বং মহানন্দ মাপ্তা্ভ্য রক্ষত্তস্তান্॥ বিবিচ্য স্বদেশে বিরাট প্রদেশে প্রদত্তাঃ প্রশস্তাঃ পুরঃ পঞ্চতেভ্যঃ। ক্রমাদ্বংশ বৃদ্ধির্বভূবাত্র তেষাং সুতানাং সুতানাং সুতানাং সুতানাং॥ দ্বয়োঃ পক্ষয়োর্নন্দনাস্তত্র তেষাং মনোদ্বেষ শেষং বিষাদং প্রচক্রুঃ। বহু ব্রাহ্মণাকীর্ণ ভূমিং বরেন্দ্রে বরেন্দ্রঃ ক্ষিতীশো বিভাগঞ্চকার॥ গৌড়স্যান্তর্গতাত্রেষা নদ্যাঃ।পূর্ব্বেচ পশ্চিমে। শোভার্থং কৃতবান্ শেষে বরেন্দ্র নগরদ্বয়ং॥ উক্তম্

সেনের সময়ে উক্ত পঞ্চ ব্রাহ্মণের সন্তান সন্ততিদিগের সংখ্যা ১১০০ ঘর হইয়াছিল।

তৈরবতেবিপ্রাঃ পঞ্চগোত্র কুলোদ্ভবাঃ। চক্রিরে বসতিং রাজদত্ত ভূমৌ সুশোভিতাঃ॥ ভৃত্যো মকরন্দ ঘোষো ভট্টনারায়ণস্যচ। বভূব দক্ষস্য ভৃত্যো বসুর্দ্দশরথ, স্তথা॥ ছান্দড়স্য মুনেভূর্ত্যোগুহো বিরাটনামকঃ। ভৃত্যঃ কালিদাস মিত্রঃ শ্রীহর্ষস্য দ্বিজন্মনঃ॥ বেদ গর্ভস্য ভৃত্যোহভূদ্দত্তজঃ পুরুষোত্তমঃ। এষাঞ্চ বহবোবংশা নানাস্থানেষ্বধিষ্ঠিতাঃ॥ বঙ্গে গৌড়ে তথা রাঢ়ে শূদ্রাশ্চ ব্রাহ্মণা অপি। বসতিঞ্চক্রিরে পশ্চাৎ শকাব্দৈক সহস্রকে॥ পঞ্চকোটিঃ কাস কোটিহর্রিকোটি স্তথৈবচ। কঙ্কগ্রামো বটগ্রাম স্তেষাং স্থানানি পঞ্চচ॥ অত্রৈব মৈথিলা বিপ্রাঃ প্রবাদঞ্চ পুরাতনং। উদাহরন্তি পঞ্চানাং পঞ্চগোত্র দ্বিজন্মনাং॥ গৌড় দেশাৎ দ্বিজাঃ পঞ্চ কান্যকুব্জে গতাযদা। তদৈব জ্ঞাতয় স্তেষাং বভূবুস্তদ্বিরোধিন॥ অঙ্গ বঙ্গ কলিঙ্গেষু সৌরাষ্ট্র মগধেষুচ। তীর্থ যাত্রাং বিনা গচ্ছন্ পুনঃ সংস্কার মর্হতি॥ বঙ্গদেশং গতা বিপ্রা ভট্টনারায়ণাদয়ঃ। ধর্ম্মশাস্ত্রানুসারেণ প্রায়শ্চিত্তাধিকারিণঃ॥ যাজয়িত্বা পুনর্গৌড়ে শূদ্র তুল্যং মহীপতিং। প্রায়শ্চিত্তম্বিনা তে চ সমাজে গন্তুমক্ষমাঃ॥ অনেনৈব বিরোধেন গতং বর্ষদ্বয়াধিকং। আগতাস্তে পুনর্গৌড়মাদিশূরস্য সম্মতৌ॥ অশীতি কাবরোবৃদ্ধ আদিশূর মহীপতিঃ। রাজ্যং ভুক্ত্বা গাঙ্গ জলে দেহং ত্যক্ত্বা দিবং যযৌ॥ করপালিত সিংহাদ্যাঃ কায়স্থা বহবোজনাঃ। নৃপতের্ম্মন্ত্রিণোঽভবন্ রাজকার্য্যবিশারদাঃ॥ ব্রাত্যক্ষত্রা ব্রাত্যবৈশ্যাঃ কায়স্থ সংজ্ঞকাঃ স্থিতাঃ। যতস্তিতেন কায়স্থং কেচিদ্গৌড়াধিপং নৃপং॥ অকুর্ব্বন্ মন্ত্রিণঃ কার্য্যং নৃপাস্তত্রৈব সম্মতাঃ। তেন কায়স্থ রাজ্যংহি সর্ব্বত্রৈব প্রকাশিতং॥ কুলজ্ঞ পণ্ডিতানাং হি পুস্তকে লিখিতং বুধৈঃ। অযষ্ঠ আদিশূরঃ স গৌড়দেশে নৃপোঽভবৎ॥ শ্রীচন্দ্র দেব বৈদ্যস্য তনয়াংস উদূঢবান্ পুনর্ব্বঙ্গাধিপায়ৈষ নিজকন্যাং প্রদত্তবান্॥ যদা শাসনকর্ত্তাসীত্তদাগৌড়েঽবসন্নৃপঃ। মহমুদাক্রম কালে রামপালেঽবসৎপরে॥ কুলজ্ঞ পণ্ডিতঃ গ্রন্থে রামপালঃ প্রকাশিতঃ। তদ্বিস্তারং প্রবক্ষ্যামি বল্লাল গুণ বর্ণনে। আদিশূরো বসদ্গৌড়ে পঞ্চগোত্র দ্বিজৈঃ সহ। অদ্যাপি দৃশ্যতে গৌড়ে তদ্বাসস্থানমাদিনা॥ পৌর্ব্বকালিক ভূপালা নিজনাম প্রসিদ্ধয়ে। পুরী তড়াগ প্রাচীর গ্রামাদ্যৈশ্চিহ্নমাচরন্। অগ্রসজ্জবনো রাহু হিন্দুস্থানেন্দু মণ্ডলং। যদা তদৈব হিন্দূনাং নাম চিহ্নাদিভিঃ সহ॥ রাহুগ্রস্তে চন্দ্রমসি পুনর্ম্মুক্তোহি চন্দ্রমাঃ। পূর্ব্ববজ্জগতাং লোকা নানন্দয়তি ভাতি চ॥ হিন্দুস্থান চন্দ্রমসি গ্রস্তে যবন রাহুনা। পুনর্নমুক্তং ন পুনর্নাম চিহ্নঞ্চনোদিতং॥ তেনৈব ন পুনঃ পশ্চাদ্ধিন্দুস্থানং ন শোভতে। ব্রাহ্মণাদ্যা অপি-তথান শোভন্তে মহীতলে॥—(লঘু ভারত হইতে)।

আদিশূর রাজার দৌহিত্র বংশসম্ভূত বল্লালসেন যৎকালে বঙ্গদেশের অধিপতি হন, তৎকালে কান্যকুব্জাগত ব্রাহ্মণগণের বংশ বহুসংখ্যক হইয়া উঠিয়াছিল। সেই সময় বল্লালসেন গঙ্গার পূর্ব্ববর্ত্তী বরেন্দ্র দেশের অধিবাসী ৩৫০ শত ঘর ব্রাহ্মণকে বারেন্দ্র এবং গঙ্গার পশ্চিম পারস্থ রাঢ় দেশীয় ৭৫০ শত ঘর ব্রাহ্মণকে রাঢ়ীয় অভিধান প্রদান করেন। কুলজ্ঞ গ্রন্থে বর্ণিত আছে যে ভারতবর্ষের দক্ষিণ পূর্ব্ব বিভাগস্থ রাজাগণের অধিকৃত দেশে বেদজ্ঞ ব্রাহ্মণের অভাব ছিল। তাঁহারা বল্লালসেনের নিকট ব্রাহ্মণ যাচ্ঞা করায়, তিনি আপনাকে কৃতার্থ বোধ করিয়া নিজ বরেন্দ্র দেশে একশত ঘর ব্রাহ্মণ রাখিয়া, অবশিষ্ট ২৫০ শত ঘর মধ্যে মগধে ৫০, ভোটে ৬০, রভাঙ্গে ৬০, উৎকলে ৪০, মৌরঙ্গে ৪০, ঘর প্রেরণ করিলেন*।

তিনি বরেন্দ্র দেশে যে ১০০. শত ঘর ব্রাহ্মণ রাখিয়াছিলেন, তন্মধ্যে কাশ্যপ গোত্রে ১৮, শাণ্ডিল্য গোত্রে ১৪, বাৎস্য গোত্রে ২৪, ভরদ্বাজ গোত্রে ২৪, এবং সাবর্ণি গোত্রে ২০ ঘর ব্রাহ্মণ ছিল †।

বরেন্দ্র দেশস্থ উক্ত একশত ঘর ব্রাহ্মণের সম্মান রক্ষার্থ, এবং তাঁহারা ক্রমে সদাচারী হইবেন উদ্দেশ্যে বল্লালসেন ইহাঁদিগের গুণাগুন বিবেচনায় সম্মানোচিত উপাধি প্রদান করত কুলীন, সিদ্ধ ও কষ্ট শ্রোত্রীয় এই তিন শ্রেণীতে বিভক্ত করিয়াছিলেন। নবগুণ বিশিষ্ট ব্যক্তিগণ কুলীন, যথা "আচারো বিনয়োবিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শনং। নিষ্ঠাশান্তি স্তপোদানং নবধা কুল লক্ষণং।" ইহা অপেক্ষা একগুণ ন্যূন বিশিষ্টকে সিদ্ধ শ্রোত্রীয় অভিধা প্রদান করিলেন। উক্ত বরেন্দ্র দেশস্থ একশত ঘর ব্রাহ্মণ মধ্যে ৮ ঘর কুলীন যথা, মৈত্র, ভীম অর্থাৎ (কালিয়াই) রুদ্র অর্থাৎ (রুদ্র বাগছি), সঞ্জামিনী অর্থাৎ (সান্ন্যাল), লাহিড়ি, ভাদুড়ি, সাধু অর্থাৎ (সাধুবাগছি) এবং ভাদড়। ‡

---

* গৌড়ে শতং নিগদিতং পঞ্চাশৎ মগধে তথা। ভোটেষষ্ঠি সমাখ্যাতা রভাঙ্গেচ তথাস্মৃতাঃ। চত্বারিংশদ্ব্যুৎকলেচ মৌরঙ্গেচ তথা বিধা। কুলজ্ঞগ্রন্থ।

† কাশ্যপে ষ্টাদশজ্ঞেয় শাণ্ডিলস্য চতুর্দ্দশঃ। চতুর্ব্বিংশতি বাৎস্যানাং ভরদ্বাজ স্তথা পরঃ। সাবর্ণির্ব্বিংশতিজ্ঞেয় স্তয়েব গোত্র পঞ্চকাঃ। কুলজ্ঞগ্রন্থ।

‡ আদৌ মৈত্রস্তথা ভীমো রুদ্র সঞ্জামিনী তথা। লাহিড়ির্ভাদুড়িঃ সাধু র্ভাদড়ঃ পংক্তি পূরকঃ। কুলজ্ঞ গ্রন্থ।

অষ্টঘর সিদ্ধ শ্রোত্রীয় যথা করঞ্জগাঁই, নান্নসী গাঁই, ভট্টশালীগাঁই, লাউড়ীগাঁই, চম্পটিগাঁই, ঝম্পটিগাঁই, আতীর্থগাঁই, এবং কামদেব অর্থাৎ (কামদেব কালিয়াই)। *

এতদ্ব্যতীত ৮৪ঘর ব্রাহ্মণকে মহারাজ বল্লালসেন কষ্টশ্রোত্রীয় করিয়াছিলেন। তদ্‌যথা, কাশ্যপ গোত্রের ১৫, শাণ্ডিল্যগোত্রের ৯, বাৎস্যগোত্রের ২০, ভরদ্বাজ-গোত্রের ২০, এবং সাবর্ণিগোত্রের ২০ ঘর।

কাশ্যপ গোত্রের ১৫ ঘর।

১। বালষষ্ঠিক। ৮। বিষোৎকটা।
২। মধুগ্রামী। ৯। পারিস্বামী।
৩। রাণী হরি। ১০। মঠগ্রাম।
৪। মৌহালী। ১১। মধ্যগ্রাম।
৫। কিরণী। ১২। গঙ্গাগ্রাম।
৬। বিজকুঞ্জ। ১৩। আথর্ব্বীজ।
৭। সহগ্রামী। ১৪। বেলগ্রাম।
১৫। সুবি।

বাৎস্য গোত্রের ২০ ঘর।

১। কুড়মুড়ি। ১১। বোড়গ্রামী।
২। ভাড়িয়াল। ১২। শ্রোতবটী।
৩। যমকথী। ১৩। অক্ষগ্রামী।
৪। শীতলী। ১৪। ঘোষগ্রামী।
৫। তালড়ী। ১৫। কালীগ্রামী।
৬। দেবলী। ১৬। কালীহুঁয়।
৭। বাৎস্যগ্রামী। ১৭। তন্ত্রকেলী।
৮। নিদ্রালী। ১৮। নাগাশূর।
৯। কুর্কটী। ১৯। শিবতটা।
১০। পৌণ্ডবর্দ্ধনী। ২০। বৈশালী।

শাণ্ডিল্য গোত্রের ৯ ঘর।

১। শিহরি। ৫। বেলড়ী।
২। বিশথা—(বিশীগাঁই)। ৬। বিল্বগ্রামী।
৭। বেতগ্রাম।
৩। মতস্থাসী। ৮। থুড়থুড়ী।
৪। তোড়ক। ৯। তাড়য়াল।

ভরদ্বাজ গোত্রের ২০ ঘর।

১। রাই। ৬। সিংবহাল।
২। রত্নাবলী। ৭। সরিয়াল।
৩। ওশ্রুথী। ৮। ক্ষত্রগ্রামী।
৪। গোচণ্ডী। ৯। শূল।
৫। কাঁচড়ী। ১০। দধিয়াল।

* করঞ্জো নন্দনাবাসী ভট্টশালীচ লাউড়ী। চম্পটিঝম্পটিশ্চৈব আতীর্থঃ কামদেবকঃ। কুলজ্ঞ গ্রন্থ।

১১। পূতী।
১২। নন্দগ্রামী।
১৩। পিপ্পলী।
১৪। খর্জুরী।
১৫। গোশালাক্ষী (গোশৃগাল।)
১৬। গোগ্রামী।
১৭। নিঘটী।
১৮। বোলোৎকটা।
১৯। কুঞ্জ।
২০। ভোগ্রামী।

সাবর্ণি গোত্রের ২০ ঘর।

১। শিঙ।
২। দিয়াড।
৩। পিপড়ী।
৪। দ'ধ।
৫। শৃঙ্গী।
৬। মেদড়ী।
৭। উখরী।
৮। ধুকড়ী।
৯। বাড়।
১০। আলস্য।
১১। শেতক।
১২। নৈগ্রামী।
১৩। কলাপী।
১৪। টট্টুরী।
১৫। পুণ্ডবর্দ্ধিনী।
১৬। পঙ্কবটী।
১৭। খণ্ডবটী।
১৮। নিখটী।
১৯। সমুদ্রক।
২০। শতিলী।

উপরোক্ত রূপে একশত ঘর ব্রাহ্মণদিগের মধ্যে কুলীন ও শ্রোত্রীয়ের বিভাগ সমাপনান্তে কিয়ৎকাল পর বল্লালসেন মানবলীলা সম্বরণ করেন। রাজা বল্লাল-সেন যে মহদুদ্দেশ্যে ব্রাহ্মণগণের শ্রেণী বিভাগ করিয়াছিলেন তাঁহার সেই মহী-য়সী বাসনা সুসিদ্ধ হইল। তাঁহার বংশধরগণের অধিকার কালে দুর্দ্দান্ত মুসলমানগণ ভারতাধিকার করিল, বঙ্গের সিংহাসনে হিন্দুরাজার পরিবর্ত্তে মুসল-মান নবাব সমাসীন হইলেন। উপর্য্যুপরি মুসলমানগণের অত্যাচারে হিন্দুগণ উৎপীড়িত হইতে লাগিলেন। মুসলমান কর্ত্তৃক আর্য্যবংশের শিরে কলঙ্ক কালিমা অর্পিত হইল; এবং তাহা হইতেই সামাজিক গোলযোগ উদ্ভব হইয়া তাহার পরিণামফলে নানারূপ ভিন্ন ভিন্ন ব্যবস্থা সময়ে২ প্রবর্ত্তিত হইতে লাগিল। বল্লাল-সেনের এই মহৎ উদ্দেশ্য বিষময় ফলে পরিণত হইয়া করণ ও পঠির উদ্ভব হইল; এবং স্থানে স্থানে আর্য্যগণ জমিদার নামে খ্যাত হইয়া আধিপত্য প্রকাশ করত আপনাপন মতানুসারে কার্য্য করিতে লাগিলেন। রাজা বল্লালসেন নবগুণ বিশিষ্টকে কুলীন সংজ্ঞা প্রদান করিয়া ছিলেন। কিন্তু এই ভীষণ যবনরাজার অধিকার কালে ব্রাহ্মণগণ আর সদাচারী রহিলেন না। তাঁহারা বংশানুসারে কুলীন, সিদ্ধ শ্রোত্রীয়াদি মর্য্যাদার অধিকারী হইতে লাগিলেন। কুলীনের বংশ-ধরগণ শতসহস্র বিগর্হিতাচরণ করিলেও তাঁহারা কুলীন এবং শ্রোত্রীয়ের সন্তান গণ শ্রোত্রীয় থাকিতে লাগিলেন।

বহুকালান্তে মুসলমান নবাবের অধিকার কালে কুলীন বংশোদ্ভব উদয়

নাচার্য্য ভাদুড়ি জন্মগ্রহণ করেন। বালীবাটী গ্রামে তাঁহার বাসস্থান ছিল। তৎকালে কুলীন শ্রোত্রীয়ের নানারূপ গোলযোগ উপস্থিত হয়। কুলীনের এবং শ্রোত্রীয়ের বিবাহ পদ্ধতি সম্বন্ধে অনেক বিষয় সম্পূর্ণ অমীমাংসিত ছিল। উক্ত উদয়নাচার্য্য একজন কৃতবিদ্য এবং ধীশক্তিসম্পন্ন ছিলেন। তিনি আপন ক্ষমতাবলে নিজ মত প্রচার করিতে লাগিলেন; এবং তৎকর্তৃক প্রচারিত ব্যবস্থা বিনা আপত্তিতে গৃহীত হইল। তাঁহার মতানুসারে এই ব্যবস্থা স্থিরীকৃত হইল যে কুলীনের সন্তান কুলীন, এবং শ্রোত্রীয়ের সন্তান শ্রোত্রীয় হইবেন। কুলীনদিগের পরিবর্ত্ত মর্য্যাদা অর্থাৎ করণ, এবং শ্রোত্রীয়ের কোঁটা ব্যবস্থাপিত হইল। অর্থাৎ কুলীনের কন্যার কুলীনের সহিত বিবাহ হইবেক এবং শ্রোত্রীয়ের কন্যা শ্রোত্রীয় এবং কুলীনে বিবাহিত হইবে। উদয়নাচার্য্য ভাদুড়ি কর্তৃক ইহা অবশ্য কর্ত্তব্য বলিয়া স্থিরীকৃত হইল যে, কুলীনদিগের দুহিতা ও ভগ্নী না থাকিলেও কুশময় করণ করিতে হইবেক অর্থাৎ কুশ দ্বারা দুহিতা প্রভৃতি প্রস্তুত করতঃ করণের ব্যবস্থা হইল। উদয়নাচার্য্য ভাদুড়ি স্বয়ং এই কার্য্যের অগ্রবর্ত্তী হইলেন। তিনি লীলাবতীনাম্নী আপন দুহিতাকে বল্লভাচার্য্য লাহিড়ি নামক এক জন কুলীনের সহিত বিবাহ দেওয়া উপলক্ষে করণ ও পরিবর্ত্ত মর্য্যাদা সৃষ্টি করিলেন। ভিন্ন ভিন্ন স্থানের কুলীনগণ উদয়নাচার্য্যের প্রকাশিত মতের অনুকরণ আরম্ভ করিলেন। কুলীনগণ আপনাপন দুহিতা ও ভগ্নীদিগের পরিবর্ত্ত মর্য্যাদার বিবাহ সম্বন্ধ সম্পাদন করিতে লাগিলেন। উক্ত উদয়নাচার্য্য কর্ত্তৃক শ্রোত্রীয়দিগের সম্বন্ধে এই ব্যবস্থা স্থিরীকৃত হইল যে, পূর্ব্বোক্ত সিদ্ধ শ্রোত্রীয়েরা কুলীনে কন্যা সম্প্রদান কালে কোঁটা প্রদান করিলে তাঁহাদিগের আপনাপন পদমর্য্যাদা রক্ষিত হইবে; এবং কষ্ট শ্রোত্রীয়গণ কোঁটা দ্বারা কুলীনে কন্যা সম্প্রদান করিলে তাঁহারা সিদ্ধ শ্রোত্রীয় পদ প্রাপ্ত হইবেন। (কুলীনের কন্যা শ্রোত্রীয়ে গ্রহণ করিলে উক্ত কুলীন শ্রোত্রীয় হইবেন।) শ্রোত্রীয়ের কন্যা কুলীনদিগের সম্বন্ধে ব্যবস্থাপিত হইল। এই উদয়নাচার্য্য ভাদুড়ির বংশধরগণের মধ্যেই সর্ব্বপ্রথমে কাপের উৎপত্তি হয়।

উদয়নাচার্য্য ভাদুড়ির এক স্ত্রীর গর্ভে ভূপতি, ভবানীপতি, চণ্ডীপতি, গৌরী-পতি, রুদ্রাণীপতি, শচীপতি এবং অন্য স্ত্রীর গর্ভে পশুপতি এই সাত পুত্র

জন্মগ্রহণ করেন। তন্মধ্যে পশুপতি আপন পিতৃগৌরব রক্ষা করিতে সমর্থ হইয়াছিলেন। তিনি কুলীন রহিলেন; অন্য ছয়জন তাঁহাদের পিতার অবাধ্য হইয়া উঠিয়াছিলেন। *

উদয়নাচার্য্য ভাদুড়ি যেরূপ লব্ধ প্রতিষ্ঠ ব্যক্তি ছিলেন, তাহাতে তাঁহার পুত্রগণের উক্ত অসঙ্গত ব্যবহার তাঁহার স্বীয় সর্ব্বোচ্চ সম্ভ্রান্ত পদের হ্রাস করিয়াছিল। তিনি আপন প্রভুত্ব ও পদগৌরব রক্ষার জন্য পুত্রদিগের দণ্ডবিধান করিতে কিছুমাত্র কুণ্ঠিত হইলেন না। তিনি পুত্রদিগকে যথোচিত ভর্ৎসনা করিয়া তাঁহাদিগের কুল গৌরব রহিত করিলেন। তাঁহারা বহুযত্ন করিয়াও আর কুলীনমধ্যে ব্যবহৃত হইতে পারিলেন না। এই ঘটনা হইতেই প্রথম কাপের উদ্ভব হইয়াছে। †

* কথিত আছে যে, উদয়নাচার্য্য ভাদুড়ির সহধর্ম্মিনী একদা নিত্যাহ্নিক সমাপনান্তে নির্ম্মাল্য ধারণোপলক্ষে একটী চাঁপা ফুল মস্তকে ধারণ করিয়াছিলেন; তদ্দর্শনে উদয়নাচার্য্য ভাদুড়ি স্ত্রীর প্রতি অত্যন্ত রুষ্ট হইয়াছিলেন। বর্ষীয়সী হইয়াও বিলাস বাসনা অতিক্রম করিতে পারেন নাই, এই বলিয়া তাঁহার স্ত্রীকে বর্জ্জন করেন। তাঁহার পুত্রগণ মাতাকে পরিত্যাগ করিতে অসমর্থ হওয়ায় উদয়নাচার্য্য পুত্রগণের প্রতি অসন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে কুলভ্রষ্ট করেন। কোন কোন ব্যক্তির মতে ইহারাই কুলভ্রষ্ট বলিয়া কাপ উপাধি প্রাপ্ত হন।

† কিম্বদন্তি আছে যে, কোন একটী ব্রাহ্মণের বাড়ী ভোজ উপলক্ষে শান্তিপুর নিবাসী নরসিংহ লাউড়িয়ালের নিমন্ত্রণ ছিল। হিন্দুসমাজের প্রচলিত রীতি অনুসারে সমুদয় ব্রাহ্মণ উপস্থিত না হইলে, তাঁহাদিগের উপস্থিত হওয়ার জন্য অপেক্ষা করা কর্ত্তব্য। কিন্তু সে দিবস তদ্বিপরীত ঘটনা সংঘটিত হইল। নরসিংহ লাউড়িয়ালের জন্য কেহই অপেক্ষা না করিয়া সকলেই আহারার্থে উপবিষ্ট হইয়াছেন, এমত সময় তিনি উপস্থিত হইয়া তাঁহার জন্য অপেক্ষা না করার কারণ জিজ্ঞাসু হইলে সকলেই তাঁহাকে সুমিষ্ট ভর্ৎসনা বাক্যে বলিলেন যে, আপনি স্বয়ং উচ্চ পদস্থ অথবা সম্ভ্রান্তশালী কোন কুলীনের সহিত বিবাহ সূত্রে আবদ্ধ হন নাই যে আপনার জন্য উপস্থিত উচ্চ পদস্থ ব্যক্তিগণ অপেক্ষা করিতে পারেন। এই ব্যবহারে নরসিংহ লাউড়িয়াল আপনাকে অত্যন্ত ঘৃণিত মনে করিতে লাগিলেন। এই অপমানের উপযুক্ত দণ্ডবিধান অথবা উচ্চপদাভিষিক্ত হওয়ার চিন্তায় তিনি জর্জ্জরিত হইলেন। তিনি অতি সামান্য লোক, সুতরাং তাঁহার এই দুরাকাঙ্ক্ষা সুসিদ্ধ হওয়ার কোন উপায় স্থির করিতে না পারিয়া পরিশেষে তৎকালীন অতি সম্ভ্রান্ত কুলীন বংশোদ্ভব মধুমৈত্র অথবা দেঁই বাগছির সহিত আপন দুহিতার

উদয়নাচার্য্য ভাদুড়ি পরিশেষে পুত্রগণের প্রতি সদয় হইলেন, কিন্তু হিন্দু সমাজের কঠিন রীতি কিছুতেই নিবারিত হইবার নহে। প্রচলিত রীতিনীতি বিরুদ্ধ কার্য্য করিলে যে কলঙ্ক অর্পিত হয়, তাহা বহুকাল পরে যদিও অনেক পরিমাণে শিথিলতা প্রাপ্ত হয়, তথাপি তাহার কিছু চিহ্ন চিরকালের জন্য অবশ্যই হিন্দুসমাজে বিদ্যমান থাকিবে। উদয়নাচার্য্য ভাদুড়ি যিনি স্বয়ং পরিবর্ত্ত মর্য্যাদা সৃষ্টি করিলেন, যাঁহার প্রণীত সমাজনীতি অব্যাহত রূপে সমগ্র বঙ্গদেশে আর্য্যজাতিগণ মধ্যে পরম সমাদরে গৃহীত হইল, তিনি একবার ক্রোধবশতঃ পুত্রগণের প্রতি যে অভিসম্পাত করিলেন, তাহা কিছুতেই নিবারণ করিতে না পারিয়া পরিশেষে পুত্রগণের প্রতি দয়া প্রকাশ করতঃ এইমাত্র উপকার

পরিণয় সম্পাদন করিতে স্থির প্রতিজ্ঞ হইয়া আপন স্ত্রীপুত্র সহ নৌকাপথে যাত্রা করিলেন। রাজসাহী জেলার অন্তর্গত মাঝগ্রামে মধু মৈত্রের বসতি ছিল। তিনি প্রাতঃস্নানান্তে সন্ধ্যোপাসনা এবং তর্পণ করিতেছিলেন, এমন সময়ে সপরিবারে নরসিংহ তথায় উপস্থিত হইয়া আপন মনোগত ভাব প্রকাশ করিয়া করণ করার জন্য অনুরোধ করিলেন। মধু মৈত্র স্বয়ং কুলীন, সুতরাং শ্রোত্রীয়ের সহিত করণ করিতে কোন মতেই সম্মত হইতে পারেন না। নরসিংহ আপন স্ত্রীপুত্র কন্যাকে হত্যা করিয়া পরিশেষে তাঁহার সমক্ষে আত্মহত্যা করিতে কৃতসঙ্কল্প হইলেন। মধু মৈত্র ধর্ম্মভীরু সুতরাং ব্রাহ্মণ বধের ভয়ে অগত্যা সম্মত হইয়া নরসিংহের কন্যাকে বিবাহ করতঃ তাঁহার সহিত করণ সূত্রে আবদ্ধ হইলেন।

মধু মৈত্রের এই বিবাহই মহা অনর্থের মূল হইল। এই বিবাহ হইতেই রাজা বল্লালসেন ব্রাহ্মণদিগের যে শ্রেণী বিভাগ করিয়াছিলেন তদতিরিক্ত কাপ অভিধান উদ্ভব হইল। মধুমৈত্রের পুত্রগণ তাঁহার সহিত আহারাদি পরিত্যাগ করিলেন। পিতা এবং পুত্রে ভয়ানক বিবাদ আরম্ভ হইল। পুত্রগণ স্বতন্ত্র রূপে এক বাটীর মধ্যে অবস্থিতি করিতে লাগিলেন। এই সময়ে মধু মৈত্রের পিতৃশ্রাদ্ধোপলক্ষে দেঁই বাগছি এবং কুলীন ও শ্রোত্রীয় সমাজের প্রধান ২ ব্যক্তি সকল নিমন্ত্রিত হইলেন। দেঁই বাগছি উক্ত মধু মৈত্রের ভগ্নিপতি। উভয়েই একতাবদ্ধ হইলেন। সুতরাং অন্যান্য ব্রাহ্মণগণ তাঁহাদের মতে ঐক্য হইলেন। এই সময় মধু মৈত্রের পুত্রগণের সহিত বিবাদের বিষয় মীমাংসা হইল। পুত্রগণের অপরাধ সিদ্ধান্ত হইল। তাঁহারা আপন পিতার সহিত কুটিল ব্যবহার করিয়া ছিলেন বলিয়া কুলীন সমাজ হইতে বহিষ্কৃত হইলেন। তাঁহাদিগের এই কুটিল ব্যবহারকে সচরাচর সকলে "কাপকরা" বলিতে লাগিল। তদনুসারে ইঁহারা কাপনামে অভিহিত হইলেন। যাঁহারা কুলীনের সহিত আচার ব্যবহারাদি করিতে পারিলেন না, তাঁহারাই ক্রমে এক দলবদ্ধ হইয়া কাপ সমাজ ভুক্ত হইতে লাগিলেন।

করিলেন, যে তাঁহার অবাধ্য পুত্রগণের সম্বন্ধেও করণ ব্যবস্থাপিত হইল। তদনুসারে চণ্ডীপতি ভাদুড়ি গাঁড়াদহের বলাই সান্যালে এবং বলাই সান্যালের সহিত চরড়ার দলাই লাহিড়ির করণ। দলাই লাহিড়ি এবং আঙ্গারুর জীবর ওঝা মৈত্রে করণ। জীবর ওঝা মৈত্রে শ্রীকণ্ঠ সাধু বাগছির করণ। শ্রীকণ্ঠ সাধু বাগছি ও বিম্বাদাইড়ের জগাই কানাই করণ। যাহাদিগের কুল মর্য্যাদা রহিত হইয়াছে, তাহাদিগের সম্বন্ধে করণের কোন ব্যবস্থা ছিলনা। উদয়নাচার্য্য ভাদুড়ি তাঁহার পুত্রদিগের হিত কামনায় উপরোক্ত রূপে কাপের করণের ব্যবস্থা করিয়া গিয়াছেন।

কি কারণ বশতঃ বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণগণের মধ্যে আঘাতে কাপ ও অবসাদে পটীর উদ্ভব হইয়াছে, তাহা পার্য্যালোচনা করিলে স্পষ্টই প্রতীয়মান হয় যে সামাজিক এবং ধর্ম্মবিরুদ্ধ কার্য্য করিলে অথবা ঐ সকল কার্য্য প্রকৃত পক্ষে অনুষ্ঠিত না হইলেও সন্দেহ প্রযুক্ত যে সকল দোষারোপ এবং হিন্দু সমাজের অনৈক্যতা বশতঃ যে সকল ঘটনা উদ্ভব হইয়াছে, ঐ কার্য্যের দণ্ডবিধানের অন্তর অভিধান আঘাত এবং অবসাদ।

হিন্দুরাজার পরিবর্ত্তে যবন রাজা বঙ্গের সিংহাসনে রাজছত্র ধারণ করিলেন; যে রাজা হিন্দুধর্ম্মের মস্তকে পদাঘাত পূর্ব্বক হিন্দুদিগকে বলপূর্ব্বক মুসলমান ধর্ম্মে দীক্ষিত করিতে লাগিলেন, এরূপ স্বেচ্ছাচারী রাজার নিকট ধর্ম্মরক্ষার উপায় কোথায়? এইরূপ ভীষণ বিপ্লবের সময়ও যে আর্য্যধর্ম্ম সম্পূর্ণ রূপে লোপ পায় নাই তাহার প্রধান কারণ হিন্দুদিগের ধর্ম্মে প্রগাঢ় ভক্তি। কিন্তু ঐ সদ্‌গুণের সহিত জাতীয় একতা না থাকায় এই অভিনব পরিবর্ত্তনের সময়ও নানারূপ দলাদলি সমুদ্ভূত হইতে লাগিল। (রাজার ক্ষমতা সমাজের হস্তে অর্পিত হইলে যে অনর্থ উপস্থিত হয়, বর্ত্তমান স্থলেও তাহাই হইয়াছিল।)

ভাগ্যচক্রের আশ্চর্য্য গতি। কালের বিচিত্র মহিমা। মুসলমানদিগের আধিপত্য বিস্তারের সঙ্গে সঙ্গে হিন্দুদিগের আচার ব্যবহার পরিবর্ত্তিত হইতে আরম্ভ হইল। যে আর্য্যজাতি একসময়ে সমগ্র ভারতের শীর্ষ স্থানে সমারূঢ় ছিলেন, যাঁহারা মুসলমানের ছায়া স্পর্শ করিলে স্নান না করিয়া আপনাকে পবিত্র বোধ করিতেন না, সেই হিন্দুজাতি যে বিনা আপত্তিতেই বিজাতীয় সংস্রব গ্রহণ করিবেন, ইহা কিছুতেই অনুমিত হইতে পারেনা; কিন্তু আর্য্যগণ নিতান্ত নিরুপায়!

মুসলমানগণ সংহার মূর্তিতে ভারতপ্রবেশ করিল। হিন্দুগণ ক্রমে ক্রমে বিধ্বস্ত ও নিস্তেজ হইতে লাগিলেন। মুসলমানগণের ভীষণ অত্যাচার আরম্ভ হইল। আর্য্যজাতির অন্তঃপুরবাসিনী রমণীগণ মুসলমান কর্ত্তৃক স্থানে স্থানে অপহৃত এবং কোন কোন স্থলে বল পূর্ব্বক বিবাহিতা হইতে লাগিল। যে সকল ব্রাহ্মণগণ মুসলমান কর্ত্তৃক কোনরূপ নিষ্পীড়িত হন নাই, তাঁহাদিগের সহিত নিষ্পীড়িত দলের সামাজিক গোলযোগ ও দলাদলি উদ্ভূত হইল। হিন্দু রাজত্বের অধঃপতনের পর মুসলমান দিগের অভ্যুদয় সময়ে যে সকল হিন্দুগণ স্থানে স্থানে সামাজিক আধিপত্য বিস্তার করিতেছিলেন, মুসলমান কর্ত্তৃক বিধ্বস্ত ব্রাহ্মণগণ উক্ত ধনাঢ্য ও ক্ষমতাশালী ব্রাহ্মণগণের আশ্রয় পাইতে লাগিলেন; সুতরাং উক্ত জাতীয় বিবাদে কোন পক্ষের জয় পরাজয় স্থিরীকৃত হইল না। এতদ্ব্যতীতও যে সকল সামাজিক গোলযোগ ঐ সময়ে উদ্ভব হইয়াছিল, তাহাও উপরি উক্ত গোলযোগের অন্তর্নিবিষ্ট হইল। এই সময়ে যে ব্যক্তি কর্ত্তৃক যে ভাবে দলাদলির উদ্ভব হইল, ঐ সকল ঘটনার সুখ্যাতি ও অপবাদের সীমাংসা বে ভিন্ন ভিন্ন সমাজের অভিধান প্রদত্ত হইল। ইহাই কুলজ্ঞগ্রন্থে আঘাতে কাপ এবং অবসাদে পঠী বলিয়া বর্ণিত হইয়াছে।

কুলজ্ঞ গ্রন্থে ১৩টী আঘাত এবং ৪২টী অবসাদের বিষয় বর্ণিত হইয়াছে যথা, ১ ভট্টাঘাত, ২ ভবতাঘাত, ৩ বউনেওয়াঘাত ৪ সল্লাঘাত, ৫ শাস্তাঘাত, ৬ আলিয়া ঘাত, ৭ গাছতলিআঘাত, ৮ হতনখানিআঘাত, ৯ বাহাদুরখানিআঘাত, ১০ সন্ধ্যাঘাত, ১১ কাফরখানিআঘাত, ১২ কামিনীআঘাত, ১৩ চন্দ্রাঘাত।*

---

* ১ ভট্টাঘাত কামদেব ভট্টে, ২ ভবতাঘাত ভরতাই ঠাকুরে, ৩ বউনেওয়াঘাত বিষ্ণুদাস মৈত্রে, ৪ সল্লাঘাত দেবাই সান্যালে, ৫ শাস্তাঘাত গৌরীবর সান্যালে, ৬ আলিআঘাত বিভাই মৈত্রে, ৭ গাছতলিআঘাত মুকুন্দ ভাদুড়িতে, ৮ হতনখানি আঘাত শূলপাণি মৈত্রে, ৯ বাহাদুরখানি আঘাত কৃষ্ণানন্দ মৈত্রে, ১০ সন্ধ্যাঘাত যাদুমৈত্রে, ১১ কাফরখানি আঘাত অনন্ত লাহিড়িতে, ১২ কামিনী আঘাত রামচন্দ্র লাহিড়িতে, ১৩ চন্দ্রঘাত বাসুদেব পাঠকে। উক্ত ১৩টী আঘাত মধ্যে ভট্টাঘাত, ভরতাঘাত, বউনেওয়াঘাত এই তিনটী কাপ সমাজ এবং বক্রী ১০ টী আঘাত ও ৪২ টী অবসাদ কুলীন সমাজ ভুক্ত হইয়াছে। তন্মধ্যে কয়েকটী অবসাদ পঠী নামে খ্যাত হইয়াছে এবং ইহা হইতেই কুলীনগণ ৮ পঠীতে বিভক্ত হইয়াছেন। যথা, ১ নিরাবিল, ২ জোনালী, ৩ ভুবণা ৪ রহিলা, ৫ বেণী, ৬ ভবানীপুরী, ৭ আলেখানি, ৮ কুতব খানি।

৪২টী অবসাদ যথা, ১ কালাপুরি, ২ পাঁচুড়িয়া, ৩ বাঁওবাজু, ৪ কুতবখানি, ৫ পরাণ মৌলিক, ৬ আয়রাখানি, ৭ জমোলী, ৮ সাদেখানি, ৯ আলমস্‌খানি, ১০ খোজাম্বরী, ১১ মুদাখানি, ১২ সুজাখানি, ১৩ লাঠুয়াডাঙ্গা, ১৪ ছোটখানি, ১৫ পিরালী, ১৬ পাঁড়েয়াল, ১৭ আলেখানি, ১৮ গয়েরাবাদ, ১৯ কাঁকশেয়ালী, ২০ তেরোয়ালী, ২১ নশিবখানি, ২২ দর্পনারায়ণী, ২৩ রজিলা, ২৪ ভূষণা, ২৫ সহদেবখানি, ২৬ পেগামবরী, ২৭ হিরণ্যতকী, ২৮ পয়নালী, ২৯ চাঁড়ালী, ৩০ বেটীচায়াই, ৩১ বেনী, ৩২ ভবানীপুরী, ৩৩ নবরঙ্গখানি, ৩৪ কচুয়ারহাসনখানি, ৩৫ আব্দুলরহিমানী, ৩৬ চান্দি, ৩৭ শুভবাজখানি, ৩৮ সুলোঙ্গের হাসন খানি, ৩৯ বক্তারি, ৪০ সাহাবাজখানি, ৪১ এক্তারখানি, ৪২ বগা।

এই সময়ে কাপ ও কুলীনসমাজে ভীষণ জাতীয় হিংসা সমুত্থিত হইল। কাপ সংসর্গেই কুলীনগণ কাপ হইতে লাগিলেন। কাপের সহিত একত্র ভোজন, শয়ন এবং স্পর্শমাত্রেই কুলীনগণ কাপ হইতে লাগিলেন। এইরূপে কুলীন সমাজ দিন দিন হ্রাস এবং কাপ সমাজের অতীব শ্রীবৃদ্ধি হইল। এতদুপলক্ষে ১৭ ঘর কুলীন কাপ সমাজভুক্ত হইলেন। অবশিষ্ট ১২ ঘরের † মধ্যে গুড়নৈয়ের জালু মৈত্রের সন্তান কুলীন রূপে ব্যবহৃত আছে। বক্রী ২১ ঘর পরিশেষে কাপ সমাজভুক্ত হইয়াছেন।

কাপসমাজের উৎপীড়নে কুলীনগণ ব্যতিব্যস্ত হইলেন। অতি সহজ উপায়েই কুলীনগণ কাপ হইতে লাগিলেন। কুলীনের আত্মরক্ষা অসাধ্য হইল। এই সময়ে জেলা রাজসাহীর অধীন তাহেরপুর গ্রামে রাজা কংসনারায়ণ বসতি করিতেন। * তিনি সিদ্ধ শ্রোত্রীয় বংশসম্ভূত অতি সমৃদ্ধিশালী ভূম্যধিকারী

* কুন্দিপুখরিয়ার রামকমল, নয়ন, মীনকেতন। গুড়নৈয়ের জালু। সাতটার পুরুষোত্তম, নাথু লাহিড়ি, আঁচু লাহিড়ি, শ্রীগর্ভ লাহিড়ি, রঘুনাথ লাহিড়ি, রাঘব লাহিড়ি, যদু সান্যাল, যদু ভাদুড়ি।

† ভট্টাঘাত, ভরতাঘাত এবং বউনেওয়াঘাত এই তিন আঘাতে কাপের সৃষ্টি। নিতাই ত্যাগ করিল পুত্র, কেশাই ছাড়িল ভাই। ভরতাঘাতে কুলীন টোটে লেখা যোঁখা নাই। সাতাইর ঘর বড়িয়া; ভূর্শ্রাম গাঙ্গলী; গত্রনা কান্দির শক্তিধর; উপৈলসরের মনোহর; কুন্দিপুখরিয়ার বিক্কাই; ভরতাইর বংশ; ডাওর মাঝি; পুখরিয়ার মানাই কেশাই; মানাইর বংশ; ছোট চান্দাই; ঘাউনিয়ার চতুর্ভুজ; চতুর্ভুজ শিঙ্গা ভাজা; ভীম চামাঝি; কৈল গহর;

ছিলেন। কুলীনগণ তাঁহার শরণাপন্ন হইলেন। তিনি তৎকালে হিন্দু সমাজের নায়ক পদে সমারূঢ় ছিলেন। তাঁহাকে কুলজ্ঞগণ বারেন্দ্র সমাজের যূপ বলিয়া বর্ণন করিয়াছেন। রাজা কংসনারায়ণ কুলীনদিগের দুরবস্থা দর্শনে ইহার প্রতিকার করিতে কৃতসঙ্কল্প হইলেন। পরিশেষে সমুদয় কুলীন ও কুলজ্ঞ গণের পরামর্শ গ্রহণ করতঃ এই ব্যবস্থা নিবদ্ধ করিলেন যে কাপের সহিত কুশ বারি সংযোগ অর্থাৎ (করণ ব্যতীত কুলীনের কুলভঙ্গ হইবে না।) শ্রোত্রীয়গণ কুলীন ও কাপে কন্যাদান করিতে পারিবেন। ইতঃপূর্ব্বে কাপের সহিত একত্র শয়ন ভোজন হেতু কুলীনের যে কুলভঙ্গ হইত, তাহা সম্পূর্ণরূপে রহিত হইল।

বালিয়াগর ; মাটিকোপা। এই শতেক ঘর কর্ত্তা কাপের মধ্যে গণ্য যায়। ১২ ঘর কর্ত্তা অর্থাৎ ১২ ঘর কুলীন ছিটাতে আবদ্ধ হইলেন যথা, কুদি পুখরিয়ার রাম, কমল, নয়ন, মীনকেতন, গুড়নৈয়ের জানু, সাতটার পুরুষোত্তম ভট্টাচার্য, আঁচু লাহিড়ি, নাথু লাহিড়ি, শ্রীগর্ভ সান্যাল, শ্রীগর্ভ লাহিড়ি, যদু সান্যাল, যদু ভাদুড়ি ইহারা সকলে তাহেরপুরের রাজা কংসনারায়ণের নিকট উপস্থিত হইয়া কহিলেন মহারাজ হিন্দুর শ্রেষ্ঠ, বারেন্দ্র কুলের যূপ। স্বতেজকে আস্তাড়ন করিলে নিস্তেজ হয়, নিস্তেজকে ভোজন দিলে স্বতেজ হয়। আমাদিগের কাপ সংসর্গে কুলপাত হয়। অতএব মহারাজ আমাদিগের কুল রক্ষা করুন। পরে রাজা কংসনারায়ণ কুলজ্ঞ সহ সভা করিয়া কুলজ্ঞগণের নিকট জিজ্ঞাসা করিলেন যে, এই সকল কুলীনের কিরূপে কুলরক্ষা হইতে পারে। কুলজ্ঞেরা কহিলেন, মহারাজের পূর্ব্বপুরুষ ভোজন দ্বারা কুলীনের আঘাত, অবসাদ নিষ্কৃতি করিয়াছেন। তাহার প্রমাণ এই কামদেব ভট্ট ভোজন দ্বারা ভট্টাঘাত নিষ্কৃতি করেন। নিধি তলাপাত্র ভোজন দ্বারা হতকখানি নিষ্কৃতি করেন। ধনঞ্জয় বড়ঠাকুর ভোজন দ্বারা শুভ বাক খানি নিষ্কৃতি করেন। লক্ষণ তলাপাত্র ভোজন দ্বারা সাতেখানি নিষ্কৃতি করেন। মহারাজা ভোজন দ্বারা রূপনারায়ণী নিষ্কৃতি করিয়াছেন। (অতএব মহারাজ এইক্ষণ আপনি কাপে কন্যাদান এবং কাপকুলীন একত্রে ভোজন দিয়া ব্যবস্থা কল্পনা করুন।) তাহা হইলে এ সকল কুলীনের কুলরক্ষা হইবে। কুলজ্ঞদিগের ব্যবস্থানুসারে রাজা কংসনারায়ণ এক কন্যার বিবাহ দেন বঙ্গসান্যালের পুত্রে ; আর এক কন্যার বিবাহ দেন সদানন্দ সান্যালের সহিত। দুই কাপে দুই কন্যা দিয়া এবং কাপ কুলীন একত্র ভোজন দিয়া ব্যবস্থা কল্পনা করিলেন যে, মুখ্য কর্ত্তা কুলীন এবং গৌণ কর্ত্তা কাপ। কুলীনে কাপে ভোজনাদি সংসর্গে কুলপাত হইবেক না। কেবল করণ দ্বারা কুলপাত হইবে। কার উপকার যুক্ত কুলীন। কার উপকার বিহীন কাপ। যেমন কুলীনের পরিবর্ত্ত ধর্ম্ম। সেইরূপ কাপের পরিবর্ত্ত ধর্ম্ম। এই নিয়ম প্রচলিত করিয়া রাজা কংসনারায়ণের গঙ্গালাভ। অদ্যাপিও সেই অনুসারে কাপ কুলীনের নিয়ম চলিতেছে।

কংসনারায়ণ স্বয়ং এই কার্য্যের অগ্রবর্ত্তী হইলেন। তিনি আপন দুই দুহিতার প্রথমটীকে বঙ্গ সান্ন্যালের পুত্রের সহিত এবং দ্বিতীয় কন্যাকে ডাওর মাঝির পুত্র সদানন্দ সান্ন্যালের সহিত বিবাহ দিয়া কাপের মর্য্যাদা সৃষ্টি করিলেন। রাজা কংসনারায়ণ আপন দুহিতা দুইজনের কাপে উক্ত বিবাহ দান করিয়া কাপ ও কুলীনে একত্র ভোজন করাইলেন। ইতঃপূর্ব্বে কাপগণ সমাজে সমাধিক ঘৃণিত ছিলেন। রাজা কংসনারায়ণ কর্ত্তৃক এইরূপ মর্য্যাদা সৃষ্টি হইল, যে মুখ্য কর্ত্তা কুলীন এবং গৌণ কর্ত্তা কাপ। কষ্ট শ্রোত্রীয়ের কন্যা মুখ্য কর্ত্তা অর্থাৎ কুলীনে গ্রহণ করিলে তাহাকে প্রসিদ্ধ কুলীনের সহিত করণ করিতে হইবে, ইহারই নাম উপকার করণ। গৌণকর্ত্তা অর্থাৎ কাপের ঐরূপ উপকার করণ করিতে হইবেনা।

রাজা বল্লাল সেনের পরবর্ত্তী অতি সুদীর্ঘকাল মধ্যে তাঁহার বংশধরগণ অথবা অন্য কোন ব্যক্তি কৌলীন্য মর্য্যাদার সুশৃঙ্খলরূপে উৎকৃষ্ট নিয়ম ব্যবস্থা করিতে পারেন নাই। প্রভুত্ব ও ঐশ্বর্য্যের গৌরব অনুসারে যথেচ্ছ ব্যবহার অনুষ্ঠিত হইত। রাজা কংসনারায়ণ কর্ত্তৃক যে ব্যবস্থা বিধিবদ্ধ হইয়াছে, তাহাই অপ্রতিহত ভাবে সমগ্র বারেন্দ্রশ্রেণী আদ্যজাতিগণ বিনা আপত্তিতে গ্রহণ করিয়াছেন। রাজা কংসনারায়ণ কি অভিপ্রায়ে উক্ত রূপ ব্যবস্থা প্রবর্ত্তিত করিলেন, তাহার যথাযথ কারণ অনুসন্ধান করা অতীব কঠিন। ইহা দ্বারা যে কোন সুব্যবস্থা বিধি বদ্ধ হইয়াছে অথবা রাজা বল্লালসেন যে মহৎ উদ্দেশ্যে ব্রাহ্মণগণের শ্রেণী বিভাগ করিয়া ছিলেন, তাহা যে উন্নতির উচ্চতম সোপানে স্থাপিত হইল, ইহা কোন মতেই বিবেচিত হইতে পারেনা। কিন্তু বিশেষ বিবেচনা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীয়মান হয় যে, রাজা কংসনারায়ণ কর্ত্তৃক যে সময়ে এই ব্যবস্থা প্রণীত হয়, তখন কুলগৌরব বংশানুসারে উত্তরাধিকারীগণে ন্যস্ত হওয়ার নিয়ম প্রবল থাকায়, কুলীনগণের কুলরক্ষার উপযোগী উক্ত ব্যবস্থা যথেষ্ট হইয়াছিল। আর্য্য জাতির প্রাচীন কালের আচার ব্যবহার পর্য্যালোচনা করিলে দৃষ্ট হয়, যে সমাজবদ্ধ হইয়া বাস করিতে হইলে দেশাচারের বশবর্ত্তী হইতে হয়। যে সকল নিয়ম অথবা ধর্ম্ম কার্য্য সম্বন্ধে শাস্ত্রের নিয়ম অতি কঠিন রূপে ব্যবস্থাপিত হইয়াছে, তাহাও লৌকিক আচার ব্যবহারের অনুরোধে উল্লঙ্ঘন করিতে হয়। যে সকল আচার ব্যবহার হিন্দু শাস্ত্রবিরোধী, তাহাও পূর্ব্বপুরুষগণ কর্ত্তৃক ব্যবহৃত বলিয়া পরম সমাদরে গৃহীত হইয়া থাকে।

বর্ত্তমান উনবিংশ শতাব্দীতে বিদ্যার বিমল আলোকে লোকের অজ্ঞানতা অনেক পরিমাণে তিরোহিত হইয়াছে। অনেকেই সভ্যতা ও জ্ঞানের উচ্চতম সোপানে সমারূঢ় হইয়াছেন; কিন্তু পূর্ব্ব পরম্পরাগত কৌলীন্য মর্য্যাদা অনেক পরিমাণে শিথিলতা প্রাপ্ত হইলেও তাহার মূল বন্ধন এ পর্য্যন্ত কেহই ছেদন করিতে সমর্থ হন নাই। যাহা হউক প্রথমাবস্থায় যে সকল নিয়ম এইরূপে সংস্থাপিত হইয়াছে, তাহার প্রকৃত মর্ম্ম উপলব্ধি হওয়া কঠিন। এক্ষণে সেই সমস্ত নিয়ম উল্লঙ্ঘন করিলে সমাজে অপদস্থ এবং ঘৃণিত হইতে হয়।

কি কারণে বঙ্গদেশবাসী ব্রাহ্মণগণের মধ্যে বহু বিবাহ প্রথা প্রবর্ত্তিত হইয়াছে, কি কারণে পিতামাতা আপন সন্তানবাৎসল্য বিসর্জ্জন দিয়া আপন শিশু কন্যাগণকে বাল্য পরিণয় সূত্রে বদ্ধ এবং কোন কোন সমাজ বিশেষের কন্যাগণ, অশীতি বর্ষ বয়ঃক্রম পর্য্যন্ত বিবাহ সূত্রে বদ্ধ হইতে পারে না; কি কারণে মনু পরাশর প্রভৃতি ঋষিগণ প্রণীত গ্রন্থ সকল ও কুলীনগণের পদতলে বিদলিত হইয়াছে, * তাহার মূল কারণ অনুসন্ধান করিলে স্পষ্টই প্রতীতি হইবে যে কৌলীন্য মর্য্যাদা অপাত্রে বিন্যস্ত হওয়াই তাহার প্রধান কারণ। যদিও প্রাচীন আচার ব্যবহার এবং ধর্ম্মভাব বঙ্গের ব্রাহ্মণগণের হৃদয় হইতে অনেক পরিমাণে অপনীত হইয়াছে, তথাপি কৌলীন্য প্রথা না থাকিলে কখনও হিন্দু সমাজের এরূপ দুর্গতি উপস্থিত হইত না।

এই সময় ব্রাহ্মণগণের হৃদয় হইতে ধর্ম্মভাব অনেক পরিমাণে তিরোহিত হইল। কৌলীন্য সম্ভ্রমের উপর সকলের পদমর্য্যাদা সংস্থাপিত হইল। ধর্ম্মশাস্ত্র অপহৃত হইল। কুলীনের কন্যা সময়োচিত বিবাহসূত্রে আবদ্ধ হইতে পারিল না। কোন কোন স্থলে ৩৫ বৎসরের কন্যার বিবাহ এবং স্থলবিশেষে কন্যাগণ সম্পূর্ণ অবিবাহিতা রহিল। †

---

* ত্রিংশদ্বর্ষো বহেৎ কন্যাং হৃদ্যাং দ্বাদশবার্ষিকীং। ত্র্যষ্টবর্ষোঽষ্টবর্ষাং বা ধর্ম্মে সীদতি সত্বরঃ। মনু। অষ্টবর্ষা ভবেৎ গৌরী নববর্ষাতু রোহিনী। দশমে কন্যকা প্রোক্তা অতউর্দ্ধং রজস্বলা। অঙ্গিরা।

† এই প্রথা রাঢ়ীশ্রেণী কুলীনের মধ্যেই অধিক পরিমাণে দেখিতে পাওয়া যায়।

এই পরিবর্ত্তনের সময় কাপ ও কুলীন সমাজে পুনরায় ভীষণ জাতীয় হিংসা সমুপস্থিত হইয়াছিল। কাপ সমাজ ক্রমে প্রবল ক্ষমতাশালী হইয়া উঠিল। করণোপলক্ষে কুলীনগণ যে অপরিমিত অর্থ প্রার্থনা করিলেন, তাহাই বিনা আপত্তিতে প্রদত্ত হইতে লাগিল। ইহা অনায়াসেই বোধগম্য হইতে পারে যে, বর্ত্তমান উনবিংশ শতাব্দীতে কৌলীন্য মর্য্যাদা ও সম্ভ্রম হ্রাস হইয়াছে এবং অধিকাংশ স্থলেই কুলীনগণ অতি সুলভ মূল্যে বিক্রয় হইতেছেন। কুলীনগণের প্রথম অভ্যুদয়কালে তদ্রূপ ছিল না। বহু অর্থব্যয় ও নানাবিধ প্রলোভনেও কুলীনগণ কখনও কাপ সমাজে বিবাহ সম্বন্ধে বদ্ধ হইতে স্বীকৃত হইতেন না। সুবিধা ও সুযোগের বশবর্ত্তী হইয়া অনেক কুলীন অপহৃত এবং বলপূর্ব্বক কাপের সহিত বিবাহ সম্বন্ধে আবদ্ধ হইলেন। যিনি যত উচ্চ ও অধিক পরিমাণ কুলীনের সহিত করণ করিতে পারিলেন, তিনি ততই উচ্চপদস্থ কাপ বলিয়া বর্ণিত হইলেন। কুলীনগণ কাপের সহিত বিবাহ সূত্রে আবদ্ধ হইলেই, কুলজ্ঞ গ্রন্থে উক্ত কুলীনের টুট বলিয়া বর্ণিত হইয়াছে। তিনি অথবা তাঁহার উত্তরাধিকারিগণ কোন অবস্থাতেই আর কুলীন হইতে পারিবেন না।

কুলীন ও কাপের করণ এবং শ্রোত্রীয়ের ফোঁটার যে ব্যবস্থা নির্দ্দিষ্ট হইয়াছিল, তাহাই মূল ব্যবস্থা স্বরূপ বর্ত্তমান সময় পর্য্যন্ত অপ্রতিহত ভাবে প্রচলিত আছে। ইহার অনতিদীর্ঘকাল পরে ঐ সকল মূল সূত্র হইতে যে সকল শাখা প্রশাখার উৎপত্তি হইয়াছিল, তাহা কোন্ সময়ে কিরূপ ভাবে হইয়াছে, তাহার যথাযথ বিবরণ কুলজ্ঞ গ্রন্থে পাওয়া যায়না। কিন্তু তাহা বিনা আপত্তিতে বারেন্দ্র সমাজে প্রচলিত থাকায় তাহাও কুলশাস্ত্রের অন্তর্গত হইয়াছে। ঐ সকল ঘটনা অনুসন্ধানে যাহা অবগত হওয়া গিয়াছে, তাহার সারাংশ হইতে প্রকৃত ঘটনাবলী উদ্ধৃত করা গেল। সাধ্যানুসারে প্রকৃত ঘটনা লিখিতে বিশেষ যত্ন করিতে কিছু মাত্র ত্রুটি হয় নাই।

ক্রমাগত ভিন্ন ভিন্ন ঘটনা উপলক্ষে সমাজ মধ্যে যে সকল গোল আরম্ভ হইয়াছিল, তাহার পরিণাম ফল হইতে কুলীনগণ মধ্যে "পোকরা" ও "ভাইকরা" নামে আর দুইটী অপবাদের উদ্ভব হইয়াছে। প্রথম বিবাদ আরম্ভ সময়ে সকলেই আপন আপন পক্ষ সমর্থন এবং অন্য পক্ষকে নিস্তেজ করিতে সাধ্যানুসারে কিছুমাত্র ত্রুটি করেন না। সময় সময় পিতা পুত্রে, ভ্রাতায় ভ্রাতায়, পিতৃব্য

ভ্রাতুষ্পুত্রে এবং জ্ঞাতিগণ পরস্পর পরস্পরকে বিধ্বস্ত করিতে কিছুমাত্র কুণ্ঠিত হন না। (জ্ঞাতিবৃন্দের প্রাধান্য রহিত করাই ঐ সকল জাতীয় হিংসার প্রধান উদ্দেশ্য।) পরিশেষে উভয় পক্ষ হীনতেজ হইয়া পড়িলে ঐ সকল বিবাদানল দলাদলীরূপে পরিণত হইয়া "থাক" প্রভৃতি নামে অভিহিত হইয়াছে। এতদ্ভিন্ন সমাজস্থ প্রধান প্রধান ব্যক্তি কর্ত্তৃক সময়ে সময়ে যে সকল ব্যবস্থা প্রচলিত হয়, তাহা ঐ সকল ব্যক্তির মত বলিয়া সমাজের লোক বিনা আপত্তিতে গ্রহণ করেন। বর্ত্তমান সময় পর্য্যন্ত উল্লিখিত প্রণালীর যে সকল ব্যবস্থা ও নিয়ম প্রচলিত আছে, তাহা নিম্নে লিখিত হইল।

কুলীন, শ্রোত্রীয় এবং কাপ সমাজের যে সকল ব্যবস্থা বিবৃত হইয়াছে, তদনুসারে কুশবারি সংযোগ ব্যতীত কুলীনগণ কাপ এবং ফোঁটা ব্যতীত উক্ত উভয় সম্প্রদায়স্থ ব্যক্তি শ্রোত্রীয় হইতে পারেন না। এই ব্যবস্থা সর্ব্ববাদিসম্মত এবং তাহা বারেন্দ্র সমাজ মধ্যে প্রবলরূপে প্রচলিত আছে। এতদ্ব্যতীতও কতক গুলি কার্য্য এরূপ ভাবে নিষিদ্ধ আছে যে ঐ সকল কার্য্য অনুষ্ঠিত হইলে তাহার ফল করণ এবং ফোঁটার ন্যায় হইয়া থাকে।

কুলশাস্ত্রের ব্যবস্থা।

১। কুলীনের পিতা বর্ত্তমান থাকিলে তাঁহার পুত্রগণকে পিতার কুশে থাকা বলে। পিতা বর্ত্তমানে কুলীন ভ্রাতৃগণের মধ্যে যদি কেহ কাপের সহিত করণ করেন, তাহা হইলে উক্ত কুলীন কাপ এবং তাঁহার ভ্রাতা ও পিতা দোষগ্রস্ত হইয়া "পোকরা" শব্দে অভিহিত হন। তাঁহারা সচরাচর কুলীনের মধ্যে ব্যবহৃত হইতে পারেন না। তাঁহাদিগকে "স্থগিদ কুলীন" বলে; কিন্তু তাঁহারা কাপ সমাজে কুলীনের তুল্য বলিয়া সমাদৃত হইয়া থাকেন।

২। পিতার মৃত্যুর পর কুশ পৃথক না হইলে, কুলীন ভ্রাতাগণ মধ্যে যদি কেহ উপরোক্ত মত কাপের সহিত করণ করেন, তাহা হইলে অন্যান্য কুলীন ভ্রাতাগণ দোষগ্রস্ত হইয়া "ভাইকরা" শব্দে অভিহিত হইয়া থাকেন।

৩। কুলীনের পুত্রগণ তাঁহাদের পিতার মৃত্যুর পর আপন আপন কুশ বিভাগ করার জন্য সকলেই কুলীনের সহিত পৃথক পৃথক করণ করিতে বাধ্য। এইরূপ করণ অধিকাংশ স্থলেই কুশময় করণ হইয়া থাকে। এই করণের নাম "কুলজ করণ"। কুলীনগণের মধ্যে পিতা বর্ত্তমানে এইরূপ করণ করার অধিকার পুত্রগণের নাই।

৪। কুলীনের পিতা বর্ত্তমানে তিনি স্বয়ং অথবা পুত্রগণকে যদি কাপের সহিত করণ করিতে অনুমতি প্রদান করেন, তাহা হইলে তিনি এবং তাঁহার পুত্রগণ কোন অবস্থাতেই কুলীনের ন্যায় ব্যবহৃত হইতে পারেন না; কিন্তু যদি তাঁহার অনভিমতে তাঁহার কোন পুত্র কর্ত্তৃক ঐরূপ কার্য্য অনুষ্ঠিত হয় এবং যদি তিনি তৎক্ষণাৎ উক্ত পুত্রকে পরিত্যাগ করেন, তাহা হইলে তিনি কুল-মর্য্যাদা রক্ষা করিতে পারেন। কিন্তু এই ব্যবস্থানুযায়ী উক্তরূপ স্থলে দোষগ্রস্ত ব্যক্তিগণকে সচরাচর কুলীনের মধ্যে পরিগণিত হইতে দেখা যায় না।

৫। উপরোক্ত ব্যক্তিগণের অপবাদ নিষ্কৃতির জন্য স্বজাতি মধ্যে যে করণ অনুষ্ঠিত হয়, তাহাকে "উদ্ধার করণ" বলে।

৬। কুলীন অথবা কাপের অজ্ঞাতে এবং অনভিমতে তাঁহাদের পুত্র অথবা অন্য কোন বন্ধুকর্ত্তৃক কুলীনের কন্যা কাপে অথবা শোত্রীয়ে এবং কাপের কন্যা শ্রোত্রীয়ে বিবাহিত হইলে উক্ত কুলীন প্রথমোক্ত কারণে কাপ এবং শেষোক্ত কারণে উক্ত কুলীন এবং কাপ উভয়েই দোষী গণ্য হইয়া "শোত্রীয়াক্ত" শব্দে অভিহিত হইয়া থাকেন। ইহার নিষ্কৃতির ব্যবস্থা সচরাচর দেখিতে পাওয়া যায় না।

৭। কাপ সমাজের নিয়মাবলী অনেক স্থলে কুলীনের সহিত বিভিন্ন। (কাপ ইচ্ছা করিলে আপন জীবদ্দশায় সন্তানগণকে কুশ পৃথক করিয়া দিতে পারেন।) এরূপ কুশ পৃথক হইলে পিতা বর্ত্তমানেই পুত্রগণের স্বয়ং করণ করার অধিকার জন্মে। কিন্তু উক্ত রূপ কুশ পৃথক করিয়া দেওয়ার পর পিতার করণ করার অধিকার সম্পূর্ণ লোপ হয়। কুশ পৃথক করিয়া দেওয়ার পর তাঁহার কোন পুত্র জন্মগ্রহণ করিলে উক্ত সন্তানগণের "গর্ভশুড়া" অপবাদ হয় এবং তাহাদিগের করণ করার অধিকার থাকে না; কিন্তু যে সকল পুত্রগণকে পূর্ব্বে কুশ পৃথক করিয়া দেওয়া হইয়াছে, তাহাদিগের কোন অপবাদ হয় না।

করণ ও কোঁটা ব্যতীত যেস্থলে কাপ ও শ্রোত্রীয় হওয়ার বিধান নির্দ্দিষ্ট হইয়াছে।

করণ ব্যতীত স্বজাতি অর্থাৎ স্বশ্রেণীর কন্যা গ্রহণ কাপ এবং কুলীন উভয়ের সম্বন্ধে সম্পূর্ণ নিষিদ্ধ*। কাপ অপেক্ষা কুলীন শ্রেষ্ঠ, তজ্জন্য উচ্চশ্রেণীর বন্ধুহীনা কন্যা† করণ ব্যতীত গ্রহণ কাপের পক্ষে অনুমোদিত হইয়াছে। শ্রোত্রীয়ের সম্বন্ধে করণ সম্পূর্ণ নিষেধ; সুতরাং যে কুলীন অথবা কাপ করণ ব্যতীত কন্যা দান করিবেন, তিনি শ্রোত্রীয়ের ধর্ম্ম অবলম্বন করিলেন বলিয়া বিবেচিত হওয়ায় শ্রোত্রীয় হইবেন। কুলজ্ঞ গ্রন্থে বর্ণিত হইয়াছে, যে পরশুরাম পঞ্চানন নামক একজন অতি প্রসিদ্ধ আঢ্য কাপ তাঁহার কন্যার বিবাহ নিরাবিল পট্টীর কুলীন কৃষ্ণদাস লাহিড়ীর সহিত সম্পাদন করেন। কৌলীন্য মর্য্যাদার আরম্ভ হইতে কুলশাস্ত্র সম্বন্ধে কুলজ্ঞগণের অসাধারণ ক্ষমতা ও প্রভুত্ব পরিচালিত হইয়া আসিতেছিল। মনু প্রভৃতি ঋষিগণ প্রণীত ধর্ম্মশাস্ত্র আর্য্য জাতিগণ যে রূপ বিনা আপত্তিতে গ্রহণ করিতে বাধ্য, কুলশাস্ত্র সম্বন্ধে কুলজ্ঞগণের মত গ্রহণ করিতে বারেন্দ্র সমাজের সকলেই তদ্রূপ বাধ্য ছিলেন। কুলশাস্ত্র সম্বন্ধে ব্যবস্থা ও বিচারের ভার কুলজ্ঞগণের হস্তে ন্যস্ত ছিল। বর্ত্তমান সময়ে কুলজ্ঞগণের যেরূপ অনাদর হইয়াছে, পূর্ব্বে তদ্রূপ ছিলনা। সমাজ

---

* কুলীনত্বং পরিবর্ত্তং কল্পিতং কুলপঞ্জিকাং। কন্যায়াঃ প্রতিদানেন শ্রোত্রীয়ত্বং বিধিয়তে কুলশাস্ত্র।

† পিতামাতামহোভ্রাতা সকুল্যো জননী তথা। কন্যাপ্রদঃ পূর্ব্বনাশে প্রকৃতিস্থঃ পরঃ পরঃ। শাস্ত্রানুসারে ইঁহারাই কন্যাদানাধিকারী বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন। কুলশাস্ত্রানুসারে যে কন্যার পিতা, ভ্রাতা প্রভৃতি বর্ত্তমান নাই, অথবা তাঁহাদের কেহ নিকট সম্পর্কীয় কোন জ্ঞাতি বর্ত্তমান থাকা সত্ত্বেও যে কন্যার বিবাহের সময় করণ করিতে অসম্মত তাহাকে বন্ধুহীনা কন্যা বলে। স্ত্রীলোকের করণ করার অধিকার নাই, সুতরাং মাতা বর্ত্তমানেও কন্যাগণ বন্ধুহীনা কন্যা হইয়া থাকেন। ফলতঃ কুলশাস্ত্রানুসারে পিতা এবং সহোদর ভ্রাতা বর্ত্তমান না থাকিলে তাহাকে সচরাচর বন্ধুহীনা বলে।

মধ্যে অতি ধনাঢ্য ও সম্ভ্রান্ত ভূম্যধিকারিগণও অতি দরিদ্র কুলজ্ঞের নিকট অবনত মস্তকে থাকিতেন। কুলজ্ঞগণ করণ ব্যতীত বিবাহ দর্শনে সাতিশয় ক্রোধান্বিত হইয়া কৃষ্ণদাস লাহিড়ীকে "কিংবদন্তি" অবসাদ দ্বারা আস্তাড়ণ করিলেন। কিংবদন্তি অর্থাৎ এরূপ একটী ভয়ানক অসদনুষ্ঠান হইল যে তাহার কি অভিধা প্রদত্ত হইবে, তাহা কিছুই স্থির হইল না। এতদুপলক্ষে নানারূপ বিচার আরম্ভ হইল। অনেক রূপ বিচারের পর কুলজ্ঞগণ এই ব্যবস্থা প্রদান করিলেন, যে পরশুরাম পঞ্চানন তাঁহার কন্যার বিবাহের সময় করণ না করা হেতু তিনি শ্রোত্রীয় হইবেন। তৎ হেতু তাঁহার কন্যা গ্রহণ করায় কুলীনের শ্রোত্রীয়ের কন্যা গ্রহণের ফল হওয়ায় কুলীনের কোন দোষ হইবে না। তিনি অতি প্রধান, ও কুলীনের সহিত কন্যার বিবাহ দেওয়ায় কুলজ্ঞগণ তাঁহাকে সিদ্ধ শ্রোত্রীয় পদ প্রদান করিলেন। এই ঘটনা হইতেই উক্তরূপ ব্যবস্থা প্রবর্ত্তিত হইয়াছে। কুলীন যদি অন্য কোন কুলীনের সহিত করণ ব্যতীত কন্যা সম্প্রদান করেন, তাহা হইলে কন্যাদাতা কুলীন শ্রোত্রীয় হইবেন। গ্রহীতা স্বপদে থাকিবেন।

পোষ্যপুত্র।

দত্তক* পুত্রের সহিত জন্মদাতা পিতার স্বাভাবিক সম্বন্ধ ব্যতীত অন্য কোন সম্বন্ধ থাকে না। সমশ্রেণী হইতে গৃহীত পোষ্যপুত্রের কুল গৌরব তাহার গ্রহীতা পিতার কুলমর্য্যাদা অনুসারেই অবধারিত হইয়া থাকে। তজ্জন্য কুলীনের পুত্র কুলীন কর্ত্তৃক গৃহীত হইলে কুলীন এবং নীচ শ্রেণীস্থ কাপের পুত্র আঢ্য কাপ কর্ত্তৃক গৃহীত হইলে দত্তক পুত্র আঢ্য কাপ + এবং কষ্টশ্রোত্রী-

---

* হিন্দুশাস্ত্রানুসারে দ্বাদশ প্রকার পুত্রের উল্লেখ আছে। তন্মধ্যে কলিযুগে ঔরস এবং দত্তক পুত্র ব্যতীত অন্য পুত্রের বিধান নাই। অপুত্রেনৈব কর্ত্তব্যঃ পুত্র প্রতিনিধিঃ সদা। পিণ্ডোদক ক্রিয়া হেতোঃ নাম সঙ্কীর্ত্তনায়চ।

+ যিনি কাপ কুলীনের সহিত করণ এবং সিদ্ধ শ্রোত্রীয়ের কন্যা গ্রহণ করেন, তাঁহাকেই আঢ্যকাপ বলে।

য়ের পুত্র সিদ্ধ শ্রোত্রীয় কর্ত্তৃক গৃহীত হইলে পোষ্যপুত্র সিদ্ধ শ্রোত্রীয় হইবেন। সমশ্রেণী ভিন্ন অন্য শ্রেণী হইতে পোষ্য পুত্র গৃহীত হইলে তাহার ব্যবস্থা স্বতন্ত্র রূপ স্থিরীকৃত হইয়াছে। জাতিভেদ সম্বন্ধে হিন্দুধর্ম্মের যে অতি কঠোর নিয়ম প্রচলিত আছে, কুলশাস্ত্র সম্বন্ধেও কুলীন, কাপ এবং শ্রোত্রীয়গণের ঠিক সেই নিয়ম। ব্রাহ্মণগণ সদনুষ্ঠানে বিরত হইয়া অধর্ম্মানুষ্ঠান দ্বারা শূদ্র হইতে পারেন, কিন্তু শূদ্রজাতি কর্ত্তৃক বিশেষ সদাচরণ অনুষ্ঠিত হইলেও কোন অবস্থাতেই ব্রাহ্মণ হইতে পারে না। উচ্চ শ্রেণীস্থ ব্যক্তি নীচপদগামী হইতে পারেন। নীচ পদস্থ ব্যক্তি কখনও উচ্চপদ প্রাপ্ত হইতে পারে না। হিন্দু শাস্ত্রের এই মূল নিয়মানুসারে কুলশাস্ত্রের এই ব্যবস্থা স্থিরীকৃত হইয়াছে, যে কুলীন কর্ত্তৃক কাপ অথবা শ্রোত্রীয়ের পুত্র দত্তক গৃহীত হইলে উক্ত দত্তক তাহার জনক পিতার কুলমর্য্যাদা অনুসারে কাপ অথবা শ্রোত্রীয় হইবেন। কাপ কর্ত্তৃক শ্রোত্রীয়ের পুত্র দত্তক গৃহীত হইলেও তদ্রূপ শ্রোত্রীয় হইবেন। কুলীনের পুত্র কাপ অথবা শ্রোত্রীয় কর্ত্তৃক গৃহীত হইলে দত্তকদাতা কুলীন, কাপ অথবা শ্রোত্রীয়ান্তর দোষে দোষী হইবেন। কাপের পুত্র শ্রোত্রীয় কর্ত্তৃক গৃহীত হইলে পুত্রদাতা কাপ শ্রোত্রীয়ান্তর দোষে দোষী হইবেন।

১। অনুপনীত কর্ত্তৃক করণ অনুমোদিত হইয়াছে *। কুলজ্ঞগ্রন্থে বর্ণিত হইয়াছে যে "ছয় বৎসরের ভূপতি ভাদুড়ী কুশের মেখলা গলায় দিয়া ঐ ভূপতি ভাদুড়ী রামহরি বাগছীর সহিত করণ করেন"। কুলজ্ঞ গ্রন্থে এই রূপ বর্ণিত হওয়ায় ভূপতি ভাদুড়ীর দৃষ্টান্তানুসারে এই ব্যবস্থা বিধি বদ্ধ হইয়াছে।†

---

* বোধ হয় হিন্দুশাস্ত্রের নিয়মের প্রতি লক্ষ্য করিয়া এই নিয়ম বিধিবদ্ধ হইয়াছে। অসংস্কৃতঃ সুতঃ শ্রেষ্ঠো নাপরোবেদপারগঃ।

† কুলজ্ঞগ্রন্থের ঐ প্রমাণ সম্বন্ধে কেহ কেহ বলেন, যে ভূপতি ভাদুড়ীর সম্বন্ধে কুশের মেখলা ধারণের যে কথা লিখিত হইয়াছে, তাহার অর্থ এই যে তিনি উপনয়নের অব্যবহিত পরে অর্থাৎ কুশের মেখলা পরিত্যাগ না করিয়াই করণ করিয়াছিলেন। ইহা দ্বারা বোধ হয় যে যে দিন উপনয়ন হইয়াছিল, সেই দিনেই তিনি করণ করিয়াছিলেন। উপনয়ন ব্যতীত কুশের মেখলা ধারণের নিয়ম না থাকা বলিয়া তাহার কারণ উল্লিখিত হইয়াছে। যাহা হউক, বর্ত্তমান সময়ে যেরূপ ব্যবহার প্রণালী দেখা যায়, তাহাতে যে এ সম্বন্ধে মতভেদ আছে, এরূপ বোধ হয় না। অনুপনীত ব্যক্তি সকল স্থলেই করণ করিয়া থাকেন।

২। স্ত্রীলোক কর্ত্তৃক করণ নিষিদ্ধ হইয়াছে ‡।

৩। সামাজিক অনৈক্যতা অথবা জাতীয় বিবাদ উপলক্ষে প্রধান ২ ব্যক্তি অথবা সমাজস্থ একদল লোক কর্ত্তৃক যেরূপ ব্যবস্থা নির্দ্দিষ্ট হয় তাহার নাম মত। ঐ সকল ব্যবস্থা প্রধানতঃ যে ব্যক্তি কর্ত্তৃক প্রচলিত হয়, তাঁহার নাম অনুসারেই ঐ নামের উৎপত্তি হইয়াছে।

৪। একমতের সম্প্রদায়স্থ লোকের মত ভেদ হেতু পুনরায় যে গোলযোগ হইয়াছে, তাহা হইতেই "থাক" নামের উৎপত্তি হইয়াছে।

বারেন্দ্র শ্রেণীর সামাজিক আচার ব্যবহার।

মনুষ্য মাত্রকে সমাজে বাস করিতে হইলে দেশাচারের বশবর্ত্তী হইতে হয়। ভিন্ন ভিন্ন সমাজের আচার, ব্যবহার ভিন্ন ভিন্ন ঐ সকল আচার, ব্যবহার, রীতি, নীতির সহিত ধর্ম্মের কোন সংশ্রব নাই। বিদ্যা ও জ্ঞানোন্নতির সঙ্গে সঙ্গে লোকের মনের গতি অনেক পরিমাণে পরিবর্ত্তিত হইয়াছে। অনেক সুশিক্ষিত সম্প্রদায় ঐ সকল নিয়মের বশবর্ত্তী হইতে স্বীকার করেন না। কিন্তু কার্য্যক্ষেত্রে সকলকেই সামাজিক নিয়মে জড়ীভূত হইতে হয়। সংসার স্রোতের প্রবল তরঙ্গে সমুদয় উদ্যম ও উৎসাহ বিলীন হইয়া যায়। অনেকেই মনে করেন, যদি শিক্ষিত লোক সমাজোন্নতির জন্য প্রাণপণে যত্ন করিতেন, তাহা হইলে

---

‡ প্রথমে যে কোনরূপ ব্যবস্থা বিধিবদ্ধ হয়, তাহা অবশ্যই কোন সংযুক্তি হইতেই অধিকাংশ স্থলে হইয়া থাকে। কি কারণে স্ত্রীলোক কর্ত্তৃক করণ নিষিদ্ধ হইয়াছে, তাহার কারণ হঠাৎ উপলব্ধি হওয়া কঠিন। কিন্তু বিশেষ অনুসন্ধান করিয়া বিবেচনা করিলে স্পষ্টই দেখা যায় যে "করণ" দানগ্রহণ ও প্রদানের অন্যতর নাম। করণের নিয়মে যেরূপ কন্যাদানের নিয়ম হইয়াছে, তদ্রূপ উভয় পক্ষের কন্যা গ্রহণের নিয়ম হইয়াছে। স্ত্রীলোকের এরূপ দানগ্রহণেরও নিয়ম না থাকায় করণ করার অধিকার স্বীকার করা হয় নাই। তজ্জন্যই স্ত্রীলোকের করণ করার অধিকার নাই।

বল্লালসেন প্রচারিত কৌলীন্য মর্য্যাদা অথবা তাহার শাখা প্রশাখার সামান্য চিহ্নও বিদ্যমান থাকিত না। কিন্তু হিন্দু সমাজ একটী স্বতন্ত্র কঠিন নিয়মে সংগঠিত। ইহার ব্যবহার প্রণালী অখণ্ডনীয়। তাহা সৎ হউক অথবা অসৎ হউক, একবার সমাজ মধ্যে প্রবেশ করিলে অক্ষুণ্ণভাবে চিরকাল বিদ্যমান থাকে। ইহার চিরন্তন ব্যবহার প্রণালীর অনুমাত্র এ পর্য্যন্ত কেহ বিদূরিত করিতে পারেন নাই। এই দীর্ঘকাল-ব্যাপিনী রীতি নীতির ভাল মন্দ বিচার এ গ্রন্থের উদ্দেশ্য নয়। ঐ সকল বিষয় বিবৃত করাই ইহার প্রকৃত উদ্দেশ্য।

হিন্দুদিগের আচার ব্যবহার প্রভৃতি যাবদীয় কার্য্য, ধর্ম্মের অন্তর্গত বলিয়া যে রূপ নির্দ্দিষ্ট হইয়াছে, কুলশাস্ত্র ঘটিত প্রতিদ্বন্দ্বিতাও তদ্রূপ কুলধর্ম্মের অন্তর্নি-বিষ্ট হইয়াছে। ঐ সকল প্রতিদ্বন্দ্বিতার অন্যতর নামকে কুলজ্ঞান তত্ত্ব বলিয়া থাকেন এবং তাহা হইতেই কন্যাদান, কন্যা গ্রহণ এবং করণ সম্বন্ধে পাছপাছ অর্থাৎ অগ্র পশ্চাৎ আদান, প্রদান ও কুলীন, কাপ এবং শ্রোত্রীয়ের আহার ব্যবহার প্রভৃতি যাবদীয় বিষয়ের গৌরব ও অবনতির মূল পত্তন হইয়াছে। স্বেচ্ছাচার ও ঐশ্বর্য্য জনিত প্রভুত্বের মিশ্রণে ঐ সকল নিয়ম বিধিবদ্ধ হইয়া সমাজ মধ্যে দৃঢ়ীভূত হইয়াছে। কিন্তু কুলশাস্ত্রের বিধান অনুসারে তাহা নিষিদ্ধ বলিয়া পরিগণিত হয় নাই। ঐ সকল বিষয়ের মূল বিবরণ হইতে যাহা উপলব্ধি হয়, তাহাতে স্পষ্টই প্রতীয়মান হয় যে কতকগুলির প্রতিদ্বন্দ্বিতার মূল জাতীয় সম্মান রক্ষার প্রয়াস হইতে এবং অবশিষ্ট গুলি ঘটনা স্রোতের অনিবার্য্য কারণ হইতে উৎপত্তি হইয়াছে।

সামাজিক সাধারণ নিয়মাবলী।

১। কুলীন অথবা কাপ স্বীয় কুল গৌরব হইতে বিচ্যুত হইলে অন্যের কথা দূরে থাকুক তাঁহার সহোদর ভ্রাতা যিনি স্বপদে থাকিবেন, তিনিও তাঁহার বরাত অনুসারে শ্রাদ্ধ এবং বিবাহের সময় কন্যাদান প্রভৃতি কোন কার্য্য করিতে সম্মত হননা। কাপ শ্রোত্রীয় হইলেও তাহার ব্যবহার প্রণালী ঐরূপ প্রচলিত আছে।

২। কুলীনগণ কাপ অথবা শ্রোত্রীয়ের সমাজে বিবাহোপলক্ষে উপস্থিত হইলে এবং তদুপলক্ষে ভোজন করিলে সম্মান অর্থাৎ লৌকিকতা* পাওয়ার নিয়ম আছে। বিবাহের সময় ব্যতীত কুলীন অন্য শ্রেণীর বাটীতে ভোজন করিলে কেবল প্রথম বারের জন্য তদ্রূপ সম্মান লইয়া থাকেন। কাপ ও শ্রোত্রীয়ের নিকট প্রায় তদ্রূপ পাইয়া থাকেন। ভদ্রতার নিয়মানুসারে কুলবিষয়ের সম্মানের চিহ্ন স্বরূপ এই নিয়ম প্রচলিত হইয়া আসিতেছে।

৩। উচ্চপদস্থ ব্যক্তি সাধারণ নিয়মানুসারে নিম্ন পদস্থের নিকট ঐরূপ পাইয়া থাকেন। স্থল বিশেষে নিম্নপদস্থ ব্যক্তিও কোন কোন উচ্চপদস্থের নিকট হইতে সম্মান পাইয়া থাকেন।

৪। ঐ সকল সম্মান পাওয়ার নিয়ম সচরাচর কুল গৌরবের প্রতি লক্ষ করিয়া হইয়া থাকে।

৫। কুলীনদিগের যে কুলজ করণ করার নিয়ম আছে, তাহা সচরাচর সিদ্ধ শ্রোত্রীয়ের ব্যয়ে সম্পাদিত হয়। ইহাকেই শ্রোত্রীয়ের ঘাটে করণ করা বলে † যে শ্রোত্রীয়ের ঘাটে করণ হয় তিনি সিদ্ধশ্রোত্রীয় এবং সম্মানিত। ঐরূপ করণের সময় কুলীনগণের সম্মান পাওয়ার বিধান হইয়াছে।

৬। যে শ্রোত্রীয়ের ঘাটে ঐরূপ করণ হয়, তিনি কষ্টশ্রোত্রীয় হইলেও সিদ্ধত্ব প্রাপ্ত হন।

৭। কুলীনগণ সচরাচর দোষগ্রস্ত হইয়া কোন শ্রোত্রীয়ের সহায়তায় করণ করত কুলীন মধ্যে ব্যবহৃত হইতে পারিলে উক্ত শ্রোত্রীয় সিদ্ধ এবং নায়ক শ্রোত্রীয় উপাধি প্রাপ্ত হন।

৮। শ্রোত্রীয়ের যেরূপ পঠী বিভাগ আছে, তদনুসারে সচরাচর আপন আপন পঠীতে কন্যা সম্প্রদান করিয়া থাকেন। উচ্চ ভিন্ন পঠীতে কন্যা সম্প্রদান

---

* এইরূপ সম্মান অর্থ এবং বস্ত্র উভয় দ্বারা অথবা স্থান বিশেষে কেবল অর্থ দ্বারা প্রদত্ত হইয়া থাকে।

† ঘাট শব্দ প্রয়োগের অর্থ এই যে করণ সচরাচর পুষ্করিণী, নদী অথবা কোন জলাশয়ে হইয়া থাকে। যে শ্রোত্রীয়ের ব্যয়ে ঐ কার্য্য নির্ব্বাহ হয় তাঁহার পুষ্করিণী অথবা তদ্রূপ কোন জলাশয় থাকিলে তাহাতেই করণ হওয়ার নিয়ম। সাধারণত অন্যের জলাশয়ে হওয়া নিষিদ্ধ; ইহা হইতেই ঘাট শব্দের উৎপত্তি হইয়াছে।

করিতে হইলে প্রথমতঃ কাপে কন্যা সম্প্রদান করিতে হয়। ইহাকেই কাপ ব্যবধান দেওয়া বলে। * পঠীবদ্ধ শ্রোত্রীয়ের সম্বন্ধে এইরূপ নিয়ম প্রচলিত আছে। যাহারা পঠীবদ্ধ শ্রোত্রীয় নহেন, তাঁহারা যথেচ্ছা কন্যা দান করিতে পারেন। ফলতঃ শ্রোত্রীয়ের সম্বন্ধে কাপ এবং কুলীন উভয় শ্রেণীতে কন্যা সম্প্রদানের সুবিধা আছে।

৯। কুলীনগণের যে পঠী বিভাগ হইয়াছে, তদনুসারে উচ্চ শ্রেণীস্থ কুলীন নিম্ন শ্রেণীর সহিত বিবাহ সম্বন্ধে আবদ্ধ হইতে পারেন না। এবং নিজ নিজ পঠীর মধ্যে যেরূপ তারতম্য নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে অগ্রপশ্চাৎ করণ সম্বন্ধে বিশেষ মত বিবেচিত হইয়াছে। এক পঠীর মধ্যে যাঁহারা উচ্চ শ্রেণীর তাঁহারা নীচ শ্রেণীর সহিত করণ করা অপমানজনক বলিয়া বোধ করেন। কাপের সম্বন্ধেও ঐরূপ নিয়ম।

১০। এক মতের কুলীন অন্য মতের কন্যা গ্রহণ অপমানজনক বোধ করেন; কিন্তু ঐ রূপ কার্য্য করিলে তিনি ভিন্নমত অবলম্বন করিলেন বলিয়া বিবেচিত হইয়া থাকে।

১১। আঢ্য কাপ অন্যতর কাপের সহিত করণ করিতে স্বীকার হন না। তদ্রূপ করিলে তাঁহার আঢ্যত্ব রক্ষা হওয়া সংশয় জনক হয়।

১৩। কাপ যদি কুলীনের সহিত করণ করেন, তাহা হইলে কুলীনের ভাবে এবং অন্য কোন কাপের সহিত করণ করিলে সেই কাপের ভাবে থাকা বলে। তৎপরে যিনি তাঁহার সহিত করণ করিবেন, তাঁহাকে ঐ কুলীনের অথবা কাপের পাছ লওয়া বলে।

কুলীনদিগের পঠীর বিবরণ।

পাঠকগণ অতি সহজেই অনুমান করিতে পারেন যে পঠীর বিবরণাবলী লিখিতে আরম্ভ করিয়া আমরা সামাজিক কুৎসা বিঘোষণ করিতে প্রবৃত্ত হইয়াছি।

---

* কৌলীন্য মর্য্যাদার হতাদর হওয়ায় এই নিয়ম প্রায় রহিত হইয়াছে।

অনেকেই বিবেচনা করিতে পারেন যে বর্ত্তমান সময়ে হিন্দু সমাজ বিদ্বেষীর সংখ্যাই অধিক। সমাজের গুহ্য কথা প্রকাশ করিলে লোকের মনে আরও অধিক ঘৃণার উদয় হইবে। যে সকল কলঙ্ক লোকের মন হইতে তিরোহিত প্রায় হইয়াছে; কালের গতিতে মিশিয়া গিয়াছে; কুলশাস্ত্রের পঠীর বিবরণ সর্ব্বসমক্ষে প্রকাশ করিয়া আমরা তাহাই পুনর্জ্জীবিত করিতেছি। কিন্তু আমাদিগের সে উদ্দেশ্য নহে। আমরা অতি পবিত্র ভাবে সমাজের হস্তে ধর্ম্মের কিরূপ শাসন ছিল, তাহাই পাঠকগণকে অবগত করাইতেছি। যদি বর্ত্তমান সময়ে কুলজ্ঞগণের বক্তৃতা উপহাসাস্পদ বিবেচনা না করিয়া সকলে অভিনিবেশ পূর্ব্বক শ্রবণ করিতেন, এবং মুসলমান রাজত্ব সময়ে ভারতের সামাজিক ইতি-হাসের পর্য্যালোচনা করিতেন, তাহা হইলে এরূপ ঘৃণাভাব কাহারও মনে উদয় হইত না। পঠীর বিবরণ শুনিলে কেহ উপহাস করিতেন না। মুসলমান রাজত্বের সময় ধর্ম্মচর্চ্চার স্বাধীনতা ছিল না। হিন্দুদিগকে বলপূর্ব্বক মুসলমান ধর্ম্মে দীক্ষিত করাই রাজার স্বর্গসাধনের প্রধান মন্ত্র ছিল। কিন্তু আর্য্যজাতি কদাচ মুসলমান সংশ্রব গ্রহণ করিতে সম্মত হইতেন না। কতকষ্টে জল, জঙ্গল, পর্ব্বত, উপত্যকায় ছদ্মবেশ ধারণ করিয়া দিন যাপন করিতেন। সময় সময় জীবন বিসর্জ্জন করিতেও সঙ্কুচিত হইতেন না। এইরূপ বিপদ সময়েও হিন্দুদিগের ধর্ম্মের তেজস্বিতাভাব বিদূরিত হয় নাই। ধর্ম্মনাশ ও জাতি-নাশের কথা মনে উদয় হওয়া মাত্র তাঁহারা উন্মত্তপ্রায় হইতেন। শান্ত আর্য্য-ভাব পরিত্যাগ করিয়া কঠোর প্রকৃতি ধারণ করিতেন। অতি সামান্য রূপ ধর্ম্ম-বিরুদ্ধ কার্য্য অনুষ্ঠিত হইলেও সমাজ আলোড়িত হইয়া তৎক্ষণাৎ দণ্ড বিধানের উদ্যোগ হইত। রাজা বিধর্ম্মী সুতরাং সমাজের হস্তে শাসনদণ্ড পরিচালিত হইত। পরিণামফলে যে এরূপ দণ্ড ফলোপধায়িনী ছিল না, তাহা অনুমাত্র চিন্তা করিতেন না। যে সর্ব্বসংহারিণী বুদ্ধিবলে জাতীয় অনৈক্য সংঘটিত হইয়া ভারতের সর্ব্বনাশ সাধন করিয়াছে, সেই অনৈক্য পরিবর্দ্ধিত হইয়া সমাজের বিরুদ্ধে পরিচালিত হইত এবং তাহা হইতেই ভিন্ন ভিন্ন পঠী সমূহ উৎপত্তি হইয়া দলাদলির অন্তর্নিবিষ্ট হইয়াছে।

ভূষণা পঠীর উৎপত্তির বিবরণের প্রতি দৃষ্টিপাত করিলে পাঠকগণ অতি সহজেই সামাজিক দণ্ডবিধানের কত প্রভাব তাহা বুঝিতে পারিবেন। আমরা

যে সময়ের কথা বলিতেছি তাহা অতি পূর্ব্বতন কালের, সুতরাং বর্ত্তমান সময়ের শিথিল নিয়মের সহিত তাহার তুলনা হইতে পারে না। বর্ত্তমান সময়ে বোধ হয় অনেকেই ঐরূপ কার্য্য দোষাবহ বলিয়া মনে করেন না। কিন্তু সে সময়ের অতি কঠোর শাসন ছিল, মুসলমানের খনিত জলাশয়ের জলপান ও স্নান তর্পণাদি করায় সমাজে কত বড় গোলযোগ হইয়াছিল। এক সম্প্রদায়স্থ কুলীনগণ তদুপলক্ষে একটী নূতন উপাধি ধারণ করিয়া ভূষণা নামে অভিহিত হইয়াছেন। পুষ্করিণীর জল ব্যবহার হেতু প্রায়শ্চিত্ত না করায় সমাজে চিরকালের জন্য যে একটী মহান্ কলঙ্ক রেখা অঙ্কিত হইয়া র'হয়াছে, তাহা বর্ত্তমান সময়েও প্রত্যেক বিবাহসভায় কুলজ্ঞগণ কর্ত্তৃক উল্লেখিত হইয়া থাকে।

১ম। নিরাবিলপঠী।

প্রথম কৌলীন্য মর্য্যাদা স্থাপনের সময় সমুদায় কুলীনই এক সম্প্রদায়ভুক্ত ছিলেন। কৌলীন্য মর্য্যাদা স্থাপয়িতা বল্লালসেন কর্ত্তৃক কেবল কুলীনাদির উপাধি মাত্র প্রদত্ত হইয়াছিল। বল্লালসেনের তিরোভাবের দীর্ঘকাল পরে যে জাতীয় প্রতিদ্বন্দ্বিতা ও ধর্ম্ম বিপ্লব সংঘটিত হয়, তাহা হইতেই কুলীনগণ সাধারণতঃ ৮ পঠীতে বিভক্ত হইয়া তন্মধ্যে নিরাবিল প্রথম শ্রেণীর অন্তর্গত হইয়াছে। নিরাবিল অর্থাৎ আবিলশূন্য। যাঁহারা প্রথম ধর্ম্মবিপ্লবের সময় কোনরূপ পাপ সংশ্রবে লিপ্ত ছিলেন না, তাঁহারাই নিরাবিল পঠী নামে অভিহিত হইয়াছেন।

২য়। ভূষণাপঠী। (১)

ভূষণাপঠীর উৎপত্তির বিবরণ পাঠ করিলে সমাজের অতি কঠোর শাসনের সবিশেষ পরিচয় প্রাপ্ত হওয়া যায়। যশোহর জেলার অন্তর্গত ভূষণা নামে একটী

---

(১)। ভূষণা এবং রোহিলা পঠীর মধ্যে কোন্ পঠী উচ্চশ্রেণীর, তদ্বিষয়ে অনেক দিবসাবধি বিবাদ চলিয়া আসিতেছিল। প্রকাশ আছে যে কোন এক সময়ে রোহিলা এবং ভূষণা পঠীর কতিপয় কুলীন একত্র হইয়া করণ সূত্রে বদ্ধ হইয়া ছিলেন। তাঁহাদিগের ঐরূপ করণ হেতু

পরগণা আছে। উক্ত পরগণাস্থিত একজন মুসলমানের খনিত পুষ্করিণীর জল ব্যবহার করাই এই পঠীর উৎপত্তির মূল কারণ (২)। দুই জন কুলীন উক্ত জলাশয়ের জলপান ও তাহাতে স্নান তর্পণাদি আরম্ভ করায় সমাজস্থ অন্যান্য কুলীনগণ তাঁহাদিগকে প্রায়শ্চিত্ত করিয়া বীতপাপ হইতে বলেন। কিন্তু উক্ত কুলীনদ্বয় যে কারণ বশতই হউক, প্রায়শ্চিত্ত করিতে অসম্মত হওয়ায় সকলেই তাঁহাদিগকে পাপী অবধারণ করিলেন। যে সকল কুলীন উক্ত কুলীনদ্বয়কে আশ্রয়প্রদান ও তাঁহাদের সহিত আহারাদি করিলেন তাঁহারাও উক্ত দলভুক্ত হইয়া ভূষণাপঠী নামে অভিহিত হইলেন। (৩)

৩য়। রোহিলাপঠী।

প্রচণ্ড খাঁ নামক একজন কুলীনের পুত্রের বিবাহ রোহিলখণ্ড দেশীয় কোন একটী ব্রাহ্মণের কন্যার সহিত সম্পাদিত হইয়াছিল। সমাজে ঐ কথা প্রকাশ

কুলজ্ঞগণ "দোচামা' অপবাদ প্রদান করেন। তাঁহারা যে সদুদ্দেশ্যে উভয় পঠীকে একত্রীভূত করিতে কৃতসংকল্প হইয়াছিলেন, পরিণামে তাহার বিপরীত ফল সংঘটিত হইল। ভূষণা এবং রোহিলা কোন পঠীর কোন কুলীনই তাঁহাদিগকে গ্রহণ করিতে সম্মত হইলেন না। পরিশেষে বহুকষ্টে তাঁহারা রোহিলা পঠীর অন্তর্নিবিষ্ট হইয়া কুলীন মধ্যে পরিগণিত থাকিলেন। এই ঘটনা হইতেই রোহিলা পঠী ভূষণা পঠী অপেক্ষা নিম্নশ্রেণী বলিয়া অবধারিত হইয়াছিল।

প্রকৃত ঘটনা যাহাই হউক, রোহিলা পঠীর কুলীনগণ ক্রমে বহুসংখ্যক হইয়া উঠিলেন। মানব জাতির অভ্যুদয়ের প্রধান কারণ অর্থবল। রোহিলা পঠীর কুলীনদিগের অত্যন্ত অর্থাভাব ছিল। একে অর্থাভাব তাহাতে আবার বহু সংখ্যক; সুতরাং তাঁহারা জাতীয় গৌরব রক্ষা করিতে কোনমতেই পারগ হইলেন না। তাঁহারা অতি সহজেই অবনত হইয়া পড়িলেন। এই সুবিধা এবং সুযোগের বশবর্ত্তী হইয়া ভূষণা পঠীর কুলীনগণ ক্রমে ক্রমে আধিপত্য বিস্তার করতঃ উচ্চ পদবী প্রাপ্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর কুলীন হইলেন।

(২) অন্ত্যজৈঃ খানিতা কূপাস্তড়াগানি তথৈবচ। তত্র স্নাত্বাচ পিত্বাচ পঞ্চগব্যেন শুদ্ধতি। পঞ্চগব্য পানমুপবাসপূর্ব্বং ব্রত রূপত্বাৎ। এতদ্ জ্ঞানতো দ্বৈগুন্যমিতি শূলপানিঃ। যত্তু বৃদ্ধ শাতাতপ বচনং। অন্ত্যজৈশ্চকৃতে কূপে সেতৌ বাপ্যাদিকে তথা। তত্রস্নাত্বাচ পিত্বাচ প্রায়শ্চিত্তং নবিদ্যতে। ইতি তদেত্যস্তাপদ বিষয়মিতি শূলপাণিঃ।

(৩) গঙ্গারাম রামচন্দ্র কেন করিলে কুমাম কেন খাইলে ভূষণার পানি ইত্যাদি। কুল শাস্ত্র।

ছিল না। সকলের বিশ্বাস ছিল যে বঙ্গদেশীয় কন্যাই বিবাহিত হইয়াছেন। ভিন্নদেশীয়া কন্যার পাণিগ্রহণ শাস্ত্রানুসারে নিষিদ্ধ না হইলেও সামাজিক রীতি বিরুদ্ধ ছিল। উক্ত বিবাহ সম্পন্ন হওয়ার পর পাকস্পর্শের সময় ঐ কন্যা যে রোহিলখণ্ড হইতে আনীতা হইয়াছে এই কথা সকলের উপলব্ধি হইল (১)। তদুপলক্ষে একটী দলাদলি হইয়া যাহারা উক্ত রোহিলখণ্ড দেশীয়া কন্যার প্রদত্ত অন্নগ্রহণ করিলেন এবং পরিশেষে যাঁহারা তাঁহাদিগের সহিত একদলবদ্ধ হইলেন, তাঁহারা সকলেই রোহিলা পঠীর কুলীন নামে পরিগণিত হইলেন।

৪র্থ। বেণীপঠী।

জেলা রাজসাহীর অন্তর্গত চলন বিল নামে এক অতি বৃহৎ বিল আছে, উহা নদীর সহিত সম্মিলিত। ঐ স্থান প্রথমে জলময় ছিল। কালক্রমে স্থানে স্থানে চর উৎপত্তি হওয়ায় তাহা বসতের যোগ্য হইয়াছিল। ঐ চলন বিলের মধ্যে কৈত নামে একটী গ্রাম আছে। বেণী রায় নামক একজন শ্রোত্রীয় তথায় বাস করিতেন। মুসলমান রাজত্বের সময় যেরূপ ঘোর অরাজকতা ছিল তাহা সকলেই অবগত আছেন। হিন্দুগণের শাস্ত্রালোচনা ও ধর্ম্মানুষ্ঠান প্রায় লোপ হইয়াছিল। অধিকাংশ ব্রাহ্মণ স্বধর্ম্মে উপেক্ষা প্রদর্শন পূর্ব্বক আধিপত্য বিস্তারে সমুৎসুক হইয়াছিলেন। যে সকল ব্যক্তি ঐরূপ স্বেচ্ছাচারী এবং স্বজাতিকে সমাদর করিতেন না, বেণী রায়ও তাঁহাদিগের মধ্যে গণ্য হইয়াছিলেন (২)। যে হিন্দুগণের পবিত্র হৃদয়ে আর্য্যরক্ত প্রবাহিত ছিল, যাঁহারা

---

(১) হিন্দুসমাজের প্রচলিত রীতি অনুসারে যাহারা এক সমাজস্থ এবং যাহাদের সহিত আহারাদি করিতে হয়, তাহাদের সকলকেই প্রথম বিবাহিতা স্ত্রীর হস্তে অন্ন আহার করা অবশ্য কর্ত্তব্য বলিয়া অবধারিত হইয়াছে। বিবাহের অব্যবহিত পরে ঐ রূপ স্ত্রীর হস্তে অন্ন গ্রহণকে পাকস্পর্শ বলে। কিম্বদন্তী যে পাকস্পর্শের সময় রোহিলখণ্ডের উক্ত বিবাহিতা স্ত্রীর মুখ হইতে "কোন্ মানী কোন্ গরমানী কেচকো দেগা পরমানী" হঠাৎ এই হিন্দি শব্দগুলি উচ্চারিত হওয়ায় সভাস্থ আহারোদ্যত ব্রাহ্মণগণ মধ্যে অনেকেই আহার পরিত্যাগ করিয়া প্রস্থান করিলেন। প্রচণ্ড খাঁ এবং তাঁহার দলস্থ ব্যক্তিগণ তদবধি রোহিলাপঠী নামে খ্যাত হইলেন।

(২) গঙ্গাপথের গঙ্গাধর, কৈতের বেণী। ছাতকের বসন্ত রায়, পাঁউলির ভবানী। কুলশাস্ত্র।

দয়া, দাক্ষিণ্য এবং ধর্ম্মানুষ্ঠানের পরাকাষ্ঠা প্রদর্শন করিতে সর্ব্বদা অভিনিযুক্ত ছিলেন, এরূপ নির্ম্মল পবিত্র অন্তঃকরণের সহিত যে কঠিন হৃদয়ের বৈরীভাব সংঘটিত হইবে, তদ্বিষয়ে অনুমাত্রও সন্দেহ হইতে পারে না। বেণী রায়ের এই যথেচ্ছা ব্যবহারের (৩) মহান্ আন্দোলন সমাজ মধ্যে সমুপস্থিত হইয়া দণ্ড-বিধানের উদ্যোগ হইল। বেণী রায় কুলীনের সহিত আপন দুহিতার পরিণয় সম্পাদনের উদ্যোগ করিলেন। প্রায় সকলেই তাঁহার প্রার্থনা অগ্রাহ্য করি-লেন। যে কুলীন তাঁহার কন্যার পাণিগ্রহণ করিলেন, তিনি এবং তাঁহার সাহায্যকারী কুলীনগণ বেণী পঠী বলিয়া অভিহিত হইলেন (৪)।

৫ম। জোনালে পঠী।

হিন্দুশাস্ত্রানুসারে ব্রহ্মহত্যা মহাপাতক বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। এরূপ মহাপাপের প্রায়শ্চিত্ত নাই বলিলেও অত্যুক্তি হয় না। ঐ সকল পাপীর সহিত যে সকল ব্যক্তি আহারাদি অথবা কোন সংশ্রবে লিপ্ত হন, তাঁহাদের সহিত ব্যব-হারও নিষিদ্ধ। বহ্নিগ্রামে যে একটী ব্রহ্মহত্যা হইয়াছিল তাহাতে সংলিপ্ত ব্যক্তিগণ যাঁহাদের সহিত আহার ব্যবহার করিতেন, তৎসংসর্গ হেতু জোনালেগ্রাম নিবাসী পুরন্দর মৈত্রের ভগ্নিও সমাজে আবদ্ধ হন, তজ্জন্য তাঁহাকে তাঁহার ভগ্নির বাড়ী যাতায়াত করিতে সকলে যথা বিধি নিষেধ করিয়াছিলেন, কিন্তু পুরন্দর মৈত্র কিছুতেই নিবৃত্ত হইলেন না বলিয়া কুলজ্ঞগণ তাঁহাকে জোনালে অপবাদ দ্বারা আস্তাড়ন করিলেন। কালক্রমে তিনি এবং তাঁহার সংশ্রবে লিপ্ত ব্যক্তিগণ জোনালে পঠী বলিয়া নির্দ্দিষ্ট হইলেন।

৬ষ্ঠ, ৭ম। আলেখানি, কুতবখানি।

আলীয়ার খাঁ এবং কুতবুদ্দিন কর্ত্তৃক বিধ্বস্ত ব্রাহ্মণগণের সংশ্রবে যাঁহারা লিপ্ত ছিলেন, তাঁহাদের সহিত যাঁহারা আহার ব্যবহার করিতেন তাঁহারাই আলে-

---

(৩) ক্রিয়া হীনস্য মূর্খস্য মহারোগিন এবচ। যথেষ্টাচরণ স্যাহুর্ম্মরণান্ত মশৌচকং॥ মনুঃ।

(৪) সুসোঙ্গের প্রসিদ্ধ রাজা এই পঠীর নায়ক শ্রোত্রীয়। তজ্জন্য ইহাঁরা সমাজে সমধিক সমাদৃত হইয়াছেন।

খানি এবং কুতবখানি পঠী হইয়াছেন। পাচুড়িয়া* অর্থাৎ পঞ্চ মহাপাতকে লিপ্ত ব্যক্তিগণ কুতবখানির অন্তর্নিবিষ্ট হইয়াছেন। এই দুই শ্রেণীর কুলীনগণ সমাজে নানারূপ যন্ত্রণা ভোগ করিয়াছেন †।

৮ম। ভবানীপুরী।

জেলা বগুড়ার অন্তর্গত করতোয়া নদীর পশ্চিম তীরে ভাবতা নামে একটী গ্রাম আছে। ঐ স্থান নাটোরের প্রসিদ্ধ রাজাগণের এলাকাধীন এবং একান্নপীঠের অন্তর্গত একটী পীঠস্থান (১)। ঐ অধিষ্ঠাত্রী দেবীর নাম ভবানী দেবী (২)। তাঁহার নামানুসারে ভবানীপুর নাম হইয়াছে। উক্ত গ্রামের ভূম্যধিকারীর ব্যয়ে উক্ত দেবসেবা নির্ব্বাহিত হয়। ঐ দেবীর সেবাইত মথুরেশ চক্রবর্ত্তীর কন্যার বিবাহের সময় কুলজ্ঞগণ তাঁহার নিকট বিদায় প্রার্থনা কারণে তিনি তাঁহাদিগকে পারিতোষিক স্বরূপ অর্থপ্রদান না করিয়া ভবানী দেবীর নির্ম্মাল্য প্রদান করিয়াছিলেন। কুলজ্ঞগণ তাহাতে অত্যন্ত অসন্তুষ্ট হইয়া মথুরেশ চক্রবর্ত্তীকে ভবানীপুরী অপবাদ দ্বারা আস্তাড়ন করিলেন। তদবধি তিনি এবং তাঁহার সম্প্রদায়স্থ ব্যক্তিগণ ভবানীপুরী নামে খ্যাত হইলেন (৩)।

---

* পাঁচুড়িয়ার বিস্তারিত বিবরণ যথাস্থানে লিখিত হইবে।

† যে যায় টোটে পাঠক গোপীনাথ মিতু টোটে সে যায়। পুথরিয়ার পুরন্দর ছিটায় বন্ধ দোমন দাড়কা পায়। কুলশাস্ত্র।

(১) পঞ্চাশদেকপীঠানি এবং ভৈরবদেবতাঃ। অঙ্গ প্রত্যঙ্গ পাতেন বিষ্ণুচক্র ক্ষতেনচ।

(২) করতোয়া তটে তল্প নামে বামন ভৈরবঃ। অপর্ণা দেবতা তত্র ব্রহ্মরূপা করোদ্ভবা। ইতি তন্ত্র চূড়ামণৌ শিব পার্ব্বতী সংবাদে একপঞ্চাশ বিদ্যোৎপত্তৌ পীঠ নির্ণয়ঃ।

(৩) সেবাইত এবং পূজকে অনেক ইতর বিশেষ। বেতনগ্রাহী পূজকগণ পতিত বলিয়া গণ্য। সেবাইত এক্ষণে তত্ত্বাবধারকের মধ্যে গণ্য। তাহাদের কর্তৃত্বাধীনে দেবসেবা নির্ব্বাহিত হয়। নির্ম্মাল্য প্রদান প্রভৃতি কার্য্য যেরূপ শ্রেষ্ঠ ব্যক্তিদ্বারা হওয়ার নিয়ম আছে, স্থলবিশেষে তদ্রূপ পূজক কর্ত্তৃকও হইয়া থাকে। সেবাইত কর্ত্তৃক নির্ম্মাল্য প্রদান হেতু তাহা পূজকের ব্যবহার বলিয়া বর্ণন করতঃ কুলজ্ঞগণ উক্ত অপবাদ প্রদান করিয়াছিলেন।

বংশাবলী।

আদিশূর রাজা, ভট্টনারায়ণ প্রভৃতি যে পঞ্চ গোত্রের পঞ্চ ব্রাহ্মণকে বঙ্গদেশে আনয়ন করিয়া স্থাপিত করিয়াছিলেন, তাঁহাদিগের সন্তান সন্ততিগণ মধ্যে যাঁহারা বরেন্দ্র ভূমিতে বাস করিতেন, তাঁহাদিগের একশত পরিবারকে মহারাজ বল্লাল সেন একশত গ্রাম বসবাসের নিমিত্ত প্রদান করেন। তাহাতেই উক্ত ১০০ পরিবারের প্রত্যেকের ভিন্ন ভিন্ন গ্রামিন্ বা গাঁঞী সংজ্ঞা হয়। এতদ্ভিন্ন রাঢ় দেশে উক্ত পঞ্চ ব্রাহ্মণের যে সকল পরবংশীয়েরা বাস করিতেন, তাঁহাদিগের ৫৬ পরিবারকে ৫৬টী গ্রাম প্রদান করিয়াছিলেন, তাঁহারাও উপর্য্যুক্ত রূপে গ্রামিন্ বা গাঁঞী সংজ্ঞা প্রাপ্ত হন। বরেন্দ্র ভূমির একশত পরিবারের গাঁঞী সংজ্ঞা নিম্নলিখিত মতে হইয়াছিল।

যথাঃ—কাশ্যপাষ্টাদশজ্ঞেয়, শাণ্ডিল্যশ্চ চতুর্দ্দশ, চতুর্ব্বিংশতি বাৎস্যানাং ভরদ্বাজ স্তথাপর; সাবর্ণীর্ব্বিংশতি জ্ঞেয় স্তএব গোত্রপঞ্চকঃ; অর্থাৎ কাশ্যপ গোত্রে অষ্টাদশ গাঁঞী, শাণ্ডিল্য গোত্রে চতুর্দ্দশ গাঁঞী, বাৎস্য গোত্রে চতুর্ব্বিংশতি গাঁঞী, ভরদ্বাজ গোত্রে চতুর্ব্বিংশতি গাঁঞী এবং সাবর্ণী গোত্রে বিংশতি গাঁঞী।

কাশ্যপ গোত্র—মৈত্রেয় ভাদুড়ীশ্চৈব, করঞ্জবালযষ্টিকঃ। মধুগ্রামি রাণীহরি, মৌহাণি কিরিণী স্তথা। বিজকুঞ্জ স্থবিশ্চৈব, সহগ্রামি বিষোৎকটা। পারিস্বামী মঠগ্রামি, মধ্যগ্রামি বৃহস্পতি। গঙ্গাগ্রামে বলশ্চৈব আথর্বীজ কটস্তথা। বেল গ্রামেচ বিখ্যাতা, কাশ্যপাষ্টাদশাস্মৃতাঃ।

শাণ্ডিল্য গোত্র—রুদ্রাখ্য বাগছিশ্চৈব লাহিড়ী সাধুবাগছিকঃ। চম্পটী নন্দনাবাসী কামেন্দ্র শিহরী স্তথা। তড়াল বিশাখাশ্চৈব, মৎস্যাসী জম্বুসংজ্ঞকং সুবর্ণস্তোড়কশ্চৈব, পুসলাবেলড়ীস্তথা। বিল্বগ্রামেচ ভদ্রাণি, লোমনোবর্ত্ত্য এবচ। বেতগ্রামে খড় খুড়িশ্চ, স্তাড়য়ান্ন স্তথৈবচ। চতুর্দ্দশঃ সমাখ্যাতা, শাণ্ডিল্যা পরিকীর্ত্তিতা।

বাৎস্য গোত্র—সঞ্জামিনী ভীমকালী, ভট্টশালী স্তথৈবচ। কামকালী কুড়মুড়িশ্চ ভারিয়ালশ্চ লক্ষকঃ। যমকুথিশীতলম্ব, বিশালাস্তালড়ী তথা। দেবলী বাৎস্য গ্রাম, নিদ্রালী কুর্কটী পৌণ্ডবর্দ্ধনি। বোড়গ্রাম শ্রোত্রবটী, চাক্রগ্রামে কটস্তথা, কালীগ্রামীব সানান্দি, কালিহুঁয় স্তথৈবচ। ঘোষগ্রামে তথা-

দীর্ঘং. বোথুড়া কালীহড় মৌলকী তস্ত্রকেলীচ, নানসুর স্তথৈবচ। শিবতটা বৈশালীচ, চতুর্ব্বিংশতি বিখ্যাতা, বাৎস্য গোত্র সমুদ্ভবা।

ভরদ্বাজ গোত্র—ভাদড়ো লাউল ঝাঁঞো, আতর্থী রাই সংজ্ঞকঃ। রত্নাবলী গুস্কথীচ, গোচণ্ডী বালসংজ্ঞকঃ॥ কাঁচড়ী তেতথাচৈব, সিং বহালঃ সড়িয়ালকঃ। ক্ষত্রিগ্রামী করিচৈব স্থলস্য দধিয়ালকঃ পূতীশ্চ বৃত্ততী' শ্চৈব নন্দগ্রামী স্তথৈবচ। পিপ্পলীচৈব খর্জ্জুরী, গোশালাক্ষীস্তথৈবচ। গোগ্রামীতি বচশ্চৈব, নিঘটীতি তথৈবচ। বোলোৎকটা তথাকুঞ্জ, ভগ্রামী চেতিরেবচ। চতুর্ব্বংশমিতিখ্যাতা ভরদ্বাজ কুলোদ্ভবা॥

সাবর্ণী গোত্র—সিংদিয়াড় পাপূড়ীশ্চৈব, দধি শৃঙ্গিচগেহুড়ী। উখড়ী ধুকুড়ী শ্চৈব বাড় আলস্য সেতকঃ। নৈগ্রামে কলাপীচ টুটুরি পুণ্ডবর্দ্ধনি। পঞ্চবটী খণ্ডবটী নিঘটীচ সমুদ্রকং। শীতলী গ্রামীচ বিখ্যাতা সাবর্ণীচ কুলখ্যাতা।

উপরিউক্ত একশত গাঁঞী বা গ্রামীনের মধ্যে মহারাজা বল্লাল সেন সপ্ত গাঁঞীকে কুলীন করিলেন এবং অন্য একটী গাঁঞীকে পংক্তি পূরণার্থ রক্ষা করেন যথা "আদৌমৈত্র স্তথাভীমঃ রুদ্রঃ সঞ্চামিনীস্তথা। লাহিড়ী ভাদুড়ীঃ সাধু, ভাদড়ঃ পংক্তি পূরকঃ"। অবশিষ্ট ৯২ গাঁঞী; তন্মধ্যে ৮টী গাঁঞীকে সিদ্ধ শ্রোত্রীয় করেন যথা "করঞ্জ নন্দনাবাসী ভট্টশালীচ, লাউড়ী, চম্পাটি, ঝম্পটী শ্চৈব, আতর্থী কামদেবকঃ"। এতদ্ভিন্ন ৮৪ গাঁঞীকে কষ্ট শ্রোত্রীয় করিলেন যথাঃ—

কাশ্যপ গোত্রের।

১। বালষষ্ঠিক। ৮। বিষোৎকটা।
২। মধুগ্রামী। ৯। পারিস্বামী।
৩। রাণীহরি। ১০। মঠগ্রাম।
৪। মৌহাণী। ১১। মধ্যগ্রাম।
৫। কিরিণী। ১২। গঙ্গাগ্রাম।
৬। বিজকুঞ্জ। ১৩। আথর্ব্বীজ।
৭। সহগ্রামী। ১৪। বেলগ্রাম।
১৫। সুবি।

শাণ্ডিল্য গোত্রের।

১। শিহরী। ৫। বেলড়ী।
২। বিশাখা (বিশীগাঁঞী) ৬। বিল্বগ্রামী।
৩। মৎস্যাসী। ৭। বেতগ্রাম।
৪। তোড়ক। ৮। থুড়থুড়ী।
৯। ভাড়য়াল।

বাৎস্য গোত্রের।

১। কুড়মূড়ী। ২। ভাড়িয়াল।

৩। ঘমরুখী। ১২। আঁকগ্রামী।
৪। শীতলী। ১৩। ঘোষগ্রামী।
৫। তালড়ী। ১৪। কালীগ্রামী।
৬। দেবলী। ১৫। কালীহুঁয়।
৭। বাৎস্যগ্রামী। ১৬। তম্রকেলী।
৮। নিদ্রালী। ১৭। নাগাশূর।
৯। কুকুটী। ১৮। শিবটী।
১০। পৌণ্ডবর্দ্ধণী। ১৯। বৈশালী।
১১। বোড়গ্রামী। ২০। শ্রোত্রবটী।

ভরদ্বাজ গোত্রের।

১। রাই। ৭। সড়িয়াল।
২। রত্নাবলী। ৮। ক্ষত্রীগ্রামী।
৩। ওশ্রথী। ৯। শূল।
৪। গোচণ্ডী। ১০। দধিয়ালক।
৫। কাঁচড়ী। ১১। পূতী।
৬। সিংবহাল। ১২। নন্দগ্রামী।
১৩। পিপ্পলী। ১৭। নিগটী।
১৪। খর্জ্জুরী। ১৮। বোলোৎকটা।
১৫। গোশালাক্ষী। ১৯। কুঞ্জ।
(গোশৃগাল।) ২০। ভোগ্রামী।
১৬। গোগ্রামী।

সাবর্ণী গোত্রের।

১। সিঙ। ১১। শৈতক।
২। দিয়াড়। ১২। নৈগ্রামী।
৩। পিপড়ী। ১৩। কলাপী।
৪। দধি। ১৪। টুটুরী।
৫। শৃঙ্গী। ১৫। পুণ্ডবর্দ্ধিনী।
৬। মোদড়ী। ১৬। পঞ্চবটী।
৭। উখড়ী। ১৭। খণ্ডবটী।
৮। ধুকড়ী। ১৮। নিঘটী।
৯। বাড়। ১৯। সমুদ্রক।
১০। আলস্য। ২০। শীতলী।

আমরা মনস্থ করিয়াছি যে, নিয়মিত রূপে প্রথমে কুলীন হইতে আরম্ভ করিয়া, ক্রমে সপ্ত গাঁই কুলীনের, তৎপরে অষ্ট গাঁই সিদ্ধ-শ্রোত্রীয়ের ও সর্ব্বশেষে অবশিষ্ট ৮৪ গাঁইর বংশাবলী ক্রমে প্রকাশ করিব। কুলীন ও সিদ্ধ শ্রোত্রীয়-গণের সমুদায় বংশাবলী করণ ও পাঁচ কুলের সর্ব্বদ্বারিক ব্যাখ্যা এবং পটীর ব্যাখ্যা, ঢাকোর গ্রন্থ, নিগূঢ় কল্প প্রভৃতি আমরা বহু যত্নে ও পরিশ্রমে সংগ্রহ করিয়াছি। কষ্ট শ্রোত্রীয়েরও কতক কতক সংগ্রহ করা হইয়াছে। এই নিয়মে আমরা সর্ব্ব প্রথমে মৈত্র কুলের বংশাবলী প্রকাশ করিতে প্রবৃত্ত হইলাম।

অথ মৈত্রকুলস্য বংশাবলী।

আদৌ সুষেণ মুনির পুত্র ব্রহ্মণ্য ওঝা তস্য পুত্র দক্ষ তস্য পুত্র পীতাম্বর তস্য পুত্র শান্তনু তস্য পুত্র হিরণ্যগর্ভ তস্য পুত্র ভূগর্ভ তস্য পুত্র বেদগর্ভ তস্য পুত্র জিগিনী, মহামুনি জিগিনী নিঃসন্তান। মহামুনির পুত্র স্বর্ণরেখ, ভবদেব। স্বর্ণরেখ বারেন্দ্র, ভবদেব রাঢ়ী। স্বর্ণরেখের পুত্র সন্দৈক্য ওঝা তস্য পুত্র কৈতাই, মৈতাই, পোষ্য পুত্র গরুড়। কৈতাই হইতে ভাদুড়ি কুল, মৈতাই হইতে মৈত্র কুল হইয়াছে। মৈতাইর পুত্র স্থির তস্য পুত্র দৌয়াচার্য্য তস্য পুত্র মহানিধি আচার্য্য, তস্যপুত্র ভিকু, বৃহস্পতি। ভিকু বর্ণ ব্রাহ্মণ হইলেন। বৃহস্পতির পুত্র শূল, কুপ। শূল হইতেই সাতটা সমাজ এবং কুপ হইতেই মধ্যগ্রাম অর্থাৎ মাঝগ্রাম সমাজ। কুপের পুত্র গণ্ড, নরসিংহ। গণ্ড উড়িয়াগত অর্থাৎ উড়িষ্যা দেশে গমন করিয়াছিলেন। নরসিংহের পুত্র সুকি, বুকি, মনোহর, হুশী, তপস্বী, হিঙ্গাই, নেঙ্গট। সুকি মধ্যগ্রাম, বুকি খাগজানা, মনোহর ওঝা বাউনিয়া, তপস্বী ওঝা মণ্ডল জানি, হিঙ্গাই ও নেঙ্গট বানিয়াথৈর গ্রামে থাকিলেন। সুকির পুত্র মধুযাই উৎসাকর। মধুয়াই মধ্যগ্রাম, উৎসাকর কোজস্তক। মধুয়াইর পুত্র রক্ষিতাই, আন্দাই, নন্দাই, গদাই, মাধাই এবং অন্যস্ত্রীর গর্ভ সম্ভূত আনুয়াই অর্জ্জুনাই। রক্ষিতাই মধ্যগ্রাম, আন্দাই গুড়নই, নন্দাই গাঙ্গৈল, গদাই বাগসর, মাধাই মাটীকোপা, আনুয়াই ও অর্জ্জুনাই উপেক্ষিত সমাজ লাড়ুয়া। রক্ষিতাইর পুত্র লক্ষ্মীধর, ধরাধর, বারকৌড়ী, বলাই, কৃষ্ণাই। ধরাধর চামারি সমাজ। লক্ষ্মীধরের পুত্র দিবাই, বিভাই, বিষ্ণুদাস। দিবাই বাসুলীয়া সমাজ। বিভাইর পুত্র শূলপানি, বামন, মহাবল, অন্য স্ত্রীর গর্ভ সম্ভূত উষাপতি, নরহরি, জগাই। শূলপানির পুত্র সুন্দর, অন্যস্ত্রীর গর্ভে মদন। সুন্দরের পুত্র পুরন্দর ভ্রিঘাই। পুরন্দরের পুত্র বল্লভ, মাঙ্গন, ডোথাই, অন্যস্ত্রীর গর্ভে জীবাই। বল্লভের পুত্র বাণীনাথ, লোকনাথ, অন্যস্ত্রীর গর্ভে লথাই, বিক্রম খাঁ, রমানাথ। বাণীনাথের পুত্র রামচন্দ্র, জনার্দ্দন। রামচন্দ্র নিঃসন্তান ; জনার্দ্দনের পুত্র কামদেব পঞ্চানন,

রাঘব। কামদেব পঞ্চাননের পুত্র কাশীনাথ বিশারদ, পক্ষে অর্থাৎ অন্যস্ত্রীর গর্ভে রঘুনাথ। কাশীনাথ বিশারদের পুত্র রামহরি, রামদেব শিরোমণি, কৃষ্ণ বল্লভ ঘটকরত্ন, রামভদ্র, শিবরাম, শম্ভুরাম, দুর্গাচরণপ্রচণ্ড, রামনাথ বাচস্পতি, আত্মারাম মুকুটমণি, পক্ষে দেবীচরণ। রামহরির পুত্র কালীচরণ, হররাম। রামদেবের পুত্র রঘুনন্দন, দুর্গাপ্রসাদ। রঘুনন্দনের পুত্র চান্দচূড়ামণি, কৃষ্ণহরি, রামেন্দ্র, রামমোহন। কৃষ্ণবল্লভের পুত্র পাঁচু, তস্য পুত্র গোপীনাথ ঘটকসিংহ, তস্য পুত্র বাণীনাথ, দর্পনারায়ণ। রামভদ্রের পুত্র রামশরণ, কৃষ্ণশরণ। রাম-শরণের পুত্র রামনিধি, নীলু। রামনিধির পুত্র রামকৃষ্ণ, রামলোচন, অনন্তরাম, বিশ্বেশ্বর। শিবরামের পুত্র শান্তিরাম, পক্ষে জয়কৃষ্ণ, গঙ্গাগোবিন্দ, কালাচান্দ বক্তার সিংহ, দুখু। জয়কৃষ্ণের পুত্র সদানন্দ সিদ্ধান্ত, রূপচন্দ্র। সদানন্দ সিদ্ধান্তের পুত্র কৃষ্ণকিশোর, চন্দ্রকিশোর। গঙ্গাগোবিন্দের পুত্র উদয়গোবিন্দ, রামগোবিন্দ, নীলগোবিন্দ। উদয়গোবিন্দের পুত্র সৃষ্টি সিদ্ধান্ত, গুরুগোবিন্দ সিদ্ধান্ত। দুর্গাচরণ প্রচণ্ডের পুত্র শঙ্কর, রামকান্ত, কৃষ্ণকান্ত, দুলাল সার্ব্বভৌম, গঙ্গানারায়ণ প্রচণ্ড। গঙ্গানারায়ণ প্রচণ্ডের পুত্র বিজয়নারায়ণ প্রচণ্ড তস্য পুত্র জগচ্চন্দ্র প্রচণ্ড, ঈশান প্রচণ্ড। রামনাথ বাচস্পতির পুত্র মনোহর পঞ্চানন, পক্ষে কৃষ্ণনাথ, গৌরিনাথ, বিশ্বনাথ, বৈদ্যনাথ, নীলনাথ, রাধানাথ। আত্মারাম মুকুটমণির পুত্র গঙ্গানাথ মুকুটমণি, লক্ষ্মীনারায়ণ মুকুটমণি, সদাশিব, রামরতন জগন্নাথ মুকুটমণি। জগন্নাথের পুত্র হরিশ্চন্দ্র মুকুটমণি। শম্ভুরামের পুত্র রামকানু; নন্দরাম। বসত মাঝগ্রাম।

রাঘবের পুত্র রামনারায়ণ, ভবানীচরণ। ভবানীচরণের পুত্র কৃষ্ণরাম, রাজারাম। রমানাথের পুত্র শ্রীরাম চক্রবর্ত্তী, তস্য পুত্র রামগোপাল চক্র, পক্ষে রামভদ্র চক্র। রামগোপালের পুত্র রত্নেশ্বর চক্র, আত্মারাম, মহাদেব, মঙ্গল চক্র। মহাদেবের পুত্র ভোলানাথ, পক্ষে সদাশিব। মঙ্গলের পুত্র সর্ব্বেশ্বর, রক্ষাকর, নীলকণ্ঠ, উদয়নারায়ণ। রামভদ্রের পুত্র রামেশ্বর, রামপ্রসাদ, হরি নারায়ণ। রামেশ্বরের পুত্র রামজীবন, রামদাস, শ্যাম, গোবিন্দ। রামজী-বনের পুত্র নকৌড়ি, নরসিংহ। রামদাসের পুত্র দুকু। শ্যামের পুত্র লক্ষ্মণ। গোবিন্দের পুত্র শান্তনু, হরি। হরির পুত্র তিনু। জীবাইর পুত্র রূপনাথ, জগন্নাথ। রূপনাথের পুত্র রাম গোবিন্দ, রঘুবীর। রামগোবিন্দের পুত্র কেশী-

মথন, রাঘব। কেশীমথনের পুত্র দোকোড়ি বাচস্পতি, শিবরাম, কালিদাস। দোকোড়ি বাচস্পতির পুত্র রামশরণ বক্তার সিংহ, চান্দ। চান্দের পুত্র রামকিশোর, গৌরিনাথ, জয়নাথ, কৃষ্ণনাথ। শিবরামের পুত্র মহাদেব, সূর্য্যনারায়ণ। রাঘবের পুত্র রামনারায়ণ, কৃষ্ণচরণ, কৃষ্ণপ্রসাদ, জয়নারায়ণ। কৃষ্ণচরণের পুত্র রূপরাম তস্য পুত্র বলরাম, কৃষ্ণপ্রসাদের পুত্র হরিপ্রসাদ তস্য পুত্র দেবু, চণ্ডীপ্রসাদ। দেবুর পুত্র তুখু, গোপীনাথের পুত্র বিকল। জগন্নাথের পুত্র রামনাথ। রঘুবীরের পুত্র অমরনাথ, প্রাণনাথ। অমরনাথের পুত্র হরিকৃষ্ণ। প্রাণনাথের পুত্র মণি, রামোদর, ভরত। ত্রিঘাইর পুত্র দুর্ল্লভ, বদন, যাদব, শ্রীরাম, পক্ষে জয়রাম। দুর্ল্লভের পুত্র শিবদাস, পক্ষে শিবানন্দ, উমানন্দ॥ বদনের পুত্র কৃষ্ণানন্দ, লোকনাথ, পক্ষে গোবিন্দ। কৃষ্ণানন্দের পুত্র দামোদর তস্য পুত্র রমেশ তস্য পুত্র রমানাথ, পক্ষে শ্রীরাম, অন্য পক্ষে বাণেশ্বর। রমানাথের পুত্র বিষ্ণুরাম, কৃষ্ণমঙ্গল, কৃষ্ণরাম, পক্ষে রামনাথ। রামনাথের পুত্র রাম রাম। শ্রীরামের পুত্র শ্যামনারায়ণ। বাণেশ্বরের পুত্র রামদেব, হরিদেব, পক্ষে রাজারাম॥ রাজারামের পুত্র রাম, লক্ষ্মণ। রামের পুত্র কাশী, বলাই। লক্ষ্মণের পুত্র কালীকাপ্রসাদ। বসত তিরাইল। *। লোকনাথের পুত্র রতিনাথ, দ্বারকানাথ, হরি। দ্বারকানাথের পুত্র গঙ্গারাম, কৃষ্ণরাম, গোপাল। কৃষ্ণরামের পুত্র রাম রাম, বলরাম, পাঁচু। রামরামের পুত্র রামদেব। বলরামের পুত্র লক্ষ্মী রাম, চান্দ। পাঁচুর পুত্র ভোলানাথ তস্য পুত্র রাজেন্দ্র, পক্ষে রামেন্দ্র, রমেন্দ্র। রাজেন্দ্রের পুত্র রামসুন্দর তস্য পুত্র গোপীকান্ত, কৃষ্ণকান্ত, রুদ্রকান্ত। গোপীকান্তের পুত্র প্রাণকৃষ্ণ। বসত পুটীয়া। *। গোপালের পুত্র রামচরণ। হরির পুত্র নরোত্তম তস্য পুত্র কৃষ্ণজীবন, রামনাথ, সুসার। কৃষ্ণজীবনের পুত্র দুর্গাচরণ, ছকু। দুর্গাচরণের পুত্র রমানাথ, ছকুর পুত্র অমর নাথ, প্রাণনাথ। রামনাথের পুত্র শম্ভুরাম চক্র, রুদ্ররাম চক্র, কৃপারাম চক্র। শম্ভুরামের পুত্র কালীপ্রসাদ, গুরুপ্রসাদ চক্র। রুদ্ররাম চক্রবর্ত্তীর পুত্র রামানন্দ, রামসুন্দর চক্রবর্ত্তী। কৃপারামের পুত্র রামমোহন। সুসারের পুত্র রূপরাম, রামচন্দ্র, হরেশ্বর, গৌরিনাথ, বাণীকান্ত বিদ্যালঙ্কার। বাণীকান্ত বিদ্যালঙ্কারের পুত্র হারু, ফটিক, গোবিন্দ। রামচন্দ্রের পুত্র কালীশঙ্কর, রাধামোহন চক্রবর্ত্তী। বসত শ্যামনগর। *। জয়রামের পুত্র গোপিকান্ত, পক্ষে রতিকান্ত। গোপিকান্তের পুত্র গৌরিকান্ত, কমলা

কান্ত। গৌরিকান্তের পুত্র রামচন্দ্র, রামেশ্বর, রামবল্লভ, কৃষ্ণদেব, শিবরাম, পক্ষে কানুরাম, জয়কৃষ্ণ। রামচন্দ্রের পুত্র বিষ্ণুরাম, কাশীরাম, গোবিন্দরাম। বিষ্ণুরামের পুত্র যাদুশরণ। গোবিন্দের পুত্র যাদু, তিনকোড়ি। যাদুর পুত্র সিধু কৃষ্ণকান্ত, শান্তনু, পক্ষে নীলকান্ত, রমাকান্ত। সিধুর পুত্র কাশী, জগন্নাথ। কাশীর পুত্র কেদারেশ্বর, ভবানীশ্বর। তিনকোড়ির পুত্র রামকিশোর। শান্তনুর পুত্র রামজয়, কার্ত্তিক। রামজয়ের পুত্র জয়শঙ্কর। রমাকান্তের পুত্র রামনাথ রূপনাথ। রামনাথের পুত্র দুর্গনাথ বসত পাকুড়িয়া। কৃষ্ণকান্তের পুত্র পরাণ মঙ্গল। বসত পাকুড়িয়া।

নীলকান্তের পুত্র ভৈরব তস্য পুত্র ঈশ্বর বসত ডাঙ্গা পাড়া। রামেশ্বরের পুত্র রামনারায়ণ, শ্যামনারায়ণ, তস্য পুত্র বুধু, তস্য পুত্র রামশঙ্কর, তস্য পুত্র কৃষ্ণশঙ্কর, কালীশঙ্কর। কৃষ্ণশঙ্করের পুত্র বিশ্বনাথ তস্য পুত্র গোপীনাথ, কৃপানাথ। বসত পাটুল।

রামবল্লভের পুত্র শিবনারায়ণ, রাম রাম। শিবনারায়ণের পুত্র রূপনারায়ণ, লক্ষ্মীনারায়ণ। রূপনারায়ণের পুত্র গোপাল, রামলোচন। রামরামের পুত্র কৃষ্ণরাম, আত্মারাম। কৃষ্ণরামের পুত্র প্রাণকৃষ্ণ, কৃষ্ণচন্দ্র, রামকৃষ্ণ, রাধাকৃষ্ণ, পক্ষে গঙ্গাধর, গদাধর। প্রাণকৃষ্ণের পুত্র দুর্গাপ্রসাদ, কৃষ্ণপ্রসাদ। দুর্গাপ্রসাদের পুত্র দিগম্বর। কৃষ্ণচন্দ্রের পুত্র রুদ্রচন্দ্র, শম্ভূচন্দ্র, কাশীচন্দ্র। রামকৃষ্ণের পুত্র বিশ্বনাথ, রুদ্রনাথ, ভবানীনাথ, হরিনাথ। ভবানীনাথের পুত্র চন্দ্রনাথ, শ্রীনাথ, জানকীনাথ। চন্দ্রনাথের পুত্র শশী। শম্ভূচন্দ্রের পুত্র রাজচন্দ্র, অভয়চন্দ্র, রাজচন্দ্রের পোষ্য পুত্র সুরেশ। অভয়চন্দ্রের পুত্র উমেশ, ঈশান। কাশীচন্দ্রের পুত্র যাদব, মাধব। যাদবের পুত্র যোগেশ, জ্যোতীশ। মাধবের পুত্র চারু, আত্মারামের পুত্র প্রাণরাম। কৃষ্ণদেবের পুত্র শিবপ্রসাদ, তস্য পুত্র পরাণ, শরণ। পরাণের পুত্র কাশীনাথ, বৈদ্যনাথ, গোপীনাথ। বৈদ্যনাথের পুত্র রুদ্রনাথ। বসত তাড়াস। শরণের পুত্র জগন্নাথ, রমানাথ। জগন্নাথের পুত্র লোকনাথ, হরিনাথ। বসত চতুরা শালিখা। শিবরামের পুত্র মহাদেব, শুকদেব, হরিদেব, কামদেব, রূপনারায়ণ, প্রেমনারায়ণ, হরিনারায়ণ, জয়নারায়ণ। মহাদেবের পুত্র গদাধর তস্য পুত্র শীতল, কৃষ্ণরাম, শুকদেবের পুত্র ছকু, কালিকা প্রসাদ, গঙ্গাপ্রসাদ, হরিশঙ্কর, ভবানি

শঙ্কর, পক্ষে দেবিশঙ্কর, কালিশঙ্কর, দুর্গাশঙ্কর। ছকুর পুত্র রঘুরাম, রামরুদ্র, কালিলোচন, রুদ্রকান্ত। রঘুরামের পুত্র রুদ্রনাথ। কালিলোচনের পুত্র হরলোচন, তস্য পুত্র গোবিন্দ। কালিপ্রসাদের পুত্র বিষ্ণুপ্রসাদ, কালাচান্দ। কালাচান্দের পুত্র গঙ্গানারায়ণ। গঙ্গাপ্রসাদের পুত্র জয়শঙ্কর। ভবানিশঙ্করের পুত্র উমাশঙ্কর, বিজয়শঙ্কর। দেবিশঙ্করের পুত্র রাজশঙ্কর, ভোলানাথ। হরিদেবের পুত্র গঙ্গারাম, পক্ষে দেবীপ্রসাদ। গঙ্গারামের পুত্র নীলকণ্ঠ, রাজচন্দ্র। নীলকণ্ঠের পুত্র হরগোপাল। রাজচন্দ্রের পুত্র হরচন্দ্র তস্য পুত্র দুর্গাচন্দ্র। তস্য পুত্র উমেশচন্দ্র। বসত ভারেঙ্গা।

কালীশঙ্করের পুত্র কাশীচন্দ্র, কাশীপতি, কাশীকান্ত, কাশীমোহন, কাশীপ্রসাদ, ঈশ্বর। কাশীচন্দ্রের পুত্র গোবিন্দ, পক্ষে রামচন্দ্র। কাশীপতির পুত্র জয়সুন্দর, শ্যামচন্দ্র, চন্দ্রনাথ, জগচ্চন্দ্র। কাশীকান্তের পুত্র যাদবচন্দ্র, দীননাথ, শিবচন্দ্র। কাশীমোহনের পুত্র শীতল। ঈশ্বরের পুত্র গুরুপ্রসাদ। বসত লালোর।

দেবি প্রসাদের পুত্র রামকৃষ্ণ। কামদেবের পুত্র রাধাকৃষ্ণ। রূপনারায়ণের পুত্র ভবানি। প্রেমনারায়ণের পুত্র কোকারাম। জয়নারায়ণের পুত্র জগন্নাথ, পক্ষে কাশীনাথ। কমলা কান্তের পুত্র সাতু, নরু, পক্ষে শুভরাম। সাতুর পুত্র আত্মারাম তস্য পুত্র হরি, গঙ্গানারায়ণ। বসত বড়শেঁ।

নরুর পুত্র রামশরণ তস্য পুত্র কৃষ্ণচন্দ্র, কৃষ্ণরতন, কৃষ্ণশরণ, কৃষ্ণপ্রাণ। কৃষ্ণচন্দ্রের পুত্র চন্দ্রনারায়ণ তস্য পুত্র কাশী, মুচিরাম, কাঞ্চিরাম। কাশীর পুত্র দ্বারকানাথ বসত খেতুপাড়া।

কৃষ্ণরতনের পুত্র রাধামোহন, জগমোহন, রাজমোহন। রাধামোহনের পুত্র ঈশ্বর। জগমোহনের পুত্র মাধব তস্য পুত্র মনমোহন, ঈশান মৈত্র। বসত পাণশীপাড়া।

রাজমোহনের পুত্র গোবিন্দমোহন, হরমোহন। গোবিন্দমোহনের পুত্র মনমোহন, শশীমোহন মৈত্র। বসত তাঁতিবন্দ।

কৃষ্ণশরণের পুত্র কৃষ্ণমোহন, গৌরমোহন, ভোমনারায়ণ। গৌরমোহন মৈত্রের পুত্র গদাধর, গঙ্গাধর। গদাধরের পুত্র হারাণ। বসত পূর্ব্বদেউলিয়া।

কৃষ্ণপ্রাণের পুত্র পদ্মলোচন, কাশীনাথ, কৃপানাথ, বৈদ্যনাথ, ফটিক, রামনাথ মৈত্র। পদ্মের পুত্র ত্রিলোচন, রবিলোচন, রাজীবলোচন। ত্রিলোচনের পুত্র রাম-

লোচন, প্রসন্নকুমার, বিপিনবিহারী। কৃপানাথের পুত্র গোবিন্দনাথ। বৈদ্যনাথের পুত্র খুছু। রামনাথের পুত্র দ্বারকানাথ, কৈলাশ, চন্দ্রনাথ মৈত্র। বসত ভারেঙ্গা।

রতিকান্তের পুত্র শ্রীকৃষ্ণ, রামকৃষ্ণ, কৃষ্ণচরণ, কৃষ্ণবল্লভ, কৃষ্ণমঙ্গল। শ্রীকৃষ্ণের পুত্র জয়কৃষ্ণ, প্রাণকৃষ্ণ, কৃষ্ণপ্রসাদ, জগৎ। জয়কৃষ্ণের পুত্র কৃষ্ণবল্লভ, কৃষ্ণমোহন। জগতের পুত্র চান্দ, দোকৌড়ী। রামকৃষ্ণের পুত্র কৃষ্ণজীবন, কৃষ্ণধন, শ্যামমোহন, পক্ষে কানু। কৃষ্ণচরণের পুত্র কৃষ্ণরাম, তস্য পুত্র প্রাণকৃষ্ণ, হরিকৃষ্ণ, কৃষ্ণজীবন। মদনের পুত্র রঘুনাথ পণ্ডিত, তস্য পুত্র রামানন্দ, তস্য পুত্র দুকৌড়ী। বামনের পুত্র বিশ্বনাথ, পরমানন্দ, গোপিনাথ পক্ষে পুষ্পকেতন। বিশ্বনাথের পুত্র কুলনাথ, হরিনাথ, রমানাথ। কুলনাথের পুত্র যাদব, সাতু। হরিনাথের পুত্র বদন, কাশীনাথ। কাশীনাথের পুত্র দ্বারকানাথ, বৈদ্যনাথ। দ্বারকানাথের পুত্র গোপীরমণ তস্য পুত্র যাদবেন্দ্র, বলরাম, রামবল্লভ, নরোত্তম পক্ষে অভিরাম, গোবিন্দরাম। যাদবেন্দ্রের পুত্র রাম সরস্বতী, তস্য পুত্র রামচরণ সরস্বতী, কালিদাস, শ্রীনারায়ণ সরস্বতী। রামচরণের পুত্র ভবানীচরণ, আনন্দরাম সরস্বতী। কালিদাসের পুত্র রক্ষাকর, টগর সরস্বতী, হরি সরস্বতী। টগরের পুত্র গৌরাঙ্গ। শ্রীনারায়ণের পুত্র রামানন্দ, শ্যামানন্দ। বলরামের পুত্র ঝড়ু, পঞ্চানন, নাগর বক্তার সিংহ। ঝড়ুর পুত্র দুর্গারাম সার্ব্বভৌম পক্ষে বুধু চূড়ামণি। অন্য পক্ষে ভোলানাথ। দুর্গারামের পুত্র ফকির, নীলকণ্ঠ রামচন্দ্র, শোভাচন্দ্র। ভোলানাথের পুত্র দুলাল। নাগর বক্তার সিংহের পুত্র হরিরাম, রামকিশোর। রামকিশোরের পুত্র ভবানীপ্রসাদ। রামবল্লভের পুত্র রামকৃষ্ণ, তস্য পুত্র মঙ্গল। বসত আতাইকুল।

নরোত্তমের পুত্র রঘুদেব, কৃষ্ণদেব, পক্ষে মহাদেব। কৃষ্ণদেবের পুত্র প্রাণকৃষ্ণ। মহাদেবের পুত্র রামকান্ত, তেলারাম। তেলারামের পুত্র গোরাচান্দ, ভৈরব ঘটক। অভিরামের পুত্র বাজারাম, তস্য পোষ্যপুত্র বিষ্ণুরাম। বৈদ্যনাথের পুত্র রঘুনাথ, যদুনাথ, শিবরাম, কৃষ্ণরাম পক্ষে রামকৃষ্ণ। রঘুনাথের পুত্র জানকীনাথ। যদুনাথের পুত্র রামনাথ। কৃষ্ণরামের পুত্র রত্নেশ্বর। রমানাথের পুত্র লোকনাথ, লক্ষ্মীনাথ, জগন্নাথ পক্ষে পঞ্চানন, বাণীনাথ। লোকনাথের পুত্র মথুরানাথ, গৌরীনাথ মিশ্র, রতিনাথ। মথুরানাথের পুত্র কমল মিশ্র, চন্দ্রশেখর চক্র, পক্ষে রঘুনন্দন, দামোদর। কমল মিশ্রের পুত্র গোপীবল্লভ,

শ্রীবল্লভ। গোপীবল্লভের পুত্র রামগোবিন্দ, তস্য পুত্র আত্মারাম। চন্দ্রশেখর চক্রবর্ত্তীর পুত্র শ্রীকৃষ্ণ, তস্য পুত্র যদু, রামজীবন। যদুর পুত্র গোকুল, কান্তু। গোকুলের পুত্র গোপাল। কান্তুর পুত্র রামকান্ত। দামোদরের পুত্র কৃষ্ণদেব। তস্য পুত্র রামপ্রসাদ পক্ষে মহেন্দ্রনারায়ণ, নরেন্দ্রনারায়ণ, ইন্দ্রনারায়ণ, কৃষ্ণকান্ত শর্ম্ম পক্ষে কাশীচাঁদ, গোপালচাঁদ। গোপীনাথ মিশ্রের পুত্র মাধব ভট্টাচার্য্য, রামচন্দ্র ভট্ট। মাধব ভট্টাচার্য্যের পুত্র মুকুন্দ, রামগোবিন্দ। রামচন্দ্রের পুত্র জয়কৃষ্ণ, রামরাম, রামচন্দ্র। রামচন্দ্রের পুত্র মুরারি। রামগোবিন্দের পুত্র কৃষ্ণচন্দ্র, হরিশচন্দ্র, শ্রীশচন্দ্র। কৃষ্ণচন্দ্রের পুত্র জগন্নাথ, পুরুষোত্তম, রমাবল্লভ। জগন্নাথের পুত্র গঙ্গাধর। রমাবল্লভের পুত্র বাসুদেব, রামকিশোর। বসত হরিশপুর।

হরিশচন্দ্রের পুত্র গোকুল, রাধাকৃষ্ণ। শ্রীশচন্দ্রের পুত্র রঘুরাম। রতিনাথের পুত্র বেণীনাথ, কেশব চন্দ্র। বেণীনাথের পুত্র বলরাম, অভিরাম। বলরামের পুত্র বিষ্ণুরাম, বাণেশ্বর, জয়রাম, পক্ষে রাজারাম, রঘুরাম, কানুরাম, কৃষ্ণরাম। বিষ্ণুরামের পুত্র শিবরাম, গঙ্গারাম, গৌরিরাম। কানুরামের পুত্র হরি, বিকল। হরির পুত্র রামকিশোর, রামনাথ। অভিরামের পুত্র দুর্গারাম, কৃষ্ণচরণ, কৃষ্ণমঙ্গল, রাধাকৃষ্ণ। দুর্গারামের পুত্র রাঘবেন্দ্র, গঙ্গাপ্রসাদ, রত্নেশ্বর, চন্দ্রনারায়ণ, মণিরাম। রাঘবেন্দ্রের পুত্র রামকান্ত, ভবানী, হরি। মণিরামের পুত্র রামনিধি, রামানন্দ। রামানন্দের পুত্র রামরুদ্র, রুদ্রচন্দ্র, রামসুন্দর। রামসুন্দরের পুত্র রামচন্দ্র মৈত্র, কাশী মৈত্র। পূর্ব্ব বসত হোসনপুর, হাল হরিপুর। রামরুদ্রের পুত্র রাম মোহন, দ্বারকানাথ দুর্গানাথ। দুর্গানাথের পুত্র বিজয়নাথ। বসত নাকালীয়া। রুদ্রচন্দ্রের পুত্র গোবিন্দ নাথ মৈত্র। বসত শালীথা।

কৃষ্ণমঙ্গলের পুত্র কিশোর, নরসিংহ। কৃষ্ণচরণের পুত্র রামনাথ, জয়নারায়ণ। রাধাকৃষ্ণের পুত্র গোপীনাথ। লক্ষ্মীনাথের পুত্র রামকৃষ্ণ, রামরুদ্র, মঙ্গল। রামকৃষ্ণের পুত্র রঘুপতি তস্য পুত্র শিবচরণ। জগন্নাথের পুত্র যদুনাথ। পঞ্চাননের পুত্র মহেশ, রঘুবীর। মহেশের পুত্র শ্রীকৃষ্ণ, রামবল্লভ। শ্রীকৃষ্ণের পুত্র মুকুন্দ, রামগোবিন্দ, হরিগোবিন্দ। মুকুন্দের পুত্র রামচন্দ্র, পক্ষে ভোলানাথ। রামচন্দ্রের পুত্র রঘুনন্দন। গোবিন্দের পুত্র কৃষ্ণধন, কৃষ্ণদেব। কৃষ্ণদেবের পুত্র মঙ্গল। রামবল্লভের পুত্র মহাদেব তস্য পুত্র কালীচরণ। কালীনাথের পুত্র শিবরাম, রামেশ্বর, জানকী নাথ। শিবরামের পুত্র কৃষ্ণরাম, রাম রাম। কৃষ্ণরামের

পুত্র শ্রীরাম তস্য পুত্র রূপরাম তস্য পুত্র আরাধন তস্য পুত্র রামচন্দ্র, রামসুন্দর। রামচন্দ্রের পুত্র রামকমল, কালীকৃষ্ণ, রুক্মিণী কান্ত, মহেশ, সারদাকান্ত। রাম-কমলের পুত্র কৈলাশ, পক্ষে মহিম। কালীকৃষ্ণের পুত্র হরিমোহন, মন্মোহন। রুক্মিণী কান্তের পুত্র রজনীকান্ত। মহেশের পুত্র গিরীশ। সারদাকান্তের পুত্র শশীকান্ত, পক্ষে চন্দ্রকান্ত। পূর্ব্ব বসত আলুকদিয়া, হাল গোদর গাঁতি, কাক-মারি। ইহারা ভূষণাপঠীব কুলীন।

রামরামের পুত্র গোবিন্দরাম, রাজারাম। গোবিন্দরামেব পুত্র ভবানী প্রসাদ তস্য পুত্র কালীকাপ্রসাদ, মনোহর। কালীকাপ্রসাদের পুত্র শিবনাথ। রাজা-রামের পুত্র রামভদ্র, রামশঙ্কব, সদাশিব, কাশী। রামভদ্রেব পুত্র হবি, কালা-চাঁদ, মাণিক, রঘু, পক্ষে গোপীনাথ, কালীনাথ। হবিব পুত্র রামমোহন। কালাচাঁদেব পুত্র রঘু, কমলাকান্ত, পার্ব্বতীনাথ, প্রাণনাথ। রঘুর পুত্র তিনকৌড়ী, কাশী। তিনকৌড়ীর পুত্র অমরনাথ, প্রাণনাথ। প্রাণনাথের পুত্র দুর্গানাথ। মাণিকের পুত্র কাশীচন্দ্র, পক্ষে কালী চন্দ্র। রঘুর পুত্র হাড়াই, দেবু। গোপী-নাথের পুত্র হবনাথ তস্য পুত্র চন্দ্রনাথ। রামশঙ্করের পুত্র জগন্নাথ, রুদ্রনাথ, রূপনাথ, পক্ষে মণি ওরফে রমাকান্ত, পাঁচু ওরফে কালীকান্ত। জগন্নাথের পুত্র ভোলানাথ, শ্রীনাথ। ভোলানাথেব পুত্র অমব, গোলক। সদাশিবের পুত্র কৃষ্ণকান্ত, পক্ষে রামকৃষ্ণ। কৃষ্ণকান্তের পুত্র কৃষ্ণচন্দ্র, ভৈরবচন্দ্র, লক্ষ্মীচন্দ্র। কৃষ্ণচন্দ্রের পুত্র রাজচন্দ্র, কাশীচন্দ্র, গোবিন্দ চন্দ্র। রাজচন্দ্রেব পুত্র হরিশ্চন্দ্র, মহেশ্চন্দ্র। বসত বাগ। ইটালীর মৈত্র।

রামকৃষ্ণেব পুত্র রুদ্রচরণ, দুর্গাচরণ, শীতল, গঙ্গাধব, কাশীশবণ, কালীমোহন, কালীলোচন, কালিদাস। কাশীর পুত্র গৌরী তস্য পুত্র কালীপ্রসাদ, রক্ষাকর, রামচন্দ্র, গদাধর। কালীপ্রসাদেব পুত্র শিবপ্রসাদ। গদাধবেব পুত্র ঈশ্বর। বসত ইটালী নলডাঙ্গা। ইহাবা ভূষণাপঠীব কুলীন।

রামেশ্বরেব পুত্র রত্নেশ্বর, রামনারায়ণ। রত্নেশ্বরেব পুত্র মুক্তারাম তস্য পুত্র কৃষ্ণশরণ তস্য পুত্র শঙ্কর, কেবল। শঙ্করেব পুত্র গঙ্গাধর তস্য পুত্র কাশীনাথ তস্য পুত্র ভোমনারায়ণ, গুরু মৈত্র। বসত বাঁশবেড়ীয়া।

রামনারায়ণের পুত্র হরিনারায়ণ। বসত গাঁড়াইল।

জানকীনাথের পুত্র রামকৃষ্ণ, নরোত্তম। রামকৃষ্ণের পুত্র রামদেব তস্য পুত্র

পরাণ তস্য পুত্র কৃষ্ণপ্রসাদ, ভিক্ষাকর। পরমানন্দের পুত্র কমলনয়ন তস্য পুত্র শ্রীধর, জীবাই। জীবাইর পুত্র নরনারায়ণ তস্য পুত্র লক্ষ্মীনারায়ণ, রূপনারায়ণ, রামনারায়ণ। গোপীনাথের পুত্র ভবানন্দ, বিদ্যানন্দ, হরি। ভবানন্দের পুত্র জানকীনাথ, মহানন্দ, যাদব, শ্রীনাথ। জানকীনাথের পুত্র চান্দ, তস্য পুত্র রঘুরাম, তস্য পুত্র রাঘব, বলরাম, হরি। রাঘবের পুত্র রামহরি, জয়হরি। রামহরির পুত্র ভবানীচরণ। বলরামের পুত্র রাজারাম তস্য পুত্র রামরাম, রামচন্দ্র, পক্ষে রণরাম। রামরামের পুত্র শুকদেব, রমাকান্ত। মহানন্দের পুত্র ছকৌড়ী, নকৌড়ী, বিদ্যানন্দ। বিদ্যানন্দের পুত্র বলভদ্র তস্য পুত্র শ্রীনারায়ণ, দেবনারায়ণ, কামদেব। দেবনারায়ণের পুত্র গঙ্গাচরণ, মুক্তারাম। কামদেবের পুত্র রাধাকান্ত, গোপীকান্ত,কেবল, রাজারাম। রাধাকান্তের পুত্র গোপাল,রামচন্দ্র। বসত জাবরকোল।

রাজারামের পুত্র উদয় নারায়ণ। শ্রীনাথের পুত্র দামোদর তস্য পুত্র শিবরাম, তস্য পুত্র জয়রাম, গৌরিচরণ চণ্ডীচরণ, ঘনেশ্যাম। জয়রামের পুত্র বাণেশ্বর, পীতাম্বর। গৌরিচরণের পুত্র রামেশ্বর, রূপনারায়ণ। চণ্ডীচরণের পুত্র দর্পনারায়ণ। বসত আতিথা।

হরির পুত্র জিতাই তস্য পুত্র পাঁচু, রঘুনাথ। পাঁচুর পুত্র জানকীনাথ তস্য পুত্র তারাচান্দ, তস্য পুত্র রূপনারায়ণ, লক্ষ্মীনারায়ণ। রূপনারায়ণের পুত্র অখিল, অনুপ, কংসনারায়ণ। কংসনারায়ণের পুত্র রামনাথ। বসত সরই কান্দী।

পুষ্পকেতনের পুত্র মাধব, শিবশঙ্কর, মহেশ, হৃদয়। মাধবের পুত্র যদু পণ্ডিত, গোপাল। গোপালের পুত্র দুর্গাদাস, সদানন্দ, দেবিদাস। দুর্গাদাসের পুত্র শ্রীকৃষ্ণ, গঙ্গাধর, বংশী। শ্রীকৃষ্ণের পুত্র রঘুনন্দন, সাতকৌড়ী। রঘুনন্দনের পুত্র রামবল্লভ, রামগোবিন্দ, রামহরি, রামজীবন, কৃষ্ণমঙ্গল। রামবল্লভের পুত্র রামেশ্বর। রামহরির পুত্র কামদেব, রামকান্ত, শিবদেব। কৃষ্ণমঙ্গলের পুত্র ভুবন, মাঙ্গন, লক্ষ্মীরাম। ভুবনের পুত্র লক্ষ্মীনারায়ণ, শান্তিরাম। লক্ষ্মীনারায়ণের পুত্র আত্মারাম। হৃদয়ের পুত্র রামনাথ পক্ষে কৃষ্ণপ্রসাদ, মহাদেব, শুকদেব। সদানন্দের পুত্র কেশব মজুমদার, শ্রীরাম মজুমদার, শ্রীহরি চৌধুরী। কেশবের পুত্র কৃষ্ণচরণ, রামনাথ, ভগবতী, নরনারায়ণ। কৃষ্ণচরণের পুত্র ছকু, ঘনশ্যাম, রাঘব। রামনাথের পুত্র রামশরণ চৌধুরী, রাজারাম, মুক্তারাম, শুভরাম পক্ষে হরিনারায়ণ, রাধাকৃষ্ণ, প্রাণকৃষ্ণ, জয়কৃষ্ণ। রাজারামের পুত্র বলরাম

তস্য পুত্র শ্যাম। মুক্তারামের পুত্র হরিরাম তস্য পুত্র ইন্দ্রনারায়ণ, প্রাণবল্লভ, ভগবতী। ভগবতী দাস চৌধুরীর পুত্র বিষ্ণুরাম, রামজীবন, চন্দ্রনারায়ণ, হৃদয়রাম চৌধুরী। বিষ্ণুরামের পুত্র শিবরাম তস্য পুত্র লোকনাথ, গোপীনাথ, ভোলানাথ, বিশ্বনাথ। লোকনাথের পুত্র প্রাণনাথ। চন্দ্রনারায়ণের পুত্র উদয়-নারায়ণ নবনারায়ণের পুত্র লক্ষ্মীনারায়ণ, রূপনারায়ণ, রামশরণ, কালু চৌধুরী। লক্ষ্মীনারায়ণের পুত্র ভবানী চরণ, দুর্গাচরণ, কালীচরণ চৌধুরী। দুর্গাচরণের পুত্র পার্ব্বতীচরণ। কালীচরণের পুত্র হরিদেব। রূপনারায়ণের পুত্র কাশী, প্রেমনারায়ণ। কাশীর পুত্র কেবল, রামনারায়ণ। রামনারায়ণের পুত্র হরিহর, রুদ্রেশ্বর চৌধুরী। রুদ্রেশ্বর চৌধুরীর পুত্র মেহু চৌধুরী, রাধানাথ চৌধুরী। কেবলের পুত্র বলরাম। কালু চৌধুরীর পুত্র দেবু চৌধুরী, শ্রীহরি চৌধুরী। শ্রীহরি চৌধুরীর পুত্র রঘুনাথ চৌধুরী, কাশীনাথ। রঘুনাথের পুত্র রামদেব, মহাদেব চৌধুরী। বসত সোণাপাতিল।

দেবিদাসের পুত্র গোবিন্দ, রামচন্দ্র, পক্ষে কৃষ্ণবল্লভ, জনার্দ্দন, শ্রীবল্লভ। গোবিন্দের পুত্র রামকৃষ্ণ, নারায়ণ, রূপনারায়ণ, জীবন, মহাদেব। জীবনের পুত্র হরিকৃষ্ণ তস্যপুত্র কৃষ্ণকান্ত। মহাদেবের পুত্র শ্যাম, রামহরি, শ্রীপতি। রামচন্দ্রের পুত্র সাতু, বল্লভ শ্রীচরণ, চণ্ডীচরণ মজুমদার। চণ্ডীচরণের পুত্র শোভাচন্দ্র মজুমদার, শক্তি মজুমদার। বসত বিশা।

জনার্দ্দনের পুত্র জয়নারায়ণ, কৃষ্ণজীবন। মহানন্দের পুত্র ত্রৈলোক্য নাথ তস্য পুত্র রাম, দোকৌড়ী। রামের পুত্র শ্রীচন্দ্র, নরহরি। দোকৌড়ীর পুত্র জিতাই, নগাই। নরহরির পুত্র বাসু শিকদার। তস্য পুত্র রামচন্দ্র কারফরমা, পুরাই, শ্রীগর্ভ, তিতাই। রামচন্দ্র কারফরমার পুত্র দুর্ল্লভ, যদু, রূপনারায়ণ। দুর্ল্লভের পুত্র চন্দ্রনারায়ণ। রূপনারায়ণের পুত্র জগন্নাথ, চান্দ। জগন্নাথের পুত্র গঙ্গাহরি, কিঙ্কর, রাধাবল্লভ, বৃন্দাবন। রাধাবল্লভের পুত্র প্রাণকৃষ্ণ, ভিকু, কৃষ্ণচন্দ্র। প্রাণকৃষ্ণের পুত্র ভবানীপ্রসাদ, রাজবল্লভ। ভিকুর পুত্র হরি। কৃষ্ণ-চন্দ্রের পুত্র কৃষ্ণকান্ত, রামানন্দন। রামানন্দনের পুত্র গোপাল। বসত থাজুরা।

বৃন্দাবনের পুত্র রামকৃষ্ণ। বসত গঙ্গাতীর বালুচর।

রত্নাকরের পুত্র রামকৃষ্ণ, রামকান্ত। শ্রীগর্ভের পুত্র বল্লভ, বিজয়মিশ্র, শ্রীচন্দ্র গোস্বামী। বল্লভের পুত্র মথুর, রাজীব, চিরঞ্জীব, নিতাই। মথুর মিশ্রের পুত্র

২। অঙ্গিরা হইতে ১ গৌতম, ২ ভরদ্বাজ, ৩ কেবল আঙ্গিরস।

৩। অত্রি হইতে ১ অত্রি, ২ বাদভটক, ৩ গবিষ্ঠির, ৪ মুদ্গল।

৪। বিশ্বামিত্র হইতে ১ কৌশিক, ২ লোহিত, ৩ রাক্ষস, ৪ কামকয়ান, ৫ অজ, ৬ কতব, ৭ ধনঞ্জয়, ৮ অঘমর্ষণ, ৯ পুরাণ, ১০ ইন্দ্রকৌশিক।

৫। কশ্যপ ঋষি হইতে ১ নিধ্রুব,২ কাশ্যপ, ৩ শাণ্ডিল্য, ৪ রেভ, ৫ লঙ্গাক্ষি।

৬। বশিষ্ঠ হইতে ১ বশিষ্ঠ, ২ কৌণ্ডিল্য, ৩ উপমন্যু, ৪ পরাশর, ৫ জাতুকর্ণ।

৭। অগস্ত্য হইতে ১ ইধ্মবাহর, ২ সোমবাহর, ৩ শম্ভুবাহর, ৪ যজ্ঞবাহর। এতদ্ব্যতীত গৌতম ঋষি হইতে যে তিন গোত্র উদ্ভব হইয়াছে, তাহার প্রত্যেক হইতে পুনর্ব্বার নিম্নলিখিত কয়েকটী গোত্রের উৎপত্তি হইয়াছে।

১। গৌতম গোত্র হইতে ১ অপস, ২ সার্ক্ষধন, ৩ কামল্ল, ৪ দীর্ঘতম, ৫ অম্বন, ৬ রেণুপালি, ৭ রাহুগণ, ৮ সোমরাজ, ৯ বামদেব, ১০ বৃহদক্ষর।

২। ভরদ্বাজ গোত্র হইতে ১ ভরদ্বাজ, ২ গর্গ, ৩ রিক্ষস কাপিলি।

৩। কেবল আঙ্গিরস গোত্র হইতে ১ হরিত, ২ নামাঙ্গিরস, ৩ অম্বরিক্ষ, ৪ ধাবন।

নিম্নলিখিত গোত্রস্থ ব্রাহ্মণগণ আদিকালে পার্শ্ববর্ণিত বেদাবলম্বন করেন।

(১ সামবেদ)	(২ ঋগ্বেদ)	(৩ যজুর্ব্বেদ)	(৪ অথর্ব্ববেদ)
কশ্যপ।	ভার্গব।	ভরদ্বাজ।	কৌশিক।
কাশ্যপ।	সাঙ্কৃতি।	ভারদ্বাজ।	ঘৃত কৌশিক।
বাৎস্য।	গর্গ।	অঙ্গিরা।	মগল।
শাণ্ডিল্য।	ভৃগু।	গৌতম।	গালব।
ধনঞ্জয়।	শুনক।	উপমন্যু।	বশিষ্ঠ।

এতদ্ব্যতীত অন্যান্য যাবতীয় ব্রাহ্মণগণ যজুর্ব্বেদাবলম্বন করেন।

ব্রাহ্মণগণ সাধারণতঃ দুই অংশে বিভক্ত, গৌড় ও দ্রাবিড়। গৌড় ও দ্রাবিড় প্রত্যেক পাঁচ পাঁচ শ্রেণীতে বিভক্ত, যথা—

পঞ্চ গৌড়।

১ কান্যকুব্জ, ২ সারস্বত, ৩ গৌড়, ৪ মৈথিল, ৫ উৎকল।

পঞ্চ দ্রাবিড়।

১ মহারাষ্ট্র, ২ ত্রৈলঙ্গ, ৩ দ্রাবিড়, ৪ কর্ণাট, ৫ গুর্জ্জর।

সাধারণতঃ পঞ্চগৌড়শ্রেণীস্থ ব্রাহ্মণগণ নর্ম্মদা নদীর উত্তরদেশে ও পঞ্চ দ্রাবিড়শ্রেণীস্থ ব্রাহ্মণগণ উক্ত নদীর দক্ষিণদেশে বাস করিয়াছেন। পঞ্চগৌড় প্রাচীন। অনেক পরে পঞ্চ দ্রাবিড় দক্ষিণপ্রদেশে বাস করিয়া পঞ্চদ্রাবিড় নাম প্রাপ্ত হইয়াছে।

এতদ্ব্যতীত আর ২৫ উপশ্রেণীর ব্রাহ্মণ আছেন। যথা, ১ মাথুর (মথুরার চৌবে), ২ মগধ (শাকদ্বীপী), ৩ মালব, ৪ কূর্ম্মচালী, ৫ নেপালী, ৬ কাশ্মীরী, ৭ সপ্তশতি, ৮ শেনিবি, ৯ পলশি, ১০ সেঙ্গারদ্বার, ১১ শঙ্কাহার, ১২ থতবীয়, ১৩ আবাসী, ১৪ ব্যাস, ১৫ বেলওয়ার, ১৬ লক্ষ্মীশ্বর, ১৭ অগাচি, ১৮ বাগরীয়া (পারজুনিয়া), ১৯ অন্যার্য, ২০ গোলাপুরার, ২১ লিয়ায়িয়া, ২২ নাদি, ২৩ ম্যালি, ২৪ দশদ্বীপী, ২৫ ডেরাধুন।

বঙ্গদেশে গৌড়ীয় ও কান্যকুব্জ উভয় শ্রেণীর বাস। আদিশূর রাজা ১০৫৬ অঃ বঙ্গদেশে রাজত্ব করেন। তিনি পঞ্চ গোত্রের পঞ্চ ব্রাহ্মণ কান্যকুব্জ হইতে আনয়ন করেন। বারেন্দ্র শ্রেণীর কুলজ্ঞ মহাশয়দিগের মতে এই পঞ্চ ব্রাহ্মণের নাম—নারায়ণস্ত শাণ্ডিল্যঃ সুষেণঃ কাশ্যপস্তথা। বাৎস্য ধরাধর স্যামো ভারদ্বাজোস্ত গোতমঃ সাবর্ণিস্ত পরাশরঃ।

পক্ষান্তরে রাঢ়ীয় শ্রেণীর কুলজ্ঞ মহাশয়দিগের মতে—ভট্টনারায়ণো দক্ষো বেদগর্ভোঽথ ছান্দড়ঃ। অথ শ্রীহর্ষ নামাচ কান্যকুব্জাৎ সমাগতা।

অস্যার্থ যথা,—

১। বারেন্দ্র মতে নারায়ণ, রাঢ়ীয় মতে ভট্টনারায়ণ, শাণ্ডিল্য গোত্র।

২। বারেন্দ্র মতে সুষেণ, রাঢ়ীয় মতে দক্ষ, কাশ্যপ গোত্র, কশ্যপ বংশ।

৩। বারেন্দ্র মতে ধরাধর, রাঢ়ীয় মতে বেদগর্ভ।

৪। বারেন্দ্র মতে পরাশর, রাঢ়ীয় মতে ছান্দড়, সাবর্ণ গোত্র, কশ্যপ বংশ।

৫। বারেন্দ্র মতে গৌতম, রাঢ়ীয় মতে শ্রীহর্ষ, ভরদ্বাজ গোত্র।

এই পঞ্চ ব্রাহ্মণ হইতে ১৫৬ পরিবার উদ্ভূত হন। বল্লালসেন খৃষ্টীয় অব্দের একাদশ শতাব্দে ইহাদিগকে শ্রেণীবদ্ধ ও ইঁহাদিগের কুল-সম্মানের ব্যবস্থা করেন। উপরোক্ত ১৫৬ পরিবারের মধ্যে বারেন্দ্র ভূমিতে তৎকালে ১০০ শত পরিবার

বাস করিতেন, এবং রাঢ় ভূমিতে ৫৬ পরিবারের বসতি ছিল। যাঁহারা বারেন্দ্র ভূমিতে ছিলেন, তাঁহাদিগকে বারেন্দ্র শ্রেণী এবং রাঢ় ভূমিতে যাঁহাদিগের বসবাস ছিল, তাঁহাদিগকে রাঢ়ীয় শ্রেণী গণ্য করা হইয়াছিল। এই ১৫৬ পরিবারই কান্যকুব্জ হইতে আনীত ব্রাহ্মণপঞ্চকের সন্তানসন্ততি। ইহাদিগের আদিপুরুষ ভট্টনারায়ণ প্রভৃতি যে সময়ে বঙ্গদেশে আগমন করেন, তৎসময়ে বঙ্গদেশে কতক সারস্বত ও বৈদিক ব্রাহ্মণের বাস ছিল। সপ্তশতীসংজ্ঞক ব্রাহ্মণসমূহ বোধ হয় উক্ত সারস্বতব্রাহ্মণের অন্তর্নিবিষ্ট। এক্ষণে বঙ্গে স্বারস্বত ব্রাহ্মণ দৃষ্ট হয় না। বৈদিকগণের ৫ পরিবার এক্ষণে বঙ্গে আছেন।

১। বারেন্দ্র।

বারেন্দ্র ভূমিতে যে ১০০ শত পরিবার ছিলেন, তন্মধ্যে ৮ পরিবার কুলীন, ৮ পরিবার শুদ্ধ শ্রোত্রীয় ও ৮৪ পরিবার কষ্ট শ্রোত্রীয় রূপে গণ্য হইলেন। কুলীন ৮ যথা, "আদৌ মৈত্র স্তথা ভীমো রুদ্রঃ সণ্ডামিনী তথা। লাহিড়ি ভাদুড়িঃ সাধুঃ ভাদড়ঃ পংক্তিপূরকঃ। অস্যার্থ যথা, ১ মৈত্র, ২ ভীম (কালিয়াই), ৩ রুদ্র (বাগাছি), ৪ সণ্ডামিনী (সান্যাল), ৫ লাহিড়ি, ৬ ভাদুড়ি, ৭ সাধু (বাগছি), ৮ ভাদড়। শুদ্ধ শ্রোত্রীয় ৮। কষ্ট শ্রোত্রীয় ৮৪।

২। রাঢ়ীয়।

রাঢ় ভূমিতে যে ৫৬ পরিবার বসতি করিতেন তন্মধ্যে ৬ পরিবার কৌলীন্য সম্মান প্রাপ্ত হন। অবশিষ্ট ৫০ পরিবার শ্রোত্রীয় সম্মান প্রাপ্ত হইয়াছিলেন। কুলীন ৬ যথা, ১ মুখোপাধ্যায় (মুখুটী), ২ গঙ্গোপাধ্যায় (গাঙ্গুলী), ৩ কাঞ্জিলাল, ৪ ঘোষাল, ৫ বন্দোপাধ্যায়, (বাটুয্যে), ৬ চট্টোপাধ্যায় (চাটুয্যে)।

শ্রোত্রীয় ৫০।

গঙ্গার উত্তর পার রাজসাহী বিভাগ আদিম বারেন্দ্র ভূমি। ভাগীরথীর পশ্চিম প্রদেশ রাঢ় ভূমি।

৩। পাশ্চাত্য বৈদিক।

৪। দাক্ষিণাত্য বৈদিক।

উল্লিখিত বিবরণ নির্ণয়সিন্ধু ও ধর্ম্মসিন্ধুগ্রন্থ হইতে গৃহীত হইয়াছিল। ভাগবত পুরাণ, কালিকাপুরাণ ও স্কন্দপুরাণের মতে ব্রাহ্মণগণের উৎপত্তি সম্বন্ধে যেরূপ লিখিত আছে, তাহাই অবলম্বন করিয়া বর্ত্তমান প্রস্তাব লিখিত হইল। এই সকল

গ্রন্থে যেরূপ সৃষ্টি প্রক্রিয়ার বিবরণ লিখিত আছে, তাহা অবশ্যই তত্ত্বানুসন্ধায়ীগণের সম্পূর্ণ সন্তোষজনক হইবে না, আমরা তাহা মুক্তকণ্ঠে স্বীকার করিতেছি। এই বিংশ শতাব্দীর প্রারম্ভে পৌরাণিক প্রস্তাব যতটুকু সমাদর প্রাপ্ত হয়, বর্ত্তমান প্রস্তাব ততটুকু সম্মান প্রাপ্ত হইলে আমাদের যত্ন সফল বোধ করিব। বংশাবলী লিখনের প্রসিদ্ধ ও সাধারণপ্রচলিত নিয়মানুসারে আদিপুরুষ ব্রহ্মা হইতে ব্রাহ্মণগণের অবিচ্ছেদে ধারাবাহিক পরবংশীয়গণের বিবরণ বিবৃত করা অসম্ভব, কিন্তু তত্রাপি যে যে তত্ত্ব উল্লিখিত গ্রন্থ সমালোচনা করিয়া প্রাপ্ত হওয়া যায়, তাহা আমরা এস্থলে বিবৃত করিব। ইহারও অনেকটা মূল্য আছে, ভরসা করি, পাঠকগণ তাহাতেই তৃপ্ত হইবেন।

উপর্য্যুক্ত গ্রন্থাবলীর মতানুসারে ব্রহ্মা সমুদয় জীবের আদিপুরুষ। তাঁহার পুত্র বিরাট, বিরাটের পুত্র স্বায়ম্ভুব মনু। স্বায়ম্ভুব মনুর পিতামহ ব্রহ্মা, সুতরাং ব্রহ্মা লোকপিতামহ বলিয়া জগন্মণ্ডলে খ্যাত। স্বায়ম্ভুব মনু হইতে প্রজাপতি বা আদিম ঋষিগণের ও চতুর্দ্দশ মনুর উৎপত্তি হয়। কথিত আছে যে আদিম ঋষি বা প্রজাপতিগণ এবং চতুর্দ্দশ মনু ব্রহ্মার মানসানুযায়ী তৎপৌত্র স্বায়ম্ভুব মনুর পুত্রত্ব স্বীকার করেন। এই মতানুসারে সমস্ত জীবের মূল বংশাবলী নিম্নলিখিত মতে বিবৃত করা গেল যথা :—

এবং চতুর্দ্দশ মনু যথা—১ স্বায়ম্ভুব, ২ স্বারোচিষ, ৩ ঔত্তমি, ৪ তামস, ৫ রৈবত, ৬ চাক্ষুষ, ৭ বৈবস্বত, ৮ সাবর্ণিক, ৯ দক্ষসাবর্ণিক, ১০ ব্রহ্মসাবর্ণিক, ১১ ধর্ম্ম-সাবর্ণিক, ১২ রুদ্রসাবর্ণিক, ১৩ দেবসাবর্ণিক, ১৪ ইন্দ্রসাবর্ণিক।

এই স্থলে একটি গোলযোগ হইতেছে, পূর্ব্বে কথিত হইয়াছে যে স্বায়ম্ভুব মনু

হইতে ১০ প্রজাপতি বা আদিম ঋষি ও ১৪ চতুর্দ্দশ মনুর উৎপত্তি, এস্থলে ঐ চতুর্দ্দশ মনুর তালিকায় পুনরায় স্বায়ম্ভুব মনুর নামও আমরা প্রাপ্ত হইতেছি। আদি স্বায়ম্ভুব মনুর অন্যতর পুত্রের নাম স্বায়ম্ভুব ছিল কি আদিপুরুষকেই পুনরায় মনুগণের অন্তর্নিবিষ্ট করা হইয়াছে, সে বিষয়ের প্রকৃত তত্ত্ব নির্দ্দেশ করা সুদূর-পরাহত। আদি ঋষিগণ বা প্রজাপতিগণ যেরূপ জীবাদি সৃষ্টির মূলাধার, সেইরূপ আবার চতুর্দ্দশ মনু জীবগণের বা জগতের শাসনকর্ত্তা বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। বোধ হয় মনুবর্গ ধর্ম্ম শাস্ত্রাদির প্রণয়ণকর্ত্তা বলিয়াই তাঁহাদিগকে লোকমণ্ডলীর বা জগতের শাসনকর্ত্তা বলা হইয়াছে। কথিত আছে যে প্রতি কল্পে এক এক মনুর অধিকার হয়। এক এক মনুর অধিকার সময়ে স্বতন্ত্র স্বতন্ত্র দেবতা ও স্বতন্ত্র স্বতন্ত্র সৃষ্টি ও স্বতন্ত্র স্বতন্ত্র দিক্‌পালাদি বিদ্যমান থাকিয়া সম্যক জগতের শাসনকার্য্য সম্পাদন করেন। কোন্ ২ মনুর সময়ে কোন্ ২ ঋষি বিদ্যমান ছিলেন, আছেন ও থাকিবেন তাহার এক তালিকা নিম্নে প্রদত্ত হইল—

১। স্বায়ম্ভুব—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু ও বশিষ্ঠ।

২। স্বারোচিষ---উর্য্যস্তাদি ঋষিগণ।

৩। ঔত্তমি—বশিষ্ঠ পুত্র প্রমদাদি ঋষিবর্গ।

৪। তামস---জ্যোতির্ধামাদি ঋষিবর্গ।

৫। রৈবত—হিরণ্য, বোম, বেদ শিবা, ও উর্দ্ধবাহু প্রভৃতি ঋষিবর্গ।

৬। চাক্ষুষ—হর্য্যাশ্বদ্বীকাদি ঋষি।

৭। বৈবস্বত—কশ্যপ, অত্রি, বশিষ্ঠ, বিশ্বামিত্র, গৌতম, জমদগ্নি ও ভরদ্বাজ।

৮। সাবর্ণিক—গালব, দীপ্তিমান পরশুরাম, অশ্বত্থামা, কৃপ, ঋষ্যশৃঙ্গ ও ব্যাস।

৯। দক্ষসাবর্ণিক---দ্যুতিমাননামক ঋষিগণ।

১০। ব্রহ্মসাবর্ণিক--হবিষ্মান, সুকৃত, সত্য, জয় ও মূর্ত্ত্যাদি ঋষিগণ।

১১। ধর্ম্মসাবর্ণিক—অরুণাদি দেবকল্প ঋষিগণ।

১২। রুদ্রসাবর্ণিক---তপোমূর্ত্ত্যাদি ঋষিগণ।

১৩। দেবসাবর্ণিক—নির্মোকতত্ত্বদর্শী প্রভৃতি ঋষি।

১৪। ইন্দ্রসাবর্ণিক—অগ্নিবাহু শুচি, শুদ্ধ ও মাগধাদি মুনিগণ।

ধর্ম্মশাস্ত্রানুসারে বর্ত্তমান সময়ে বৈবস্বত মনুর অধিকার।

প্রজাপতি বা আদিম ঋষিগণের বংশাবলী আমরা যথারীতি নির্ণয় করিতে সক্ষম হইলাম না। যাহা প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা নিম্নে লিখিত হইল।

১। মরীচি—ইঁহার পত্নীর নাম কলা, ইঁহাদের দুই পুত্র জন্মগ্রহণ করেন। তাঁহাদিগের নাম কশ্যপ ও পূর্ণমাস। পূর্ণমাসের দুই পুত্র বিরজ ও বিশ্বগা।

২। অত্রিবংশ—মহর্ষি অত্রি অনসূয়ার পাণিগ্রহণ করেন। ইঁহাদের তিন পুত্র দত্ত, দুর্ব্বাসা, সোম।

৩। অঙ্গিরা—ইঁহার তিন সন্তান। বৃহস্পতি, উতথ্য ও সম্বর্ত্ত।

৪। পুলস্ত্য—প্রবাদ এই যে রাক্ষস, বানর, কিন্নর, যক্ষ, প্রভৃতি ইঁহা হইতে উদ্ভব হয়।

৫। পুলহ—প্রবাদ এই যে ইনি সিংহ, ব্যাঘ্র, ঋক্ষ, ঈহা, মৃগ, শরভ, কিম্পুরুষ প্রভৃতির আদি পুরুষ।

৬। ক্রতু—ইঁহার দুই সন্তান। সত্যবান পুত্র ও ছায়া কন্যা।

৭। প্রচেতা—ইঁহার বংশাবলীর নির্ণয় করিতে অক্ষম হইলাম।

৮। বশিষ্ঠ—ইনি অরুন্ধতি ও অক্ষমালাকে বিবাহ করেন। ইঁহার পুত্র শক্তি, তৎপুত্র পরাশর, তৎপুত্র ব্যাসদেব।

৯। ভৃগু—ইঁহার পত্নী পুলোমা। ইঁহাদের পুত্র চ্যবন, তৎপুত্র ঔর্ব্ব, তৎপুত্র ঋচিক, তৎপুত্র জমদগ্নি তৎপুত্র জামদগ্ন্য পরশুরাম।

১০। নারদ—ইঁহার বংশাবলী নির্ণয় করিতে পারা গেল না।

নাটোর রাজ-পরিবার।

রাজসাহী জেলার অন্তর্গত সুবিখ্যাত ভূম্যধিকারী নাটোর রাজের রাজধানী ভাগীরথীপ্রসূত নারদনদের তটে সংস্থাপিত। নারদ আত্রেয়ী নদীর সহিত সম্মিলিত হইয়া, ক্রমে নিম্ন প্রদেশে প্রবাহিত হইয়াছে। নাটোর প্রদেশ স্বভা-

বড় নিম্ন, অস্বাস্থ্যকর ও জলাকীর্ণ। নাটোর নগর বহুদিন পর্য্যন্ত রাজসাহী জেলার রাজধানী ও সর্ব্বপ্রধান স্থানরূপে পরিগণিত ছিল। ইহা কলিকাতা হইতে ৬৭৷৷০ ক্রোশ উত্তর ঈষৎ পূর্ব্বাংশে। ১৮১৯ খ্রীঃ বর্ষার জলে এ প্রদেশ প্লাবিত হইয়া সাধারণের ও গবর্ণমেণ্টের সমূহ ক্ষতি ও অনিষ্ট হওয়াতে ১৮২২ খ্রীঃ ব্রিটিশ গবর্ণমেণ্ট রাজসাহীর সমুদয় আফিসাদি নাটোর হইতে স্থানান্তরিত করিয়া বোয়ালীয়া নামক স্থানে সন্নিবেশ করেন। নাটোরে এখন একটী সবডিবিজন মাত্র রহিয়াছে।

রাজসাহীর অধীন লস্করপুর পরগণান্তর্গত নাটোর গ্রামনিবাসী কামদেবনামক জনৈক ব্রাহ্মণ পুঁটীয়ার তৎকালীন ভূম্যধিকারী নবনারায়ণ রায়ের বাটিতে ক্ষুদ্র বেতনে সামান্য একটী কর্ম্মে নিযুক্ত ছিলেন। কামদেবের রামজীবন, রঘুনন্দন ও বিষ্ণুরাম নামক তিন পুত্র ছিল। ইহারাও পুঁটিয়ার রাজবাটিতে পিতার সহিত বসবাস করিতেন। ক্রমে ক্রমে পুঁটিয়ার ভূম্যধিকারী দর্পনারায়ণ রায় রঘুনন্দন প্রভৃতি ভ্রাতৃবর্গের বুদ্ধি ও বিদ্যাবত্তার পরিচয় পাইয়া, তাঁহাদিগকে উচ্চ পদস্থ করিতে লাগিলেন। তৎকালীন প্রথানুযায়ী দর্পনারায়ণ রায় রঘুনন্দনকে মুরশিদাবাদের নবাবদরবারে প্রতিনিধি বা এজেণ্টরূপে নিযুক্ত করিলেন। সেই সময় হইতেই রঘুনন্দন নবাবকর্ম্মচারীদিগের বিশেষতঃ কানুনগোর অত্যন্ত প্রিয়পাত্র হইয়া উঠিয়াছিলেন। রঘুনন্দন অতীব বিচক্ষণ, কার্য্যক্ষম ও ধী-সম্পন্ন লোক ছিলেন। পুঁটিয়াধিপতি ইঁহাকে যে বেতন প্রদান করিতেন, কানুনগো তাঁহাকে তদপেক্ষা অধিক বেতন দিতে স্বীকৃত হওয়ায়, রঘুনন্দন পুঁটীয়ার কার্য্য পরিত্যাগে কানুনগোর অধীনেই এক উচ্চপদে নিযুক্ত হইলেন। রঘুনন্দন স্বীয় বিদ্যা ও তীক্ষ্ণবুদ্ধির প্রভাবে কানুনগোর আফিসে এতই প্রতিপত্তি লাভ করিলেন, যে রঘুনন্দন যাহা করিতেন তাহাতে কানুনগো আর পুনর্দৃষ্টি করিতেন না।

দিল্লীশ্বরের অধীন বঙ্গ, বেহার ও উড়িষ্যা মুরশিদাবাদের নবাব বা সুবাদারের তহশীলাধীন ছিল। নবাবের নিকট সম্রাটের পাওনা রাজস্ব বহু পরিমাণে বাকি হইয়াছিল। সম্রাট তন্নিবন্ধন নবাবের রাজভক্তি ও বিশ্বস্ততার প্রতি সন্দিহান হইয়া, নবাবকে ঘোরতর বিপদে নিমগ্ন করেন; এমন কি নবাবের পদচ্যুতি পর্য্যন্তের আশঙ্কাও ছিল। এই আসন্ন বিপদ হইতে উদ্ধার হওয়ার জন্য নানাবিধ উপায়াবলম্বিত হইয়াছিল, কিন্তু কোনটিও কার্য্যোপযোগী হইল না। কারণ

কানুনগোর নামাঙ্কিত বা স্বাক্ষরিত না হইলে কোন হিসাবই সম্রাটসদনে গ্রাহ্য হইত না। নবাব রঘুনন্দনের বিচক্ষণতা ও সুচতুরতার বার্ত্তা পূর্ব্বেই অবগত ছিলেন, সুতরাং রঘুনন্দনের প্রতি স্বীয় পরিত্রাণের ভার ন্যস্ত করিলেন। রঘুনন্দন রীতিমত আয়ব্যয়ের তালিকা প্রস্তুত করিয়া, দিল্লীশ্বরের সমক্ষে উপস্থিত করিলেন। সম্রাট ঐ হিসাবদৃষ্টে নবাবকে নির্দ্দোষী সাব্যস্ত করিলেন। নবাব স্বীয় পদে স্থিরতর থাকিলেন। ইহাতে নবাব রঘুনন্দকে স্বীয় প্রধান অমাত্যপদে নিযুক্ত এবং রায়-রাঁয়া উপাধি ও খেলাত প্রদান করিলেন।

রঘুনন্দন রায় নবাবের দেওয়ানের পদে প্রতিষ্ঠিত হইয়া, অসীম ক্ষমতা পরিচালনা করিতে লাগিলেন। রঘুনন্দন নবাবপ্রতিনিধিত্বে যাহা করিতেন, তাহাতে নবাব দৃক্‌পাতও করিতেন না। ১৭০৬ খ্রীষ্টাব্দে পরগণা বনগাছির ভূম্যধিকারী রাজস্ব প্রদানে পরাঙ্মুখ হওয়ায়, দেওয়ান উক্ত পরগণা স্বীয় সহোদর রামজীবন রায়কে প্রদান করিলেন। ক্রমে রাজসাহী ও যশোহরের জমীদারগণও রাজস্ব প্রদানে গোলযোগ করায়, রঘুনন্দন উক্ত জমীদারী সমূহ রামজীবন রায়কে প্রদান করিলেন। রামজীবন রায় রীতিমত রাজস্ব প্রদান করিতে লাগিলেন এবং তজ্জন্য নবাবের অত্যন্ত প্রিয়পাত্র ও বিশ্বাসভাজন হইয়া উঠিলেন। কিয়দ্দিন মধ্যেই নবাব রামজীবন রায়কে রাজা উপাধি ও খেলাত প্রদান করেন। এই প্রকারে সমস্ত রাজসাহী রাজা রামজীবন রায়ের করতলস্থ হইল। কিন্তু রঘুনন্দন বা রামজীবন পুঁটীয়ার ভূম্যধিকারীর স্বত্ব লস্করপুর পরগণায় হস্তক্ষেপ করিলেন না, কারণ পুঁটীয়াধিপতি কর্ত্তৃক ইঁহাদিগের উন্নতির সূত্রপাত হইয়াছিল। ইঁহারা পুঁটীয়াধিপতির প্রতিপালিত ও আশ্রিত ছিলেন। তাঁহার সম্পত্তিতে হস্তক্ষেপ করা নীতি ও ধর্ম্মবিরুদ্ধ কার্য্য বলিয়া, তৎপ্রতি কোনরূপ অত্যাচার করেন নাই। তদানীন্তন দিল্লীশ্বর বাহাদুর সাহা রামজীবনকে রাজা বাহাদুর উপাধি ও খেলাত প্রদান করিয়াছিলেন। তৎকালে রাজা রামজীবনের রাজত্বের আয় ন্যূনাধিক দুই কোটী টাকা হইয়াছিল। তন্মধ্যে ৫২,৫৩০০০ টাকা রাজস্ব প্রদান করিতে হইত। দেখিতে গেলে নাটোরাধিপতি বরোদার গুইকুমারের সমকক্ষ ছিলেন। এতাবৎকাল রাজা রামজীবন পিতৃআবাসপল্লীতেই বাস করিতেছিলেন। কিন্তু এখন বিস্তৃত ক্ষেত্র মনোনীত করিয়া, অট্টালিকা নির্ম্মাণ না করিলে শোভা পায় না। প্রাচীনকালের লোকেরা আবাসবাটী

নির্ম্মাণ করিতে হইলে, দৈবজ্ঞ অথবা জ্যোতির্ব্বিদ পণ্ডিতের নির্দ্দেশক্রমে স্থান নির্ব্বাচন করিতেন। কথিত আছে যে, রাজা রামজীবন জনৈক জ্যোতির্ব্বিদ পণ্ডিতকে রাজপ্রাসাদোপযোগী সুলক্ষণপূর্ণ ও শুভফলপ্রদ স্থাননির্ব্বাচনের ভার অর্পণ করেন, তাহাতে উক্ত পণ্ডিত গণনা করিয়া দেখিয়াছিলেন যে, কোন এক সুগভীর ও সুপ্রশস্ত সরোবরমধ্যে একটী দ্বীপোপরি প্রকাণ্ড একটী ভেকে একটী সর্প উদরস্থ করিয়াছিল, ঐ স্থানে অট্টালিকা নির্ম্মাণ করিলে রাজ্যের উত্তরোত্তর উন্নতি ও রাজ্য এবং রাজবংশ দীর্ঘস্থায়ী হইবে। পণ্ডিত মহারাজাকে সমভি-ব্যাহারে নৌকাযোগে ঐ স্থানটী নির্দ্দেশ করিয়া দেন। মহারাজা বিপুল অর্থ ব্যয় করিয়া তথায় রাজপ্রসাদ ও রাজধানী নির্ম্মাণ করিয়াছিলেন। সেই জন্য নাটোর নগর অদ্যাপি বন্যাপ্রপীড়িত ও জলাকীর্ণ।

রাজা রামজীবন দিল্লীশ্বরের আদেশক্রমে রাজছত্র, রাজদণ্ড ও স্বীয় রাজ্য, শাসন ও সংরক্ষণ জন্য পদাতিসৈন্য ও তোপাদি রাখিয়াছিলেন এবং ফৌজদারি ও দেওয়ানী বিচারের ক্ষমতা পরিচালন করিতেন।

রাজা রামজীবন রায়ের দুই পুত্র ছিল। ১ম, কুমার কালু শৈশবাবস্থাতেই লোকান্তরিত হন। ২য়, রামকান্ত রায়। ইনি অষ্টাদশবর্ষ বয়ঃক্রমকালে জেলা রাজসাহীর অন্তর্গত ছাতিয়ান গ্রামনিবাসী আত্মারাম চৌধুরীর পঞ্চদশবর্ষীয়া কন্যা ভবানী দেবীর পাণিগ্রহণ করেন।

১৭৩০ খ্রীঃ রাজা রামজীবনের লোকান্তর হইলে তৎপুত্র রাজা রামকান্ত রাজ্যা-ধিকার লাভ করিলেন; কিন্তু তিনি রাজ্যভার গ্রহণ করিয়া সুখ সম্ভোগ করিতে পারেন নাই। তাহার প্রধান কারণ দয়ারাম। স্বর্গীয় মহারাজার সময়াবধি দয়া-রাম সামান্য ভাণ্ডারির কার্য্যে নিযুক্ত ছিল। ক্রমে স্বীয় বুদ্ধিকৌশলে রাজার বিশ্বস্ত ও প্রিয়পাত্র হইয়াছিল। স্বর্গীয় মহারাজার পরলোকগমনের পর রাজা রামকান্তের রাজত্বকালে তাহার আর তত প্রতিপত্তি থাকিল না, সুতরাং ঈর্ষাপরবশ হইয়া, রাজা রামকান্তকে বিপদাপন্ন করিতে কৃতসংকল্প হইল। সংকল্পসাধনার্থ দয়ারাম মুরশিদাবাদে নবাবদরবারে গমন করিয়া, রাজার যথেষ্ট নিন্দা, দুর্নাম, ও তিনি রাজকার্য্যের অনুপযুক্ত বলিয়া নানা কুকথা রটনা করিল। তৎকালীন অপরিণামদর্শী নবাব দয়ারামের কথায় সম্পূর্ণ বিশ্বাস করিয়া রাজাকে রাজ্যচ্যুত ও রাজকোষ লুণ্ঠন করিতে আদেশ করেন। দয়ারাম লুণ্ঠনকারীদিগের

মধ্যে অগ্রগণ্য হইয়া নাটোর-রাজধানী আক্রমণ করতঃ রাজান্তঃপুর বিলুণ্ঠন করিল। রাণী ভবানী তৎকালে পূর্ণগর্ভা ছিলেন। রাজা রামকান্ত তখন অন্তঃপুরেই ছিলেন; আসন্ন বিপদ হইতে পরিত্রাণের কোনরূপ সদুপায় উদ্ভাবনা করিতে পারিলেন না। স্বীয় বিশ্বাসী অমাত্যবর্গের মধ্যে একটা লোককেও দেখিতে পাইলেন না। কি করেন, পাছে রাণীর অবমাননা হয়, এই ত্রাসে রাণীকে লইয়া গবাক্ষদ্বার দিয়া বহির্গত হইলেন। অর্থ সম্পত্তি সমস্তই বিলুণ্ঠিত হইল। রাণীর অঙ্গাভরণ যাহা কিছু ছিল, তাহাই তখন তাঁহাদের একমাত্র সম্বল হইল। এখন এমন অবস্থায় শত্রুবেষ্টিত রাজ্যে কোথায় আশ্রয় গ্রহণ করিয়া নিরাপদে গর্ভবতী রাণীসহ বাস করিবেন, কোথায়ই বা যাইবেন, এই চিন্তায় আকুলিত হইতে লাগিলেন। পরে নৌকাপথে গোপনভাবে মুরশীদাবাদে নবাবের কোষাধ্যক্ষ জগৎশেঠের আশ্রয়ে উপনীত হইলেন। জগৎশেঠ রাজার শোচনীয় অবস্থা আদ্যোপান্ত শ্রবণ করিয়া দয়াপরবশ হইলেন এবং রাণীসহ মহারাজাকে মুরশীদাবাদে অবস্থিতি করণার্থ নবাববাটীর অনতিদূরে রাজপথের সন্নিহিত সামান্য একটি বাটী স্থির করিয়া ছিলেন। রাজা তথায় রাণীসহ অবস্থিতি করিতে লাগিলেন। ওদিকে স্বর্গীয় রাজার ভ্রাতুষ্পুত্র দেবীপ্রসাদ নাটোরের রাজা হইলেন। হায়! যে মহারাজা দুই কোটী টাকা আয়ের রাজত্বের অধিপতি ছিলেন, এখন তাঁহাকে কৃতঘ্ন দয়ারাম ভাণ্ডারীর ষড়যন্ত্রে মহারাণীসহ সামান্য এক কুটীরে সামান্য লোকের ন্যায় অবস্থিতি করিতে হইল। নবাবও সত্যাসত্য বিচার না করিয়া সামান্য লোকের মৌখিক কথায় কর্ণপাত করতঃ সম্ভ্রান্ত রাজা ও রাজপরিবারের অবমাননার একশেষ করিলেন। যাহা হউক, জগদীশ্বরের কৃপায় নির্দ্দোষী ও প্রপীড়িত রাজা ও রাজমহিষীর ক্লেশ দীর্ঘকালস্থায়ী হয় নাই। দয়ারাম আত্মগ্লানি বশতঃই হউক, আর লোকাপবাদ ভয়েই হউক, রাজা রামকান্তের প্রতি পুনরায় সদয় হইয়া রাণী ভবানীর অঙ্গের ৫০,০০০ মুদ্রার আভরণ গ্রহণ করিলেন ও তাহা বিক্রয় করিয়া টাকা সংগ্রহ করতঃ নবাববাটীস্থ যাবতীয় লোকমধ্যে তাহা বিতরণ করিলেন। অমাত্যবর্গের দ্বারা নবাবের মনস্তুষ্টি সাধনপূর্ব্বক রাজা রামকান্তকে নাটোররাজ্য পুনঃ প্রদান করিলেন। দুর্জ্জনকে বলেই হউক আর কৌশলেই হউক; করতলে রাখিয়া বিজ্ঞ ও বহুদর্শী ব্যক্তি কার্য্যোদ্ধার করিয়া থাকেন। রাজা রামকান্তও এই নীতির সার গ্রহণ করতঃ দয়ারামকে প্রধানামাত্যের পদে বরণ

করিলেন ও তাহারই পরামর্শানুসারে যাবতীয় রাজকার্য্য পরিচালনা করিতে লাগিলেন।

রাণী ভবানীর গর্ভে দুই কুমার ও এক কুমারী জন্মগ্রহণ করেন। দুঃখের বিষয় কুমারগণ শৈশবাবস্থাতেই ইহলোক পরিত্যাগ করেন। রাজকুমারীর নাম তারা দেবী। পরে ইনি তারা ঠাকুরাণী নামে বিখ্যাতা হইয়াছিলেন। উদ্বাহান্তে রাণী তারা দেবী নামে অভিহিতা হইয়াছিলেন। জেলা রাজসাহীর অন্তঃপাতী খাজুরিয়া গ্রামনিবাসী রঘুনন্দন লাহিড়ি নামক জনৈক কুলীন ব্রাহ্মণতনয়ের সহিত তারা ঠাকুরাণীর বিবাহকার্য্য অতীব সমারোহে সম্পন্ন হয়। রাণী ভবানীর ইচ্ছা ছিল যে তারা ঠাকুরাণীর গর্ভে সুসন্তান হইলে তাহাকেই সমস্ত রাজ্যের উত্তরাধিকারীত্বে বরণ করিবেন। কিন্তু দৈবপ্রতিকূলে বিবাহের অল্পদিন পরেই তারা ঠাকুরাণীকে বৈধব্যদশায় নিপতিত হইতে হইল। তারা দেবীর বৈধব্য যন্ত্রণায় রাণী ভবানী নিয়ত শোকে কাতরা থাকিতেন। তদবধিই সংসারের প্রতি তাঁহার বিদ্বেষভাব হইয়া উঠিল। তীর্থবাসই এই সমস্ত শোকাগ্নি নির্ব্বাপনের একমাত্র উপায় মনে করিয়া তৎকার্য্যে ব্রতী হইলেন।

রাজা রামকান্ত রায় ২৬ বৎসরকাল রাজত্ব করিয়া, ১৭৫৬ খৃঃ মানবলীলা সম্বরণ করেন।

রাণী ভবানী বাল্যকালাবধি যে প্রকার সুশীলা ও সদ্‌গুণালঙ্কৃতা ছিলেন, তদনুরূপ রূপবতী ও সুলক্ষণাও ছিলেন। সধবাবস্থায় ইঁহার দানশীলতার তত বাহুল্য ছিল না, কারণ রাজ্ঞী হইয়াই নানা কারণে তাঁহার মনের গতি যারপর নাই বিষাদপূর্ণা হইয়াছিল। তথাপি দীন দরিদ্রদিগকে অর্থ, আহার্য্য ও বস্ত্র দান ইত্যাদি তাঁহার নিত্যকর্ম্মের মধ্যে গণ্য ছিল। স্বামী-বিয়োগান্তর দান, ধ্যান ও পরোপকার ইঁহার জীবনের প্রধান কার্য্য হইয়া পড়িল। রাণী ভবানী স্বাধিকারভুক্ত যাবতীয় ব্রাহ্মণকন্যাগণের বিবাহের সমুদয় ব্যয় সংকুলন করিতেন। দুর্গোৎসব উপলক্ষে ২০০০ পট্টবস্ত্র ও অন্যান্য মূল্যবান দ্রব্যাদিদ্বারা সধবা ও কুমারীগণকে ষোড়শোপচারে অর্চ্চনা করিতেন। রোগীদিগের চিকিৎসার্থ অনেক স্থানে বৈদ্য প্রেরণ করতঃ তৎসঙ্গে সঙ্গে পথ্য ও ঔষধাদি প্রেরণ করিতেন। ইনি নাটোরে জয়কালী দেবীর অট্টালিকা ও ভবানীপুরে ভবানী দেবী প্রতিষ্ঠিত করিয়া গিয়াছেন। তিনি স্বদেশে, শ্রীক্ষেত্রে, মুরশীদাবাদে ও

অন্যান্য পুণ্যক্ষেত্রে শিবমন্দির ও অন্যান্য দেবদেবীর মন্দির এবং সন্ন্যাসীদিগের নিমিত্ত মঠ নির্ম্মাণ করিয়া তাহার ব্যয় কুলনার্থ উপযুক্ত অর্থাগমের উপায় করিয়া গিয়াছেন। ব্রাহ্মণতনয়দিগের বিদ্যাশিক্ষার্থ চতুষ্পাঠী ইত্যাদি নির্ম্মাণ করিয়া তচ্ছাত্রগণের আহারাদির উপায় বিধান করিয়া গিয়াছেন।

রাণী ভবানীর কীর্ত্তিসমূহের মধ্যে কাশীর কীর্ত্তি অক্ষয় কীর্ত্তি মধ্যে পরিগণিত হইয়া তাঁহার নাম অদ্যাপি অবিনশ্বর স্বর্ণাক্ষরে মানবমণ্ডলীর হৃদয়ধামে চিরাঙ্কিত হইয়া রহিয়াছে।

রাণী ভবানী কাশী যাত্রাকালে ১৭০০ শত নৌকা সঙ্গে লইয়া যান। কাশী-ধামে ৩০০ শত প্রস্তরময় অট্টালিকা নির্ম্মাণ করতঃ ব্রাহ্মণকে দান করেন। কাশীতে দুর্গাকুণ্ড নামক প্রকাণ্ড দীর্ঘিকা খনন করতঃ প্রস্তর দ্বারা তাহার চতুষ্পার্শ বাঁধাইয়া দিয়াছেন। ঐ দীর্ঘিকার দক্ষিণ তটে দুর্গামন্দির ও নহবত-খানাদি প্রস্তর দ্বারা নির্ম্মাণ করিয়া দিয়াছেন। তদ্ভিন্ন ছত্রবাটী,* কালীবাড়ী, গোপাল ও রাধাকৃষ্ণ এবং তারামন্দির নির্ম্মাণ করিয়া উক্ত নামের বিগ্রহ প্রতি-ষ্ঠিত করিয়া গিয়াছেন। তথায় যে নহবতখানা নির্ম্মাণ করিয়াছেন, অদ্যাপিও তাহাতে অষ্টপ্রহর নহবত বাদ্য হইতেছে ও ছত্রে প্রত্যহ ব্রাহ্মণ ভোজন হই-তেছে। এতদ্ভিন্ন অন্নপূর্ণার মন্দিরেও তাঁহার অক্ষয় কীর্ত্তি এ পর্য্যন্ত দেদীপ্যমানা রহিয়াছে। কাশীনগরী প্রদক্ষিণার্থ পঞ্চক্রোশ ব্যাপিয়া যে "পঞ্চক্রোশী" রাস্তা প্রস্তুত করিয়াছেন, তাহাতে যাত্রীগণের বাস ও বিশ্রামার্থ স্থানে স্থানে সুরম্য হর্ম্ম্য নির্ম্মাণ ও তত্তৎস্থলে দীর্ঘিকা, কূপ ও ধর্ম্মশালা এবং দেবমন্দির নির্ম্মাণ ও তরুরাজি রোপণ করিয়া তাঁহার নাম চিরস্থায়ী করিয়া গিয়াছেন।

গয়াধামেও প্রাতঃস্মরণীয়া মহারাণী ভবানীর অনেক কীর্ত্তি আছে। তিনি গয়াতে ৫ লক্ষ মুদ্রা ব্যয় করিয়াছিলেন। তৎকালে গয়াধাম টীকারীর রাজত্বাধীন ছিল। টীকারীরাজ আদেশ প্রচার করিলেন যে তাঁহাকে ৫ লক্ষ টাকা কর প্রদান না করিলে তিনি রাণী ভবানীকে বিষ্ণুপদে পিণ্ডদান করিতে দিবেন না। রাণী ভবানী এই সংবাদ মুরশিদাবাদে প্রেরণ করিলে, নবাব ক্রোধান্বিত হইয়া মুঙ্গেরের সুবাদারকে টীকারীরাজ্য আক্রমণ করিতে আদেশ করিলেন। রাজা

* যাহাতে অনাথ ও দরিদ্রগণ নিয়মিতরূপে প্রত্যহ আহার পায়।

তৎক্ষণাৎ গললগ্নীকৃতবাসে নিষ্করে পিণ্ডদান করিতে রাণী ভবানীকে অনুরোধ করেন; তত্রাচ রাণী ভবানী তাঁহার স্বভাবসুলভ বদান্যতার বশবর্ত্তিনী হইয়া টীকারীরাজকে ৩ লক্ষ টাকা দান করিয়াছিলেন। রাণী ভবানীর যে প্রকার দানশীলতা গুণ, তদ্রূপ শত্রুকে সাহায্য করাও তাঁহার এক অসামান্য গুণ ছিল। কথিত আছে যে এই ঘটনার অব্যবহিত পরেই টীকারীর রাজা রাজস্ব দিতে অপারগ হইয়া নবাবের কারাগৃহে বন্দীভূত হইয়াছিলেন। রাণী ভবানী ঐ টাকার জন্য স্বয়ং প্রতিভূ হইয়া রাজাকে মুক্ত করিয়া দেন। তাহাতে রাজা কৃতজ্ঞতার চিহ্নস্বরূপ স্বীয় মস্তকোষ্ণীষ রাণী ভবানীর পদতলে উৎসর্গ করিয়া বলিয়াছিলেন যে "আপনি আমাকে ক্রয় করিলেন"।

রাজজামাতার অর্থাৎ তারা দেবীর স্বামীর লোকান্তর হইলে, রাণী ভবানী রামকৃষ্ণ রায়কে দত্তক গ্রহণ করিয়াছিলেন। রাজা রামকৃষ্ণ রায় রাজ্যপ্রাপ্তির অব্যবহিত পরেই রাজকার্য্যে অমনোযোগীতা প্রদর্শন করতঃ সদাসর্ব্বদা জপ, তপ ও ঈশ্বরোপাসনায় কাল কর্ত্তন করিতেন। এক মুহূর্ত্তের জন্যও রাজত্বের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিতেন না। তাঁহার কর্ম্মচারিগণ এই সুযোগে, রাজস্ব আত্মসাৎ, রাজকোষ লুণ্ঠন এবং রাজভাণ্ডারাপহরণ করিতে কথঞ্চিৎও ইতস্ততঃ করিতেন না। রাজার রাজকার্য্যে অমনোযোগ নিবন্ধন,রাজকর্ম্মচারিগণ স্বেচ্ছাচারী হইয়া উঠিলেন। প্রধানামাত্য কালীশঙ্কর রায় এই সময়ে নাটোরের অনেক জমীদারী নিলামে ক্রয় করিয়াছিলেন। তাঁহাদিগের স্বার্থপরতা ও দুষ্টাভিসন্ধি নিবন্ধন, জমীদারীর রাজস্ব রীতিমত প্রদত্ত হইত না। আবার সেই কারণে নিলাম হওয়া আরম্ভ হইলে, নিজেরাই জমীদারী ক্রয় করিতে লাগিলেন। এই কালীশঙ্কর রায় কর্ত্তৃক নড়াইল জমীদারী সংস্থাপিত হইয়াছিল।

দ্বিতীয়ামাত্য দেওয়ান দয়ারাম রায় নাটোরের সন্নিহিত যত ভূসম্পত্তি নিলাম হইয়াছিল, তৎ সমস্তই ক্রয় করিয়াছিলেন। সেই দয়ারাম রায় দীঘাপতিয়া রাজাদিগের আদিপুরুষ। এতদ্ভিন্ন আরও অনেক বৃহৎ ও ক্ষুদ্র জমীদারী নাটোর রাজ্য হইতে উদ্ভূত হইয়াছে।

১৭৯৫ খ্রীঃ রাজা রামকৃষ্ণ পরলোক গমন করেন। তাঁহার দুই পুত্র, রাজা বিশ্বনাথ ও রাজা শিবনাথ। রাজা জীবিতাবস্থাতেই পুত্রদ্বয়ের মধ্যে রাজ্য বিভাগ করিয়া দিয়া গিয়াছিলেন। তৎকালে কেবলমাত্র ২৭০০০০০ লক্ষ টাকা

আয়ের জমীদারী ছিল। উক্ত আয়ের সম্পত্তি দুই ভাগে বিভক্ত করিলেন। প্রথম ভাগের নাম রাজস্ববিভাগ—তাহার আয় ১৮০০০০০ লক্ষ টাকা; রাজা বিশ্বনাথকে এই অংশ প্রদান করা হইল। দ্বিতীয়াংশের আয় ৯০০০০০লক্ষ; এই অংশ রাজা শিবনাথকে প্রদত্ত হইল, এবং দেবোত্তর মহাল এই অংশের আখ্যান হইল। রাজবাড়ীতেও দুইটী পৃথক খণ্ড হইল, যথা—বড় হিস্যা (তরফ), ছোট হিস্যা (তরফ)। বড় তরফ রাজা বিশ্বনাথের ও ছোট তরফ রাজা শিবনাথের হইল।

মহারাজ বিশ্বনাথ নিঃসন্তানাবস্থায় লোকান্তর গমন করিলে তদীয় মহিষী মহারাণী কৃষ্ণমণি গোবিন্দচন্দ্রকে দত্তক গ্রহণ করিলেন। রাজা গোবিন্দচন্দ্র কয়েক বৎসর জীবিত ছিলেন। তিনিও নিঃসন্তানাবস্থায় মানবলীলা সম্বরণ করিলে পর, তৎপত্নী মহারাণী শিবেশ্বরী গোবিন্দনাথকে দত্তক রাখিলেন। ইনিও অল্পদিন মাত্র রাজত্ব করিয়া মৃত্যুর করালগ্রাসে পতিত হন। তদনন্তর রাজা জগদিন্দ্রনাথ রায় দত্তক গৃহীত হইলেন। ১৮৭৭ সালের জানুয়ারি মাসে ইনি মহারাজা উপাধি লাভ করিয়াছেন। মহারাজা জগদিন্দ্রনাথ রায় বাহাদুর নাটোর বড় তরফের একমাত্র বংশধর। ইনি রাজসাহী কলেজে শিক্ষা লাভ করিয়াছেন।

মহারাজ বিশ্বনাথ দেবোত্তর বিভাগের রাজ্যভার গ্রহণ করিয়া, কয়েক বৎসর পরেই মানবলীলা সম্বরণ করিলেন। ইনিও জ্যেষ্ঠ ভ্রাতার ন্যায় নিঃসন্তান ছিলেন। পরে রাজা আনন্দনাথকে দত্তক গ্রহণ করেন। রাজা আনন্দনাথ ১৮৬৬ সালে সি, এস, আই উপাধি লাভ করেন। রাজা আনন্দনাথ রায় বাহাদুর সি. এস, আই, অত্যন্ত দাতা ও দয়াশীল ছিলেন। তিনি রাজসাহীতে একটী পুস্তকালয় সংস্থাপন করিয়া গিয়াছেন। ইনি রাজসাহী জেলাস্থ ইংরেজগণের একজন প্রিয়তম বন্ধু ছিলেন। ১৮৬৭ সালে রাজা আনন্দনাথ পরলোকগমন করেন। রাজা আনন্দনাথ রায় বাহাদুরের চারি পুত্র; ১ম রাজা চন্দ্রনাথ রায় বাহাদুর; ২য় কুমার কুমুদনাথ রায়; ৩য় কুমার নগেন্দ্রনাথ রায়; ৪র্থ রাজা যোগেন্দ্রনাথ রায় বাহাদুর।

রাজা চন্দ্রনাথ রায় বাহাদুরের পিতার লোকান্তর গমনের পর তিনি নয় বৎসর কাল রাজত্বভোগ করিয়াছিলেন, এবং দেবালয়াদির অনেক উন্নতি বিধান করিয়া গিয়াছেন। রাজসাহীতে স্ত্রী নর্ম্ম্যাল বিদ্যালয় সংস্থাপন করিয়া তাহার ব্যয় কুলানার্থ বার্ষিক ১৫০০ শত টাকা ব্যবস্থা করিয়া, দেশের একটী মহৎ অভাব

দূর করিয়া গিয়াছেন। পরে রাজা চন্দ্রনাথ রায় বাহাদুর, ইণ্ডিয়া অফিসে "ফরেন্ ডিপার্টমেণ্টের এটাচি" পদে নিযুক্ত হইয়াছিলেন। ইনি এই পদে থাকার সময় ভারতবর্ষস্থ প্রধান প্রধান স্বাধীন, মিত্র ও করদ রাজগণের সহিত বিশেষ পরিচিত হইয়াছিলেন। ইনি "এটাচি" পদে নিযুক্ত থাকার সময় বেনারসেই অধিককাল অতিবাহিত করিতেন। রাজা চন্দ্রনাথ রায় বাহাদুর নিঃসন্তানাবস্থায় মানবলীলা সম্বরণ করেন। তৎকনিষ্ঠ সহোদর কুমার কুমুদনাথ ও কুমার নগেন্দ্রনাথ রায়ও অকালে কালকবলে পতিত হন।

কুমার যোগেন্দ্রনাথ রায় তৎপর নাটোরের ছোট তরফের রাজার পদ লাভ করেন। মহারাজ যোগেন্দ্রনাথ রায় বাহাদুর দেবোত্তর বিভাগ ও দেবালয়াদির রক্ষণাবেক্ষণাদি করিতেছেন। ইঁহার পুত্রের নাম কুমার জ্যোতীন্দ্রনাথ রায়।

পুঁটীয়া রাজ-পরিবার।

রাজসাহী জিলান্তর্গত নাটোর সবডিবিজনের সন্নিহিত পুঁটীয়া রাজের রাজধানী সংস্থিত। পুঁটীয়াধিপতির জমীদারি পদ্মানদীর উভয়তটে বিস্তৃত। পরগণা লস্করপুর অত্র রাজ্যের প্রধান এবং প্রাচীন জমীদারি। সাধু বাগছির বংশোদ্ভব পঞ্চদশ বংশধর শশীধরের পুত্র বৎসরাচার্য্য নামক জনৈক ঋষি পুঁটীয়া নামক স্থানে স্বীয় তপঃকুটীর নির্ম্মাণ করতঃ তাপসকার্য্যে সময়াতিবাহিত করিতেন। ঋষিবর বৎসরাচার্য্যই পুঁটীয়া রাজ্যের সংস্থাপক। তৎকালে লস্কর খাঁ নামক জনৈক দিল্লীশ্বরের সুদক্ষ রাজকর্ম্মচারী ঐ স্থানটী সম্রাটপ্রদত্ত জায়গীর স্বরূপ প্রাপ্ত হইয়া অনেককাল পর্য্যন্ত তাহা ভোগ করেন, তজ্জন্য পরগণাটীও তাঁহার নিজনামে (লস্করপুর নামে) অভিহিত হয়। লস্কর খাঁ নিঃসন্তানাবস্থায় পরলোকগামী হইলে উক্ত পরগণা পুনরায় সাম্রাজ্যাধীনে নীত হইয়া তদানীন্তন সুবাদারগণ কর্ত্তৃক তাহার শাসনকার্য্য নির্ব্বাহ হইত। সুবাদারগণ স্বাধীনাবস্থায় কিয়ৎকাল তাহার করাদি গ্রহণ করে; এবং লস্করপুর হইতে সম্রাটের স্বত্ব রহিত করার অভিলাষে নানাবিধ অসদুপায় উদ্ভাবন করে। দিল্লীশ্বর এই সংবাদ অবগত হইয়া বিদ্রোহীদিগকে যথোচিত প্রতিফল দেওয়ার মানসে জনৈক সুদক্ষ সেনাপতিকে সেনানীগণসহ তৎস্থানে প্রেরণ করেন। সেনাপতি দুর্জ্জয়

সেনানীগণসহ লস্করপুরে যথাসময়ে উপনীত হইয়া প্রথমেই ঋষিবরের সহিত সাক্ষাৎ করেন এবং অরিবৃন্দের সংহারার্থ প্রকৃত উপায় উদ্ভাবন করেন। অতীব সহজ ও সামান্য সংগ্রামে শত্রুদলকে পদতলে দলিত করতঃ লস্করপুরের কর্ত্তৃত্বভার বৎসরাচার্য্যকে প্রদান করেন। বৎসরাচার্য্য * বহুকাল যাবৎ অর্থলিপ্সা রহিতে কামক্রোধাদি রিপুবর্গকে দমন করতঃ তাপসকার্য্যে নিয়ত সন্নিবিষ্ট থাকিতেন, সুতরাং তদীয় তনয় পীতাম্বরের করে লস্করপুরের শাসনসংরক্ষণভার ন্যস্ত হইল। পীতাম্বর নবাধিকৃত ভূসম্পত্তির শাসনভার গ্রহণ করিয়া তদধীনস্থ প্রজাপুঞ্জের নানাবিধ হিতকর কার্য্যে ও ভূমির অবস্থার অশেষবিধ উন্নতিবিধানে একান্ত যত্নবান হইলেন এবং অল্পকাল মধ্যেই স্থানীয় অবস্থার দ্বিগুণ উন্নতি বিধান করিয়া আত্মাভিলাষ পূর্ণ করিলেন। কিন্তু ইঁহার কোন সন্তানসন্ততি হয় নাই। পীতাম্বরের লোকান্তরে তদীয় পঞ্চম সহোদর নীলাম্বর রাজ্যভার গ্রহণ করেন। ইনি অল্পকাল রাজ্যশাসন করতঃ মানবলীলা সম্বরণ করিলে তৎপুত্র আনন্দচন্দ্র রাজ্যাধিকার লাভ করিলেন। আনন্দচন্দ্রও বিলক্ষণ সুচতুর ও ধীসম্পন্ন রাজা ছিলেন। ইনি স্বীয় প্রতিভাবলে সম্রাটপ্রদত্ত রাজা উপাধি লাভ করিলেন। রাজা আনন্দচন্দ্রের লোকান্তরে তৎপুত্র রতিকান্ত রাজ্যলাভ করিলেন, এবং রাজা উপাধি প্রাপনার্থ যত্নও করিয়া ছিলেন, কিন্তু পূর্ণমনোরথ হইতে পারিলেন না। প্রবাদ আছে যে ইনি নানা দোষে লিপ্ত থাকাতে পৈতৃক রাজা উপাধি লাভে বঞ্চিত হইয়াছিলেন। পরে দিল্লীশ্বর ইঁহাকে ব্রাহ্মণকুলের প্রধান উপাধি ঠাকুর নামে আখ্যায়িত করিলেন, এবং ইনি ছোটঠাকুর নামে প্রসিদ্ধ হইয়াছিলেন। † ছোটঠাকুর রতিকান্তের লোকান্তরে তদীয় জ্যেষ্ঠপুত্র রামচন্দ্র রাজ্যাধিকার লাভ করিলেন। রামচন্দ্র অতীব ধার্ম্মিক, প্রতিভাবিশিষ্ট ও ধীসম্পন্ন লোক ছিলেন। ইনি বিষয়কার্য্যে যে প্রকার দক্ষ, ধর্ম্মকর্ম্মেও

---

*বৎসরাচার্য্যের সাত পুত্র যথা :—পীতাম্বর, শ্রীচন্দ্র, শ্রীনাথ, রূপনাথ, নীলাম্বর, পুরন্দর এবং কৃষ্ণদাস।

† রতিনাথের পুত্র যথা :—রামচন্দ্র, রঘুবীর এবং যদুবীর। রামচন্দ্রের চারি পুত্র যথা :—রূপনারায়ণ, নরনারায়ণ, দর্পনারায়ণ এবং জয়নারায়ণ। রূপনারায়ণ নিঃসন্তানাবস্থায় পরলোক গমন করেন, দ্বিতীয় নরনারায়ণ রাজ্যাধিকার লাভ করেন। তৃতীয় দর্পনারায়ণ চৌপুখুরিয়াতে বাস করেন। চতুর্থ জয়নারায়ণ পুঁটীয়া পরিত্যাগ করতঃ রামপুর বোয়ালিয়ার সন্নিহিত সিরোলে আবাসবাটী নির্ম্মাণ করিয়া তথায় বাস করেন।

তদ্রূপ নিপুণ ছিলেন। ইনি পুঁটীয়াতে গোবিন্দদেবের বিগ্রহ প্রতিষ্ঠা করেন। রামচন্দ্র ঠাকুরের লোকান্তরে তদীয় দ্বিতীয় পুত্র নরনারায়ণ রাজ্যাধিকার লাভ করিলেন। এই মহাত্মার রাজত্বকাল ইতিহাসপ্রেমিকদিগের পক্ষে একটি অতীব আদরণীয় সময়; কারণ নাটোররাজ্যের সংস্থাপক সুবিখ্যাত রঘুনন্দন রায়ের পিতা কামদেব ইঁহার রাজত্বাধীনে এক সামান্য কার্য্যে নিযুক্ত ছিলেন। নরনারায়ণের পুত্র প্রেমনারায়ণ, প্রেমনারায়ণের পুত্র অনুপনারায়ণ।

অনুপনারায়ণের চারি পুত্র যথা:—১ নরেন্দ্রনারায়ণ, ২ মোদনারায়ণ, ৩ রূপেন্দ্রনারায়ণ, ৪ প্রাণনারায়ণ। অনুপনারায়ণের লোকান্তরে তদীয় পুত্র চতুষ্টয়মধ্যে পুঁটীয়ার জমীদারি বিভক্ত হয়। এই সময় হইতেই তথায় চারি জন রাজা হন। মোদনারায়ণ, রূপেন্দ্রনারায়ণ এবং প্রাণনারায়ণ, এই ভ্রাতৃত্রয়ের একতাক্রমে প্রত্যেকের স্বীয়াংশ রাজত্বের চারি আনা অংশ হইতে অৰ্দ্ধ আনা সর্ব্বাগ্রজ নরেন্দ্রনারায়ণকে প্রদান করেন; সুতরাং নরেন্দ্রনারায়ণের নিজাংশ চারি আনা এবং কনিষ্ঠ সহোদরত্রয়ের অংশ হইতে প্রাপ্ত দেড় আনা, সমষ্টি সাড়ে পাঁচ আনা জমীদারি ইহার অংশে ভুক্ত হইল; এবং কনিষ্ঠ সহোদরত্রয়ের প্রত্যেকের অংশে সাড়ে তিন আনা মাত্র থাকিল। নরেন্দ্রনারায়ণের বংশধরগণ পাঁচআনীর রাজা নামে প্রসিদ্ধ, কিন্তু প্রকৃতপক্ষে ইঁহারা পুটীয়ার সমগ্র জমীদারির সাড়ে পাঁচ আনা অংশের অধিকারী।

এই পুস্তকে উক্ত রাজ্যের অংশচতুষ্টয়ের রাজগণের বিবরণ ক্রমান্বয়ে সন্নিবেশিত হইল। প্রথমে সর্ব্বজ্যেষ্ঠ রাজা নরেন্দ্রনারায়ণ ও তৎবংশধরগণের বিবরণ বিবৃত করা গেল। রাজা নরেন্দ্রনারায়ণের পাঁচ পুত্র। তন্মধ্যে রাজা ভুবনেন্দ্রনারায়ণের পুত্র রাজা জগন্নারায়ণের রাজত্বকালে রাজ্যমধ্যে অনেক বিষয়ের উন্নতি সাধিত হইয়াছিল। ইঁহার রাজত্বকালে ইনি বিপুল জমীদারি ক্রয় করেন, এবং ইঁহার ক্রীত জমীদারিসমূহমধ্যে ময়মনসিংহ জিলান্তর্গত পুখরিয়া পরগণা এবং রাজসাহী জিলান্তর্ব্বর্ত্তী কাজীহাটা পরগণার আয়তন ও আয় সর্ব্বাপেক্ষা অধিক, এতদ্ব্যতীত নদিয়া জিলা এবং অন্যান্য দেশেও ইনি বহুপরিমাণ লাভজনক ভূসম্পত্তি ক্রয় করিয়া গিয়াছেন। ইনি অনেক দেবালয় ও দেবমন্দির প্রতিষ্ঠা করিয়া স্বীয় নাম বঙ্গভূমিতে চিরাঙ্কিত করিয়া গিয়াছেন।

রাজা জগন্নারায়ণের পত্নী রাণী ভুবনময়ী দেবী কাশীক্ষেত্রে দশাশ্বমেধ ঘাট

গঙ্গার তলদেশ হইতে প্রস্তরময় সোপান দ্বারা উত্তমরূপে নির্ম্মাণ করতঃ তদুপরি এক সুরম্য শিবমন্দির প্রতিষ্ঠা ও তন্মধ্যে শিবলিঙ্গ সংস্থাপন করিয়া গিয়াছেন। পুণ্যধাম বারাণসীর বাঙ্গালীটোলায় এক বৃহৎ অট্টালিকা প্রস্তুত করতঃ তন্মধ্যে শিবপ্রতিষ্ঠা এবং তথায় এক অন্নছত্র সংস্থাপন করিয়া গিয়াছেন। ঐ অন্নছত্রে বঙ্গদেশীয় অনাথ তীর্থবাসী ব্রাহ্মণগণ দৈনিক আহার্য্য প্রাপ্ত হইতেছেন; এবং অন্যান্য অনাথ, দরিদ্র ও ইতর সাধারণগণও তথায় প্রতিপালিত হইতেছে। তত্রত্য দুর্গাকুণ্ডের সন্নিহিত অট্টালিকাসংযুক্ত এক বিস্তীর্ণ উদ্যান ক্রয় করিয়া রাখিয়াছেন। বর্ত্তমান সময়ে ঐ উদ্যানবাটী পুঁটীয়ার বাগান নামে প্রসিদ্ধ। ১৮০৯ খ্রীঃ ব্রিটীশ গবর্ণমেণ্ট নিয়ম করিয়া দিয়াছেন যে রাজা জগন্নারায়ণের পুত্র পৌত্রাদি পুরুষানুক্রমে রাজাবাহাদুর উপাধি ভোগ করিবেন। ১৮১৬ খ্রীঃ রাজা জগন্নারায়ণ রায় বাহাদুর মানবলীলা সম্বরণ করেন। ইঁহার প্রিয়তম পুত্র বিশ্বেন্দ্রনারায়ণ লোকান্তরিত হইলে রাণী ভুবনময়ী দেবী তদীয় স্বামী প্রদত্ত দত্তক গ্রহণানুমত্যনুসারে কুমার হরেন্দ্রনারায়ণকে দত্তক গ্রহণ করেন। হরেন্দ্রনারায়ণ অল্পকাল রাজত্ব করিয়া লোকান্তরিত হইলে তৎপুত্র রাজা যোগীন্দ্রনারায়ণ রাজ্যাধিকার লাভ করেন। রাজা যোগীন্দ্রনারায়ণ তৎকালে অপ্রাপ্ত বয়স্ক থাকায় রাজ্যের শাসন সংরক্ষণের ভার ব্রিটীশ গবর্ণমেণ্টের হস্তে ন্যস্ত হইয়া শাসনপ্রণালীর সুবন্দোবস্ত হয় এবং বিদ্যাশিক্ষার্থ ইঁহাকে কলিকাতার ওয়ার্ডস্ ইনষ্টীটিউসনে প্রেরণ করা হয়। তথায় বিদ্যাশিক্ষার্থ বাল্যকাল অতিবাহিত করতঃ পূর্ণবয়স্ক হইয়া স্বয়ং রাজ্যভার স্বহস্তে গ্রহণ করেন; কিন্তু দুঃখের বিষয় ইনি অতি অল্পকাল রাজ্যভোগ করিয়াই মানবলীলা সম্বরণ করেন।

রাজা যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর লোকান্তরিত হইলে তৎপত্নী শ্রীমতী মহারাণী শরৎসুন্দরী দেবী রাজ্যাধিকার লাভ করিলেন। ইনিও তৎকালে অল্পবয়স্কা ছিলেন। দৈবের প্রতিকূলে বিধির বিপাকে এই পূণ্যশীলা ও প্রাতঃস্মরণীয়া রমণীকে অকালে জীবনের প্রথমভাগেই নিদারুণ বৈধব্য দশায় নিপতিত হইতে হইল। ইনি স্বীয় মহামূল্যবান জীবনকে তুচ্ছ ও অকিঞ্চিৎকর জ্ঞানে নিয়ত ধর্ম্মকার্য্যে, দেবসেবায় এবং তীর্থপর্য্যটনে সময়াতিবাহিত করিতে কৃতসঙ্কল্প হইলেন। গয়া, কাশী, প্রয়াগ এবং শ্রীবৃন্দাবন প্রভৃতি তীর্থ পর্য্যটন করতঃ বারাণসীতে প্রত্যাবর্ত্তন কালে ইঁহার জনক তথায় মানবলীলা সম্বরণ করিলেন।

রাণী শরৎসুন্দরী বারাণসীতে মহাসমারোহে পিতৃশ্রাদ্ধাদিক্রিয়া সমাপনান্তে পুঁটীয়াতে প্রত্যাবর্ত্তন করতঃ রাজ্যভার স্বহস্তে গ্রহণ করেন। অন্যান্য অপরিণামদর্শী ও প্রজাপীড়ক ভূম্যধিকারিগণের ন্যায় ইঁহার হৃদয় ও অন্তঃকরণ পাষাণনির্ম্মিত নহে। ইনি অপত্যস্নেহে প্রজাবৃন্দের দুঃখমোচন ও সুখবৃদ্ধি করিয়া থাকেন। ইঁহার দানশীলতা ও পরোপকারিতা জগদ্বিখ্যাত। অনেকানেক স্থানে দরিদ্রবৃন্দের চিকিৎসার্থ দাতব্য ঔষধালয় এবং দুর্ভিক্ষপ্রপীড়িতদেশে বিপুল অর্থ প্রদান করতঃ লোকের অন্নকষ্ট নিবারণে নিয়তই যত্নবতী ছিলেন। ১৮৭৭ সালে দিল্লীর দরবারে ইনি মহারাণী উপাধি প্রাপ্ত হইয়াছিলেন।

মহারাণী শ্রীমতী শরৎসুন্দরী দেবী সমগ্র বঙ্গ সাম্রাজ্যের রমণীকুলের শিরোভূষণ। ইনি রাণী ভবানীর ন্যায় লোকমণ্ডলীর প্রাতঃস্মরণীয়া। ইনি বারেন্দ্রভূমির গৌরব ও অত্যুজ্জ্বল রত্নস্বরূপা। ইঁহার বিশুদ্ধ চরিত্র, পবিত্র দেবভাব, দানশীলতা ও সহানুভূতি জগজ্জনের অনুকরণীয়। ইনি প্রতিদিন শত শত অনাথা চিরদুঃখিনী বিধবাগণের ভরণপোষণ করেন। রোগ ও জরাগ্রস্তা মুমূর্ষা দুঃখিনীগণের মৃত্যুশয্যাপার্শ্বে উপবিষ্টা হইয়া স্বয়ং তাহাদিগের সেবা ও শুশ্রূষা করিয়া থাকেন। নারীচরিত্র কতদূর উৎকৃষ্টতা লাভ করিতে পারে, মানবীয় প্রবৃত্তিনিচয় ধর্ম্মচর্চ্চার মহীয়সী শক্তিতে কতদূর পর্য্যন্ত নিস্তেজ হইতে পারে, ইনি তাহার জীবিত দৃষ্টান্তস্থল। অতুল ঐশ্বর্য্যের অধিকারিণী হইয়াও আহার, বিহার এবং ভোগবিলাসাদিকে পদতলে দলিত করতঃ বিশুদ্ধ ধর্ম্মের জন্য, পরোপকারের জন্য, আপনার জীবনকে উৎসর্গ করিয়াছেন। এই বিংশ শতাব্দির প্রারম্ভে পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার প্রভাবে বঙ্গীয় ললনাগণ পোষাকপরিচ্ছদ এবং ভোগবিলাসে অনুক্ষণ নিরতা রহিয়াছেন; কিন্তু পবিত্রচরিত্রা মহারাণী শরৎসুন্দরী দেবী পূর্ণযৌবনা ও অতুল ঐশ্বর্য্যের অধিকারিণী হইয়াও প্রাচীনা ভারত মহিলাগণের গৌরবের স্থল। ইনি সতীত্ব, ধর্ম্মনিষ্ঠা, ত্যাগস্বীকার ও বিষয়বাসনা পরিত্যাগ প্রভৃতি সদ্‌গুণের মহদাদর্শ প্রদর্শন করিতেছেন। কি ইংরেজ, কি বঙ্গবাসী, কি হিন্দুস্থানী সকলেই এক-বাক্যে, এক হৃদয়ে ইঁহার যশ কীর্ত্তন করিতেছেন।

মহারাণী শরৎসুন্দরী দেবী জ্যোতীন্দ্রনারায়ণ রায়কে দত্তক গ্রহণ করেন এবং ইঁহাকে বিদ্যাশিক্ষা করাইয়াছিলেন। ঢাকা জিলান্তর্গত ধল্লাগ্রামের ভুবনমোহন

রায়ের দুহিতার সহিত ইঁহার বিবাহ দেন, এবং ১৮৮৩ খ্রীঃ দত্তকের হস্তে রাজ্যভার অর্পণ করিয়া চিরন্তন তীর্থবাস অভিলাষে মহাতীর্থ বারাণসী নগরীতে গমন করিয়াছেন। কিন্তু দুঃখের বিষয় ঐ সনের ফাল্গুনমাসে জ্যোতীন্দ্রনারায়ণ রায় মানবলীলা সম্বরণ করেন; তৎকালে ইঁহার পত্নী অন্তঃস্বত্বা ছিলেন। ১২৯১ সালের জ্যৈষ্ঠমাসে তাঁহার গর্ব্ভে একটী কন্যা জন্মগ্রহণ করিয়াছেন।

রাজা অনুপনারায়ণের দ্বিতীয় পুত্র মোদনারায়ণ অর্দ্ধ আনা অংশের জমীদারী জ্যেষ্ঠ সহোদরকে প্রদান করতঃ নিজাংশের সাড়ে তিন আনা মাত্র রাখেন। রাজা মোদনারায়ণ রায়ের লোকান্তরে তদীয় তিন পুত্র মধ্যে ইঁহার রাজ্যাংশ বিভক্ত হয় যথা :—১ লক্ষ্মীনারায়ণ (বড় তরফ); ২ মহীন্দ্রনারায়ণ (মধ্যম তরফ); ৩ রবীন্দ্রনারায়ণ (ছোট তরফ)। লক্ষ্মীনারায়ণের লোকান্তরে তৎপত্নী গোলোকেন্দ্রনারায়ণকে দত্তক গ্রহণ করেন। গোলোকেন্দ্রনারায়ণের লোকান্তরে তৎপত্নী রাণী কৃষ্ণমতী দেবী ব্রজেন্দ্রনারায়ণকে দত্তক গ্রহণ করেন। রাজা ব্রজেন্দ্রনারায়ণ রায়ের লোকান্তরিত হইলে তৎপুত্র গোপালেন্দ্রনারায়ণ রায় পিতৃসম্পত্তির অধিকার লাভ করিলেন, কিন্তু ইনি বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্য্যন্ত কোর্ট অব্ ওয়ার্ডের অধীন ইঁহার যাবতীয় বিষয়ের শাসন সংরক্ষণ হয়। ইনি পাবনা জিলান্তর্গত ভবানীপুরনিবাসী হরিনাথ চক্রবর্ত্তীর দুহিতার পাণিগ্রহণ করিয়াছেন।

মোদনারায়ণের দ্বিতীয় পুত্র মহীন্দ্রনারায়ণ (মধ্যম তরফ)। ইঁহার লোকান্তরে গজেন্দ্রনারায়ণ এই অংশের অধিকার লাভ করিলেন। গজেন্দ্রনারায়ণের লোকান্তরে তাঁহার প্র-দৌহিত্র রামেন্দ্রনারায়ণ সান্যাল ইঁহার উত্তরাধিকারিত্ব লাভ করিয়াছেন।

মোদনারায়ণের তৃতীয় পুত্র রবীন্দ্রনারায়ণ রায় ছোট তরফ নামে প্রসিদ্ধ। রবীন্দ্রনারায়ণের কোন সন্তানসন্ততি না হওয়ায় তদংশ তদীয় পিতৃব্যভ্রাতা রাজেন্দ্রনারায়ণকে প্রদান করেন।

রাজা অনুপনারায়ণের তৃতীয় পুত্র রূপেন্দ্রনারায়ণ অন্যান্য ভ্রাতৃবর্গের ন্যায় সাড়ে তিন আনা রাজ্যাংশের অধিকার লাভ করিলেন। রূপেন্দ্রনারায়ণের লোকান্তরে তৎপুত্র রাজেন্দ্রনারায়ণ রাজ্যাংশের অধিকার লাভ করিলেন। ইঁহার শাসনকালে রাজ্যের বিলক্ষণ উন্নতি সাধিত হয়। উন্নতির প্রধান কারণ

এই যে ইঁহার নিজাংশ ৵১০ এবং জ্যেষ্ঠতাতভ্রাতা রবীন্দ্রের প্রদত্ত ∕৩৷০ অংশ, সমষ্টি চারি আনা সোওয়া তের গণ্ডার রাজ্যাংশ লাভ করেন। রাজেন্দ্রনারায়ণ রায় বিপুল অর্থ সঞ্চিত রাখিয়া লোকান্তরিত হইলে তৎপত্নী রাণী সূর্য্যমণি দেবী রাজ্যাধিকারিণী হন এবং ভূপেন্দ্রনারায়ণ রায়কে দত্তক গ্রহণ করেন। ভূপেন্দ্রনারায়ণ রায়ের লোকান্তরে তৎপুত্র পরেশনারায়ণ রায় রাজ্যাধিকার লাভ করিলেন। পরেশনারায়ণের লোকান্তরে তৎপত্নী শ্রীমতী রাণী মন্মোহিনী দেবী রাজ্যাধিকার লাভ করিয়াছেন। রাণী মন্মোহিনী দেবী বদান্যতা, দানশীলতা এবং পরোপকারিতার জন্য বঙ্গবিখ্যাতা। ইনি পুঁটীয়াতে উচ্চশ্রেণীর ইংরেজীবিদ্যালয়, বোয়ালীয়ায় এক বঙ্গবিদ্যালয়, কাপাসীয়া এবং আড়ানীতে অন্যতর দুইটী বঙ্গবিদ্যালয় প্রতিষ্ঠা করিয়াছেন। রাজসাহী কলেজে "ল" ক্লাসের ব্যয় নির্ব্বাহার্থ গবর্ণমেণ্টকে ২০,০০০ টাকা প্রদান করিয়া ইঁহার নাম চিরস্মরণীয় করিয়াছেন। রাণী মন্মোহিনী দেবী কুমার সুরেশনারায়ণ রায়কে দত্তক গ্রহণ করিয়াছেন।

অনুপনারায়ণের চতুর্থ পুত্র রাজা প্রাণনারায়ণ। ইনিও অন্য ভ্রাতৃদ্বয়ের ন্যায় ৴১০ অংশ সর্ব্বাগ্রজকে প্রদান করিয়া নিজাংশে ৵১০ সাড়ে তিন আনা মাত্র রাখিয়াছিলেন। ইনিও সাড়ে তিন আনার রাজা নামে প্রসিদ্ধ ছিলেন। প্রাণনারায়ণের লোকান্তরে তদীয় পুত্র আনন্দনারায়ণ রাজ্যাধিকার লাভ করিলেন। রাজা আনন্দনারায়ণের লোকান্তরে তদংশ তদীয় পুত্র চতুষ্টয়ের মধ্যে বিভক্ত হইয়াছে। যথা :—১ম মহেশনারায়ণ ৴১৭॥ গং অধিকারী (বড় তরফ)। ইনি নিঃসন্তানাবস্থায় মানবলীলা সম্বরণ করেন। পরে এই অংশ নিলামে বিক্রয় হইয়া গিয়াছে। ২য় গিরীশনারয়ায়ণ (মধ্যম তরফ) ৴১৭॥ গণ্ডার অংশ লাভ করেন। গিরীশনারায়ণের অভাবে তৎপুত্র রমেশনারায়ণ রায় পিতৃসম্পত্তির অধিকার লাভ করেন। রমেশনারায়ণের লোকান্তরে তৎপুত্র বৈকুণ্ঠনারায়ণ পিতৃসম্পত্তির অংশ লাভ করেন। বৈকুণ্ঠনারায়ণের পুত্র হেমেন্দ্রনারায়ণ রায়। ৩য়, ঈশ্বরনারায়ণ রায় (নোয়া তরফ) ৴১৭॥ গণ্ডার রাজ্যাংশ লাভ করেন। ইহার তিন পুত্র যথা:—রাজা নীমনারায়ণ, যজ্ঞেশনারায়ণ, এবং তারকনারায়ণ। ৪র্থ ঈশাননারায়ন রায় (ছোট তরফ) ৴১৭॥ গণ্ডার রাজ্যাংশ লাভ করেন। ঈশাননারায়ণের পুত্র কেদারনারায়ণ। কেদার নারায়ণের মৃত্যুর পর

তদীয় পত্নী রাণী স্বর্ণময়ী দেবী রাজ্যাংশের অধিকার লাভ করেন এবং কুমার সতীশনারায়ণ রায়কে দত্তক গ্রহণ করিয়াছেন।

মুক্তাগাছার আচার্য্য-পরিবার।

মুক্তাগাছার সুবিখ্যাত আচার্য্য-পরিবারের অধুনাতন বাসস্থান জেলা ময়মনসিংহের অন্তর্গত মুক্তাগাছা নগর। ইঁহাদিগের আদিবাস জেলা বগুড়ার অন্তর্গত চাম্পাপুর গ্রামে ছিল। ইঁহারা বারেন্দ্রশ্রেণী ব্রাহ্মণ ও নিরাবিল পঠির শ্রোত্রীয়। জগৎপ্রসিদ্ধ সুপণ্ডিত ও কুলশাস্ত্রবিশারদ উদয়নাচার্য্য ভাদুড়ি ইঁহাদের আদিপুরুষ। ইঁহারা আলাপসিংহ পরগণার জমিদার বলিয়াই ইদানীং বঙ্গদেশে জানিত। ইঁহাদিগের পূর্ব্বপুরুষ শ্রীকৃষ্ণ আচার্য্য মুরশিদাবাদের নবাবসরকারে কোন একটী সম্ভ্রান্তপদে নিযুক্ত ছিলেন। তাঁহার কর্ত্তব্যপরায়ণতায় তদানীন্তন নবাব বাহাদুর সন্তুষ্ট হইয়া তাঁহাকে আলাপসিংহ পরগণার জমিদারী পারিতোষিকস্বরূপ প্রদান করিয়াছিলেন। শ্রীকৃষ্ণের চারি পুত্র রামরাম, হরিরাম, বিষ্ণুরাম ও শিবরাম। শ্রীকৃষ্ণের পরলোকগমনের পর ইঁহারা পূর্ব্ব বসতি স্থান চাম্পাপুর পরিত্যাগ করতঃ ময়মনসিংহ জেলার অধীন মুক্তাগাছা গ্রামে বসতি করেন। শ্রীকৃষ্ণের চারি পুত্র হইতে আচার্য্য পরিবারের চারি শরিকের উৎপত্তি। রাজা সূর্য্যকান্ত শিবরামের অধস্তন সন্তান। শিবরামের পুত্র রঘুনন্দন। রঘুনন্দনের পুত্র গৌরীকান্ত। গৌরীকান্তের পুত্র কাশীকান্ত, কাশীকান্তের পোষ্যপুত্র রাজা সূর্য্যকান্ত আচার্য্য বাহাদুর। রাজা সূর্য্যকান্ত আচার্য্যের পিতামহী বিমলা দেবী অত্যন্ত পুণ্যবতী রমণী ছিলেন। ইঁহার নাম অদ্যাপি পুণ্যতীর্থ বারাণসীতে জানিত আছে।

রাজা সূর্য্যকান্ত ১৮৭৭ সনের জানুয়ারি মাসে দিল্লীর দরবারে প্রথমে রায়-বাহাদুর উপাধি প্রাপ্ত হন। পরে ১৮৮০ সনের ফেব্রুয়ারি মাসে বঙ্গদেশের তদানীন্তন লেফ্‌টেনেণ্ট গবর্ণর সার আস্‌লি ইডেন সাহেবের প্রস্তাবানুসারে গবর্ণরজেনেরল বাহাদুর কর্ত্তৃক রাজা উপাধি লাভ করেন। রাজা সূর্য্যকান্তের জমিদারি ময়মনসিংহ, ঢাকা, বগুড়া, মালদহ, মুরশিদাবাদ এবং পাটনা জেলায় সংস্থিত।

জেলা ফরিদপুরের অন্তর্গত বালীয়াকান্দি গ্রামের চৌধুরী-পরিবার।

ঠাকুর কুশলীর তিন পুত্র। ঠাকুর কালিদাস, চণ্ডীদাস ও নরোত্তম। ইহাঁদের বংশাবলী যথাস্থানে প্রকাশিত হইয়াছে। ঠাকুর কালিদাসের সন্তান সন্ততিগণ খেতুপাড়া, বাগ ও কাশীনাথপুরে বাস করেন। ইঁহাদের মধ্যে বসন্ত রায় * বিশেষ খ্যাত ছিলেন। বসন্ত রায়ের পুত্র রাজীব রায়। রাজীব রায়ের পুত্র রঘুনাথ রায়। রঘুনাথ রায় তিন বিবাহ করেন। তিনি মুরশিদাবাদের নবাব সরকারে কোন এক সম্ভ্রান্ত পদে নিযুক্ত ছিলেন। তাঁহার পূর্ব্ব পত্নীর সন্তানগণ পরস্পর বিবাদ আরম্ভ করিয়া পৃথকান্ন হওয়ার অভিলাষী হইলে তিনি অত্যন্ত বিরক্ত হইয়া পৈতৃক ও তৎসময় পর্য্যন্ত স্বোপার্জ্জিত সমুদয় সম্পত্তি সন্তানগণকে দিয়া বৃদ্ধা মাতা ও তৃতীয় পক্ষের স্ত্রী লইয়া বাগের অধিবাস পরিত্যাগ করতঃ বালীয়াকান্দির অর্দ্ধ ক্রোশ পশ্চিম জঙ্গলগ্রামে বসতি করিলেন। ইনি এই স্থানে ক্রমে ১৫৬টী মৌজায় আপন অধিকার বিস্তার করিয়াছিলেন। জঙ্গলগ্রামে কৃষ্ণ মণ্ডল † নামক একজন চণ্ডাল প্রজা ছিল। সে তাঁহার একান্ত অনুগত হইয়াছিল। কৃষ্ণ মণ্ডল তাঁহার সৈন্যাধ্যক্ষের কার্য্য করিত। তাহার অধীনে অনেক চণ্ডাল লাঠীয়াল ছিল। তাহাদের দ্বারাই তাঁহার অধিকার বিস্তারের কার্য্য সম্পন্ন হইত। জঙ্গলগ্রামের চণ্ডালেরা এ পর্য্যন্তও অত্যন্ত সাহসী ও বলবীর্য্যশালী। ১২৬৬ সালের চৈত্র মাসে (১৮৫৯ খৃঃ অব্দে) তাহারা যে ভয়ানক পরাক্রমের পরিচয় প্রদান করিয়াছিল, তাহা বোধ হয় এখনও অনেকের স্মৃতিপটে অঙ্কিত রহিয়াছে। নিশ্চিন্তপুরের কুঠির নীলকর দোরাণ সাহেব জঙ্গলগ্রামের প্রজাগণের জমিতে বলপূর্ব্বক নীল বুনান করার উদ্যোগ করেন। প্রজারা কোন ক্রমেই তাহা করিতে দেয় নাই। পরে জমাইতবস্ত ধৃতকরণার্থ কুমারখালীর তদানীন্তন মাজিষ্ট্রেট লিংঘাম সাহেবের নিকট দোরাণ সাহেব দরখাস্ত করায় ম্যাজিষ্ট্রেট স্বয়ং দলবল ও নীলকরের লোকজন লইয়া জঙ্গলগ্রামে উপস্থিত হন। সাহেবের সমক্ষেই নীলকরের লোকেরা প্রজাগণের সর্ব্বস্ব লুণ্ঠন করিতে আরম্ভ করে। জঙ্গলগ্রামে ১০০০।১২০০ শত বীরপ্রকৃতি চণ্ডালের বাস।

---

* গঙ্গাপথের গঙ্গাধর, কৈতের বেণী ; ছাতকের বসন্ত রায়, পঁউলির ভবানী।

† চারিদিকে চারি বিল মধ্যে জঙ্গল,
জমিদার রঘু নাথ কৃষ্ণাই মণ্ডল।

তাহারা ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইয়া বলে যে, তিনিই তাহাদিগের রক্ষক; কিন্তু তাঁহার সমক্ষেই নীলকরের লোকে তাহাদের গৃহাদি লুণ্ঠন করিতেছে, অতএব তাঁহাকে অতঃপর তাহারা আর ম্যাজিষ্ট্রেট বলিয়া গ্রাহ্য করিতে পারে না। এই বলিয়া ম্যাজিষ্ট্রেটকে বিশেষ রূপ প্রহার করে ও উভয় দলের মধ্যে তুমুল সংগ্রাম হয়। এই সংগ্রামে জঙ্গলগ্রামের ১৪ জন লোকের মৃত্যু হয়। সাহেবের পক্ষের তিন জন হত হইয়াছিল। বালীয়াকান্দির চৌধুরী বংশের গোপীমোহন চৌধুরী ও অন্যান্য এই মোকদ্দমায় দ্বীপান্তরিত হইয়াছিলেন। আমরা জঙ্গলগ্রামের কৃষ্ণ মণ্ডলের বংশের শৌর্য্যবীর্য্যের আলোচনা করিতে করিতে অনেক দূর আসিয়া পড়িয়াছি। কৃষ্ণ মণ্ডলের প্রভু রঘুনাথ রায় চৌধুরী জঙ্গলগ্রামের জলাকীর্ণতা ও অন্যান্য অসুবিধা দেখিয়া কিছুদিন পরে চন্দনা নদীর তীরবর্ত্তী বালীয়াকান্দি গ্রামে আবাসবাটী নির্ম্মাণ করেন।

রঘুনাথ চৌধুরীর পুত্র রামগোপাল, মদনমোহন। রামগোপালের পুত্র পরশুরাম চৌং। মদনমোহন পুং রামচরণ চৌং। পরশুরামের পুত্র কাশীশ্বর চৌং। রামচরণের পুত্র পঞ্চানন। কাশীশ্বর পুত্র মৃত্যুঞ্জয়। পঞ্চাননের পুত্র শম্ভুপ্রসাদ, শিবপ্রসাদ, রামপ্রসাদ, চণ্ডীপ্রসাদ ও হরিপ্রসাদ। মৃত্যুঞ্জয়ের পুত্র রামজয়, শম্ভুরাম ও বিষ্ণুরাম। শম্ভুপ্রসাদের পুত্র কালীশঙ্কর। রামজয়ের পুত্র প্রাণনাথ চৌং। কালীশঙ্করের পুত্র মাধব ও অভয়চরণ চৌং। প্রাণনাথের পুত্র চন্দ্রনাথ চৌং। অভয়চরণের পুত্র বামনদাস ও বিপ্রদাস চৌধুরী। চন্দ্রনাথের পুত্র তারকনাথ, যোগীন্দ্রনারায়ণ ও গিরীন্দ্রনারায়ণ চৌধুরী। বসত বালীয়াকান্দি।